উদাসিনী রাজকন্য।



মিলনান্ত নবন্যাদ।

"কুসুমমিব পিনদ্ধং পাঞ্পতোদরে**।**"



সারস্বত যন্ত্র।

কলিকাতা, সাতুরিয়াঘাটা ব্রজন্পলালের খ্রীট ৩ নং।
'পূর্ণ-শশী' মাসিক পত্রিকা হইতে পুন্যুদ্ভি।
সন ১২৮১ সাল।

श्व भनी।

প্রথম পরিচ্ছেদ।

বাগ্দান।

"অর্থোহি কন্যা পরকীয় এব তামদ্য সংপ্রেষ্য পরিগ্রহীতুঃ। জাতোহিস্মি সদ্যোবিষদান্তরাত্মা চিরস্থা নিক্ষেপমিবার্পয়িত্বা॥"

কালিদাস।

বাঙ্গালা ২০৮৭ সালের জৈয়ন্ত মাসের শেষে এক জন যুবা হিন্দুস্থানী একাকী বিষয়বদনে অশ্বারোহণে দাক্ষিণাত্যের আরন্য পথে
গমন করিতেছেন। তাঁহার পরিছেদ বস্তুগুলি স্থানে স্থানে বিশ্লিষ্ট,
স্তরে স্তরে আর্ক্র। অশ্বটীও অভিশয় পরিশ্রান্ত, সিক্ত-কলেবর।
সময় নিশা, কিন্তু অধিক রাত্রি হয় নাই, চারি ছয় দণ্ড মাত্র।—
প্রকৃতি প্রশান্ত,—পশুপক্ষী নিঃশন্ত,—রক্ষপত্র সঞ্চালনের শন্তমাত্রও নাই,—তলভূমি বারিসিক্ত,—স্থানে স্থানে কর্দম,—স্থানে
স্থানে প্রগীকৃত ভগ্নতক্র পথ অবরোধ করিয়া আছে, কোন কোন
স্থানে মৃত পশুপক্ষী ভূলুকিত। অশ্বারোহী অন্ধকারে পথ দেখিতে
পাইতেছেন না,—এক একবার ভগ্ন তক্রস্কন্ধে অশ্বসহ আহত হইয়া
পশ্চাক্ষামী হইতেছেন, গাত্রাবরণ ছিন্ন ভিন্ন হইতেছে, কপোলে,
লালাটে রক্ত পড়িতেছে;—ভগ্ন রক্ষশাথে পাদস্থলন হইয়া এক

একবার তুরক্ষের গতিরোধ স্টতিছে, —পথিকের তৎকালীন ক্লেশের বর্ণনা হয় না। স্থানিস্তর পূর্বের ঝড় স্ট্রা গিয়াছে, সেই ঝটিকাবর্ত্ত-সহ মূষলধারে রটিও স্ট্রাছে, —ঝড়রটি বিগমে পৃথিবী শীতল, — নভোমগুল স্তন্তি, —ভীম তরঙ্গময় অতলস্পর্শ জলনিধিও প্রশাস্ত; —তরল মূল্ল পরন অতিশয় হিমস্পর্শ।

একটু পূর্বে প্রন্দের করালবেশে যে পথ অতিক্রম করিয়া গিয়া-ছেন, সে পথ এখন নরলোকের পক্ষে নিতান্ত ছুর্গম; স্মৃত্রাং কালোচিত কর্ত্তব্যান্তরোধে সবাহন পরিক্রিট আরোহী পার্যবর্ত্তী বক্র পথ ধরিয়া গীরে ধীরে গমন করিতে লাগিলেন। উর্দ্ধ দুটে চাহিয়া দেখিলেন, আকাশ নির্মল; — ধুসর মেঘ ছিন্নভিন্ন হইয়া ইতস্তত সঞ্চালিত ইইতেছিল,—সে ভাব আর নাই,—নীলবর্ণ নির্মল।— নির্মাল আকাশে নক্ষত্রমালা উদিত হইয়াছে, নিবিড় অন্ধকারে আকাশ পরিস্কার থাকিলে অপেকাকত অপে অপে আলোহয় ! অশ্বাহন সেই স্থিমিত আলোকের সাহায্যে ধীরে ধীরে যাইতে-ছেন,—কোথায় যাইতেছেন, তাছা জানেন না। চারি দিকে অরণ্য;— নিবিড অর্ণা;—তাছাতে মধ্যে মধ্যে রহুৎ রহুৎ রক্ষ পতিত,— দিগনির্থই হইয়া উচিতেছে না। কাষ্ঠচ্ছেদক ও ব্যাধেরা গতিবিধি করাতে মাঝে মাঝে যে অপ্রশস্ত পথ পড়িয়াছে, তাহাও দে রাজে কতক কতক সমাজ্য। পথভান্ত পাত্ত বহু ক্লেশে কত বেড়, কত পাঁচ অতিক্রম করিলেন,—কাননের সীমা প্রায় শেষ হইল, সাহসে তর করিয়া অগ্রবর্তী হইতে লাগিলেন,—কিন্তু লোকালয় দেখিতে পাইলেন না ৷—হতাশ হইলেন ৷—মহা বিপদেও আশা পথ দেখা-ইয়া দেয়,—মহা সংশয়াকুল সম্ভাতিত আশা আশাস দেয়, যুবা, পথিক সেই আশার আশাদে অগ্রসর হইতে কান্ত হইলেন না,

চন্দ্র উদয় হইল।—চন্দ্রের সঙ্গে সঙ্গেই অশ্বারোহীর সাহসের উদয় হইল;—মনে মনে যত আত্তম আর আশস্কা উপস্থিত হইতেছিল, তত আর নাই। রাত্রি এক প্রহর অতীত।

কিয়দূর গমন করিলে সম্মুখে একটী পর্বাত দৃষ্ট হইল, যুবা সেই শৈলাভিমুখে অশ্বচালন করিয়া গুহাত্যস্তরে একটী আলোক দেখিতে পাইলেন। লোকাশ্রম স্থির করিয়া আনন্দ জনিল। অশ্ব হইতে অবতরণ করিয়া নিকটবর্তী হইলেন। গুহাপ্রমের দারদেশ উপত্তিত হইয়া কাত্রস্বরে কহিলেন,—

" অতিথি।—মহা সঙ্কট।—জীবন বিপন্ন।—এই রাত্রের জনা আপ্রাপ্রয় ভিক্ষা।"

"কল্যাণং কল্যাণং! ভয় নাই, ভয় নাই! অভিথির নিমিত্ত আমার এই ক্ষুদ্র আশ্রম সর্বাদাই অবারিত। অভিথির আগমনে আমি কৃতার্থ হইলাম।"

সংগ্রেমস্থরে এই কথা কহিতে কহিতে একজন তপস্থী গুছাদারে দর্শন দিলেন।—তাঁহার বর্ণ মধ্যাহ্নকালীন চম্পক পৃস্পাসদৃশ, মস্তকে জটা, লখিত আবক্ষ শ্বেত শাঞ্জ,—চক্ষু প্রশস্ত, রক্তবর্ণ উজ্জ্ল,—
ক্র্যুগল ধবল,—কর্ণবিবর ধবল লোমে আরত, স্থুল বক্ষে ধবল লোমাবলী,—পরিধান ধবল বসন, স্বংস্কা ধবল যজ্ঞোপনীত্মহ ধ্বল উত্তরীয় । দর্শন মাতেই সমস্ত শুভ্র শোভায়ামন আকৃষ্ট হয়, ভক্তিরসের উদয় হয় । আকৃতি-দর্পণে যেন মানসিক শুভ্রার প্রতি-বিশ্ব থক্ করিতেছে । বয়ঃক্রম অনুসান ষ্টি বংসর ।

যুবা প্রণাম করিলেন, তাপস আশীর্কাদ করিলেন।

" গুছা মধ্যে আইস।"—আতিথেয়ের এই আহ্বান বাক্যে অতিথি প্লকিত হৃদয়ে অশ্চী নিকটস্থ এক ফ্রন্মে বন্ধন করিলেন,

ঘোটক সেই তরুসুলজাত তৃণাঙ্কুর ভক্ষণ করিতে লাগিল, তিনি গুহাভান্তরে প্রথিষ্ট হইলে, যোগীবর একখানি আসন দেখাইয়া দিলেন, পথিক উপবিষ্ট হইয়া প্রান্তি দূর করিতে লাগিলেন। এই সময় তাঁহার মনে ভাবান্তর উদয় হইল।—কেন হইল, তিনিই বলিতে পারেন। তপন্থী তাঁহাকে কিছু অন্যমনক্ষ দর্শন করিলেন, কিন্তু অতিথি সৎকারের অগ্রে কোন বিষয়ের কারণ জিজ্ঞান্ত হওয়া আতিথা ধর্মের বিরোধী, এই নিমিত্ত কিছু জিজ্ঞাসা করিলেন না। আপ্রমলব্দ, তৎকালন্ত্লত যথাভোজ্য সংগ্রহ করিয়া উপযোগ করিতে দিলেন, পথিক আহার করিয়া স্মন্ত হইলেন। গৃহে যে প্রদীপ জ্বলিতেছিল, তাহার প্রতি নেত্রপাত করিয়া একটী দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিলেন।

অতিথির সেবা হইয়াছে, ব্রহ্মচারী তৃপ্তিলাভ করিয়াছেন, মনোভাব প্রকাশ করিবার এই উপযুক্ত অবসর।——অবসর বুঝিয়া তাপসবর অতিথিরে সম্বোধন করিয়া কহিলেন, "বৎস !"— সম্বোধন সময়েই সম্বোধিতের বিমর্ষ বদনে ভাঁহার প্রশস্ত, স্থবিস্তার জ্যোতির্ময় নয়ন নিক্ষিপ্ত হইল; তিনি শিহরিলেন। সবিস্ময়ে ক্ষণকাল নিস্তর থাকিয়া সবিস্ময়ে জিজ্ঞাসা করিলেন, "যুবরাজ! তুমি এ অবস্থায় এ বিজ্ঞান প্রদেশে একাকী ভ্রমণ করিতেছ কেন ?"

রাজপুত্র শিহরিয়া উঠিলেন;—সম্বোধন প্রবণ করিয়া তপস্বীর মুখপানে বিক্ষারিত কৌতুহলী নয়ন প্রক্ষেপ করিয়া সভয়ে জিজ্ঞানা করিলেন,

"মহাভাগ! আপনি কে?"

" আমি যে হই, পরে জানিবে। এখন যাহা জিজ্ঞাসা করিলাম, তাহার উত্তর কর। তুমি এই রাজে এ বেশে এ প্রদেশে একাকী কেন?" অস্তভাবে ক্রস্তব্যে তপস্বীর এই সংক্ষিপ্ত উত্তর। এই দূরবর্তী রাজ্যের গিরিগুহাবাসী সন্ন্যাসী আমারে কিরুপে চিনিলেন, কিরুপে পরিচয় জাত হইয়া আমারে যুবরাজ শব্দে সম্বোধন করিলেন, আমি রাজপুত্র, কিরুপে ইনি জানিলেন, কিছুই বুঝা যাইতেছে না। বোধ হয়, ইনি ত্রিকালজ্ঞ সিদ্ধপুরুষ হইবেন। যাহা হউক, যখন আমি অতিথি, আর ইনিও অকপট অতিথিনিষ্ঠ, তখন কখনই আমার নির্মদ্ধে সত্য তত্ত্ব অপ্রকাশ রাখিবেন না। পরিচয় দিব না, কিন্তু সত্যের অনুরোধে ঘটনাগুলি বিজ্ঞাপন করি। এই রূপ সংকম্প স্থান্তর করিয়া কহিলেন।

"মুনিসভম! আমি আপনারে চিনিতে পারিলাম না, ক্ষমা করিবেন। আপনি যোগবলে আমার পরিচয় প্রাপ্ত ইয়াছেন, আপনারে নমস্কার করি। সেতৃবন্ধ রামেশ্বর মহা তীর্থ, লোকমুথে আর শাস্ত্রপাঠে এইটা পরিজ্ঞাত হইয়া বসস্তকাল সমাগমের পূর্বেই আমি অন্তরবর্গ সমভিব্যাহারে সেই তীর্থ দর্শনাশয়ে যাতা করি। আপনার আপ্রমের অদ্রে উপস্থিত হয়া অদ্য মহা বিপদে পতিত হই। অকল্মাথ ঝড়রটি উপস্থিত হয়। আমার লোকজন সেই ছর্মোগে কে কোথায় গেল, কিছুই জানি না, আমি একাকী আর আমার ঐ অশ্ব বহু কট ভোগ করিয়া আপনার শরণাপন্ন হইয়াছি, আর আপনার অমায়িক মহাপুরুষ ভাব দর্শন করিয়া পরেম আপ্যায়িত হইয়াছি,—আপনার প্রিপাদপন্ধ এ জন্মে আর বিশ্বত হইব না। এখন অন্তর্গ্রহ বরিয়া বলুন, আপনি কে থিকান্ মহাযোগী বংশ আপনার উদ্ধেব সমলস্ক ও হইয়াছে?"

তপস্বী হাসামুখে কছিলেন, "রাজকুমার! আমি যোগীও নই, দৈবজ্ঞও নই, ভোমার পিতা মহারাজ আদিতা সিংছের চিরচিছিত কিন্তুর।" রাজপুত্র বিষয়াপের ছইলেন। দ্বির দৃষ্টিতে তপস্থার প্রভাগন মুখপানে চাছিয়া স্মরণ করিতে লাগিলেন, কখনও সে মূর্তি দশন করিয়াছেন কি না ? নির্নিষে নয়নে অনেকক্ষণ চাছিয়া রহিলেন, অনেক ভাবিলেন, মনে ছইল না চিনিতে পারিলেন না। কছিলেন, ''সভাব্রত! আপনি অসতা বাকো আমারে বঞ্চনা করিবেন এটা কপোনা করিলেও পাপ ছয়, আপনি তপস্থী, আপনারে নমস্কার, আপনি আমারে অপরাধী করিবেন না, মিনতি করি, অনুগ্রহ করিয়া বলুন, আপনি কে ? আর সভাই যদি আমার ভাগ্যবান পিতা আগনার ভুলা মহাপ্রক্ষের প্রসাদ লাভে গৌরবান্তিত ছিলেন, ভবে কি অপরাধে ভাঁছারে সে অনুগ্রহে বঞ্চিত করিয়া সংসারতাাগী উদাসীন ছইয়াছেন ? আর একটা নিবেদন, ক্ষমা করিবেন, আপনার নায় কি ? '

সন্ধানী ঈষৎ হাস্য করিলেন। তাঁহার সেই হাস্যে তিনটা ভাব প্রকাশ হইল। এক ভাবে কুমারের সরলতাপূর্ণ আগ্রহে পরিতৃষ্টি; এক ভাবে পূর্ম রন্তান্ত স্মৃতিপথারুড়; আর এক ভাবে বর্তমান সন্ধাস আশ্রমের কারণ চিন্তা।—হাস্য করিয়াই একটা পরি-ভাপধাহা দীঘ নিশাস পরিতাগে করিলেন। কহিলেন, "রাজপুত্র! আমার পরিচয় পাইয়া তুমি এখন স্থাই ইবে না, বরং তাহা বিপ-রীত ভাবের উত্তেজক হইবে। এখন আমি তোমাকে পরিচয় দিব না। কিন্তু তুমি নিশ্চয় জানিও, যাহা আমি বলিয়াছি, তাহা বাতীত আর কেহই আমি নই। যে গিরিগুহায় আমায় এখন দেখি-ভেছ, এখানে আমার নাম সদাশিব ব্রশ্বচারী।"

কুমার কিছু বুঝিতে পারিলেন না।—ক্ষুণ্ণ মনে সাত পাঁচ চিন্তা করিতে লাগিলেন। সেই চিন্তার অবসরে ব্রহ্মচারী জিজাসা করিলেন "রাজকুমার! ভোমার পূজাপাদ পিতার সমস্ত কুশল ত ?—— জন্মবাজো এখন ত কোনও উৎপাত নাই ?"

অনুকূল উত্তর দিয়া রাজপুত্র কহিলেন, "রাজো প্রতিগ্রনকরিয়া আপনার অনুগ্রহের কথা পিতাকে জানাইব, আপনি পরি-চয় দিলেন না, পিতা পরিচয় জিজাসা করিলে তখন আমি কি বলিব ? আর কি কথা বলিলেই বা আমার অন্তর্মদা কৃতজ্ঞতা সুস্পেট প্রকাশ হইবে ?"

"আমি সমং রাজধানীতে গিয়াই সকল কথা নিবেদন করিব। সেই সময় তুমিও আমার স্নেহের পরিচয় পাইবে।" এই পর্যান্ত বলিয়া উদাসীন যেন উদাসমনে কি পূর্ব্ব কথা স্মরণ করিলেন; কিছু-ফণ মৌন থাকিয়া সপরিতাপে জিজ্ঞাসা করিলেন, "রাজপ্ত ! বিজয়পর রাজ্যের কিছু সংবাদ রাখ?"

রাজপুত্র চম্কিয়া উঠিলেন। ক্ষণকাল তাঁছার বাক্যক্তু ছইল না। তাছার পর মৌন ভঙ্গ করিয়া ক্ষুক্চিত্তে কছিলেন, "পররাজ্য-লোল্প ধূর্ত্ত আরম্বন্ধীব সেই মিত্ররাজ্য গ্রাস করিয়াছে!"

ব্রক্ষারী শুনিয়া ললাটে হস্ত প্রদান করিলেন; অছি-গজ্জনের নায় একটী প্রবল স্থামি নিশাস তাঁছার নাসারক্ত ছইতে নির্গত ছইল। কপোল প্রাবিত করিয়া অপ্রদেশারা গড়াইল। নিশাসের সঙ্গে সঙ্গে স্তান্তিস্তর কহিলেন, "আছা! মহারাজ মহাসঙ্গটে পড়িয়া মহা ছংখেই প্রাণতাগি করিয়াছেন। এক সময়ে ছুই দিক দিয়া ছুই কাল ভূজফ তাঁরে বেন্টন করিয়া ব্যতিবাস্ত করিয়াছিল। এক দিকে আরম্ভ-জীব, অপর দিকে শিবজী। আছা! সময় যখন বিগুণ হয়, তখন ঘনিষ্ঠ আলীয়েরাও বিপক্ষতা করে! মহার। ইপতি শিবজী ছিল্ফ-জাতির পরম বন্ধু, ছিল্ফ্বৈরী আরক্ষ্ণীবের নির্যাহনার্থী, কিন্তু এমনি ছুর্ভাগ্য, বিজয়গুরের অদৃত্তে সেই মহামনা মহারাষ্ট্রীয় শিব-জীও বৈরী হইলেন।" বলিতে বলিতে অনর্পল অঞ্চধারা প্রবাহিত হুইতে লাগিল, খন ঘন দীঘ নিশ্বাস ভ্যাগ করিয়া উত্তরীয় বসনে নেত্র মার্জন করিলেন, কিন্দু আর কিছু বলিতে পারিলেন না, অতীত শোকরতান্ত স্মরণে আর বহুযত্ন-রক্ষিত বিজয়পুর রাজ্য যবন-রাহু-গ্রন্থ শ্রেবণে ভাঁহার স্নেহ্কাতর হৃদয় নিতান্ত শোকাকুল হুইয়া কণ্ঠ-রোধ করিল।

রাজকুমারের চক্ষেও জল আসিল, তিনি চঞ্চল উর্ন্ন্টিতে গুছাশিখরের ইতন্তত নিরীক্ষণ করিতে লাগিলেন, অন্তর্গন্ধকর দীর্ঘশাস চঞ্চল বায়ুসম প্রবাহিত হইতে লাগিল। রাজপুত্র কাঁদিলেন! এই বিভ্রম সময়ে সহসা দূতন ভাবের আবির্ভাব! অভাবনীয়, অদ্উপুর্ব্ব অপূর্ব্ব নবীন দৃশ্য! রাজকুমার যখন উর্ন্নয়নে এদিক ওদিক দেখিতেছিলেন, সেই অবসরে দৈবাৎ একটা পাশত গুছাবিবরে ভাঁছার চক্ষু পড়িল। দেখিলেন, শতদল পদ্মের নায় শোভাময় একথানি বদন! কমনীয় কামিনীর স্থকোমল বদন! সেই নিম্কলম্ব অমল বদনকমল ভিন্ন কমলান্ধীর আর কোনও অক্ষ আশুদর্শনকারীর দর্শনপথের অভিথি হইল না।—সেই নির্মল কমলে উজ্জ্বল, নীল, আরুপিত অলকাবলী বেন মধুলুর্ব্ব মধুপাবলীর নায় স্থশোভিত। ভ্রমরেরা যেন সেই প্রফুল্লমুখপক্ষজে মনের আবেশে সম্বুপান করিতেছে! উড়িতেছে না, নড়িতেছে না, এক স্থান হইতে স্থানাস্তরে যাইতেছে না,—স্থির, অচঞ্চল, অটল। অপূর্ব্ব শোভা!

রাজপুত্র এই শোভা দেখিলেন। নয়নে নয়নে সঙ্গতি হইল, প্রক্ষুটিত হেমপদ্ম সঙ্গতি মাত্রেই মুদিত হইল, দর্শকের নয়ন্কে নৈরাশ্য নীরে ভাসাইয়া পদ্দী সহসা অন্ধকার-নীরে ড্বিল।

মুখথানি সরিয়া গেল: তার দেখা গেল না! — কুমার পূর্বভাব ञ्चलिया रज्ञान । - या भीत मूर्य विकास भ रवत कुल मा जायन कविया অস্কঃকরণে যে পরিতাপ উদয় হইয়া ছল,—সে ভাব অন্তরে গেল,— অকস্মাৎ প্রেমভাবের উদ্য়।—ভাবিলেন, এ কি দেখিলাম।— अर्थ ? ना, अर्थ किन ? - अर्घ मिथलाय, द्रशी-राम ! - अर्मा-প্রতি সৌগন্ধযুক্ত পুরিশ্ব পদ্মপুলে !— স্বপ্ন কেন ?— যথার্ঘ রমনী-इच ।—(म कि?—ভপর্মার আশ্রামে রুম্নী?—मংসার-বাসনাবিরামী শন্ত্রামীর গিরিওছায় ঘ্রতী রমণী —ইছাই বা কির্মেপে সম্ভবে — ভবে কি কোনো দেবতা আমার ছঃসময় দেখিয়া মা্যা দেখাইয়া গেলেন !-- না.- ভাগাই বা সইবে কেন !--দর্শন মাত্রেই ও সে মহারত্র হারটেলাম না া—চারি চক্ষে দেখা হইল, — ভাহার চকু আমার মনের অজ্ঞাতে আমার চক্ষের সহিত কথা কহিল, কথা কহি-য়।ই অম্নি চলিয়া গেল। আমি নিশ্চয় প্রভারিত ইইয়াছি !--এই ব্রহ্মচারী নিঃসন্দেষ্ট মায়াবী! ইনি আমারে পরীক্ষা করিবার নিমিত্রই এই বজনীতে এই প্রকার মহামায়া বিস্তার ক্রিয়াছেন ' ইহাকে যদি জিল্পাসা করি, উত্তর পাইব না, কোনো কথার প্রকৃত উত্তরই ইনি আমারে দেন না। আমি হত্রদি হইলাম ! বামাবদন আমারে মায়ামগ্ল করিয়াই অদশ্য হইল !

কুমারকে বিষমক দর্শন করিয়া ব্রক্ষাচারী যেন কি ভাবিলেম;—
ভাবিয়া মৃত্যুরে কহিলেন, রাজকুমার! আমি বুনিতে পারিতেছি,
তোমার পিতার মিলরাজা বিজ্যপুরের শোচনীয় পরিণাম তোমার
ফানয়কে নিদারণ বাথা দিতেছে, অতীত ছুঃখ রভান্ত আলোচনাকালে বর্তমানের নায়ে অলুভূত হুইয়া, শ্রেহকোমল হুদয়কে এই
প্রকাব বিচপল করে, সেটা আমি জানি। এ প্রসম্ম ভাগে করু শাহি

রসাম্পাদ আশ্রমের উপযুক্ত এ প্রসঙ্গ নয়, এ প্রসঙ্গ ত্যাগ কর ;—
তুমিও কর, আমিও করি, ক্রমে রাত্রি অধিক হইতেছে, সমস্ত দিবস
পরিশ্রান্ত আছ, বিশ্রামের অবসর আগত, এই অবসরে আমার
একটা প্রার্থনা।

রাজপুত্র চকিত হইয়া জিজ্ঞাসা করিলেন, প্রার্থনা ? অকিঞ্নের নিকটে মহাপুক্ষের প্রার্থনা ? আমার পক্ষে মেটী অনুগ্রহ,— অনুসতি করুন্।

ব্রহ্মচারী কহিলেন, আমি যখন সংসারী ছিলাম, সেই সময় আমি একটা কন্যা পাই, তখন তোমার বয়স পাঁচ বংসর, তোমার পিতা আমারে যথেট অন্তগ্রহ করিতেন, সেই তরসায় আমি তাঁহাকে বলি, আপনার পুত্রের সহিত এই কন্যার বিবাহ দিতে হইবে। তিনি প্রতিশ্রুত হন, তুমি সে প্রতিজ্ঞা জান না, কিন্তু আমি ভুলি নাই। সময় বিপর্যায়ে আমি সংসারত্যাগী হইয়াছি, কন্যাটী আমার সঙ্গেই আছে। তাহার জননী নাই, মহামায়ায় বিমুদ্ধ হইয়া উদাসীন আশ্রমেও সেই কন্যাটী লইয়া আমি উদাসীন আশ্রমণ সেই কন্যাটী লইয়া আমি উদাসীন আশ্রমণ কর।

রামকুমারের মন চঞ্চল ছইল। কিঞ্চিৎ অত্যে যে জগৎযোহন বদন নিরীক্ষণ করিয়াছেন, তাহা মনে পড়িল। বছকটে চিন্তবেগ সংযত করিয়া কহিলেন, নরদেব ! কেমন আছা করিতেছেন ? আমি ফতিয়, আপনি ক্ষতিয়পূজা ব্রাহ্মণ। হীনবর্ণ হইয়া দ্বিজকন্যাকে কিরপে পরিপ্রাহ করিব ? ব্রাহ্মণের অবমাননা হইবে, বংশমর্যাদা লুপ্ত-সম্ভ্রম হইবে, আমারও অধর্ম হইবে, চন্দ্রবংশেও কলক্ষরেখা গড়িবে।

সদাশিবের চক্ষ বিক্ষারিত হইল, - বিক্ষারিতনেত্রে ক্রোধোজ্জন

ल्लाहिल द्रिया पृत्वे हहेटल लाजिल, कहिल्लन, हन्त्रनराम कलक्ष है বংশমর্যাদার হানি ? রাজকুমার ! কারে তুমি এ কথা বুঝাইতেছ ? রাজপলেরা যবনের শশুর হইয়াছেন জান ৈ ক্ষতিয় রাজারা ঐশ্বয়া লোভে অন্ধ হইয়া যথন যবনে কন্যা ভগিনী সম্প্রদান করিতে অকু-ঠিত হইয়াছেন; তথন শ্রেষ্ঠ বর্ণ ব্রাহ্মণ স্বইচ্ছায় ভোমারে কন্য দান করিতে যত্নবান, কি বলিয়া তুমি অগ্রাহ্ম কর ? মোগল সজা-টেরা বিষধর রজঃপ্রভগণকে বিষহীন ভূমিলতার ন্যায় নিঃসার করি-য়াছে। ত্নি তাহা বোধ হয়, বিশেষ অবগত নও, সেই জনাই আমার বাগদান ও তোমার পিতার প্রতিশ্রুতির প্রতি অবহেলা ক্রিতেছ। সেনাপতি মান্সিংহ জাঁহাগীরের সভায় যেরূপ সম্মান প্রাপ্ত হইয়াছিলেন, তাহা তোমার জানা নাই। তোমার পিতার সহিত জন্মরাজধানীতে যথন আমার সাক্ষাৎ হইবে, তথন জানিবে, ক্ষত্রবংশে যবনবংশে আজকাল কতদূর নিকট সম্বন্ধ, আর ভূমি কোন ব্রহ্মবংশে দার পরিগ্রহ করিয়া বংশ কলঙ্কিত করিলে সেটীও জানিবে।

ব্রহ্মটারীর কৃত্রিম কোপ যুবরাজ বুঝিতে পারিলেন না। গুহা-বিবরের বিছাৎপ্রতিম মুখখানি অন্তরে জাগিতেছিল। কতক শঞ্চায়, কতক অনুরাগে, বিপ্রকন্যার পাণিগ্রহণে সম্মত হইলেন। সম্মত হইয়া কহিলেন, এক্ষণে নহে, আমি তীর্থযাত্রা করিতেছি। অনুচরেরা কে কোপায় গোল, কিছুই জানিলাম না। প্রাতঃকালেই আমারে তাহাদিগের অন্বেবণে যাত্রা করিতে হইবে, প্রত্যাগমন কালে এপথে আদিব কি না, তাহারও স্থিরতা নাই। আশা কহিলা দিতেছে, রামেশ্বর দর্শন করিয়া সাগরসঙ্গমে যাইব, তথা হইতে উছিয়া। সায়ে নহাপ্রভু জগন্ধ। প্রেবকে দর্শন করিব, এ পরে আমা

হইবে না। কিছুদিন পাটনায় অবস্থিতির প্রয়োজন আছে। সেই সময় আমার অন্তরেরা আপনার আপ্রাম উপস্থিত হইবে, আপনি তাহাদের সমভিব্যাহারে কন্যাকে পাঠাইয়া দিবেন। হয়, সেই স্থানে অথবা পিতৃরাজপাটে আপনার কন্যার পাণিএহণ কবিব।

সদাশিব হাস্য করিয়া কহিলেন, যুবরাজ ় ভোগার অস্পীকারে আমি প্রম আপ্যায়িত হইলাম :

নিশ্চিত উল্লির নিশ্চয়তা ত্রিত্র হইবার অত্যে দ্যাম রজনী সভাব-ঘটিকায় বিঘোষত হইল। প্রতিশ্রুত প্রতিশ্রুতি নিশাগনে শায়িত হইল। রজঃপুত রাজপুত্র কম্বলম্যায় শয়ন করিয়া নিশাযাপন করিলেন। প্রাতঃকালে গত নিশার অদ্বীকার দৃঢ় বদ্ধ করিয়া গোটকারোছণে দক্ষিণাভিমুথে যাত্রা করিলেন, যথন যাত্রা করেন, তথন তপঙ্গীকে একবার জিজ্ঞাসা করিলেন, যে স্থান হইয়া আমি ঘাইতেছি, এটা কোন্ তান ই সদাশিব উত্তর করিলেন, পরম প্রিত্র ক্রিসেবিত নীলাজি। এই পর্বাত্ত সর্বা সাধারণে নীলগিরি নাগে প্রসিদ্ধা।

যুবরাজ ব্রহ্মচারীরে অভিবাদন করিয়া ঘোটকারোছণে যাত্রা করিলেন। সঙ্গী লোকেরা কে কোথায় আছে, কিছুই জানা নাই, অথচ তাহাদিগকে দেখিতে পাইব, এই প্রত্যাশায় অবিপ্রান্ত অশ্ব-চালন করিতে লাগিলেন। স্থানুর বর্ত্মে অন্থযাত্র লোকেদের সাহত সাক্ষাৎ হইল। ঝড়র্ম্টিতে যাহার পক্ষে যথন যে ঘটনা হইয়াছিল, বলিলেন, শুনিলেন। অনুযাত্রেরা যুবরাজকে সম্মুথে দেখিতে পাইয়া প্রেক্সচিত্ত হইল। সময়ে তিনি কোথায় ছিলেন, কি ঘটনা হইয়াছিল, এক্সচিত্ত হইল। সময়ে তিনি কোথায় ছিলেন, কি ঘটনা হইয়াছিল, সকলে শুনিল। তাহাদিগের যাহা যাহা ঘটিলাছিল, অবিছেলে

বর্ণন করিল। যুবরাজ একান্ত মনে মুমন্ত এবেণ করিয়া; এবেলিড জ্বীলেন।

দ্বিতীয় পরিচ্ছেদ।

কমলে কামিনা।

''তুই বুঝি হবি মম, পিঞ্জরের পাথী স্থলোচনা ?————''

এক বংসর অতীত হইয়া গেল। যুবরাজ পাটনায় উপনীত
হইলেন। পাঠক মহাশয়! এই রাজপুত্রের বিশেষ পরিচয় জানিতে
চান ৈপে পরিচয় আজ আমি আপানারে বলিব। ইনি কাশ্যারপতি
মহাবাছ আদিতা সিংহের একমান পুত্র। নাম শশীক্র সিংহ।
গড়ন নাতি দীঘ; বর্গ তপ্তকাঞ্চন সদৃশ; — হস্তপদ মোলায়েম;
বক্ষস্থল বিশাল; — বিশাল অথচ স্থুল; বাজ্যুগল পীবর; — গভুত্বল
পুরস্ত: — চক্ষু স্থ্প্রশস্ত উজ্জ্বল; কেশ দীঘ; — গুছু গুছু কুঞ্জিত;
গোর কুঞ্চবর্গ; ব্যস অন্থান দ্বাবিংশতি বংসর।

শশীল সিংহ পাটনায় আসিয়া শিবির স্থাপন করিলেন। নীলগিরি মনে পড়িল;—গুহাবিনরের ক্ষণপ্রভ পদ্মটী মনে পড়িল।
মনে মনে জাগিতেই ছিল, অনুরাগে স্থতন হইয়া উদিও হইল।—
তপস্বীর কাছে যে অস্পীকার করিয়াছেন, সেটীও স্মরণ হইল। এত
দিন সহচরবর্গের নিকটে এই গুঢ় কথা অপ্রকাশ রাখিয়াছিলেন,
আজ এক জন বিশাসভাজন বয়স্যের কাছে সেটী ভাঙ্গিলেল।—
ভাঙ্গিলেন বটে, কিন্তু বিধর-সর্মীর সেই অমল ক্মল্টী ভাঁহার মানস-

সরোবরের পাদ্দনী কি না, সে সংশয় দূর করিতে পারিলেন না।
সাত পাঁচ ভাবিয়া গিরিবাসীর বাগ্দতা কন্যাকে আনয়ন করিতে
লোক পাঠাইলেন। কহিয়া দিলেন, ব্রহ্মচারীকে আমার প্রণাম
জানাইবে, অঙ্গীকার পালন করিব বলিবে, আর তিনি যে একটী
কুমারী দিবেন, সঙ্গে করিয়া আনিবে। কোথায় আনিবে, সে কথাও
বলিয়া দিই।—পাটনায় আমার সাক্ষাৎ পাইবে না। কিছুদিন
প্রয়াগ বাস বাসনা আছে; শীঘ্র যদি ফিরিতে পার, তথায় সাক্ষাৎ
হইবে, বিলম্ব হইলে একেবারে রাজধানীতেই চলিয়া যাইও। আরও
একটী কথা। আমার সহোদরার প্রিয় গায়িকা পত্রিকারে এখানে
আমি আনাইব, আমি এখানে না থাকিলেও পত্রিকা থাকিবে।
তোমরা আসিয়া পৌছিলে তারে এখানে দেখিতে পাইবে। তপস্থীকন্যা তোমাদের সহিত কথা কহিবেন না পত্রিকার সঙ্গে আলাপ
করিবেন; আলাপ করিয়া স্থীও হইবেন। আমি বলিতে গারি,
পত্রিকা ভার, চিত্ত বিনোদন করিতে পারিবে।

অনুচরেরা তপস্থী-কন্যাকে আনিবার নিমিন্ত নীলগিরি অভিমুখে যাত্রা করিল, রাজকুমার পাটনা হইতে শিবির উঠাইলেন। কোথায় গেলেন, কোথায় যাবেন, কাহাকেও বলিয়া গেলেন না। কেবল এই একমাত্র ইঞ্চিত থাকিল, কিছুদিন প্রয়াগে থাকিবেন, সেখানে যদি সাক্ষাৎ না হয়, জমুরাজধানীতে মিলন হইবে। তাঁহার মনে কি ছিল, আমরা জানিতাম না, স্তরাং পাঠক মহাশয়কে শুনাইতেও পারিলাম না। মহারাষ্ট্রপতি শিবজী যে দিন ফুলের ঝুঁড়ির উপর বসিয়া দিল্লী হইতে পলায়ন করেন, তাহার পরদিনে কুমার শশীক্র সিংহ দিল্লীনগরে প্রবিষ্ট হন, শিবজীকে তিনি মান্য করিতেন, কিন্তু মহারাষ্ট্রপতির কিন্ধরেরা সেই গুপ্ত রভান্ত যুবরাজকে জান,ইল

না। শিবজী প্লায়ন করিয়াছে, আরক্ষজীব তাহা জানিতেও शास्त्रम नाहे। उँकात शांतियरमता अस्करास्त्र कृषी मरवाम मिल। কাশ্যীরপতির পদ্র রাজধানীতে প্রবিষ্ট, আর মহারাষ্ট্রীয় শিবজী महमा अञ्चिष्कि । माधन मञाहे भभी क्रांक উদাসমনে অভার্থনা করিলেন, কিন্দু শিবজীর প্রায়নে ভাঁছার চিত্তের অস্থৈয় গোপন থাকিল না। মনের প্রকৃতি যখন যে ভাবে থাকে, তথন যাহাকে সম্মুথে পায়, ভাছাকেই সেই ভাব বিজ্ঞাপন করে। বাদ্সাহ অস্থির চিত্তে भंगीन मिश्रुक जिल्हामा कतिरानन, कुभन ? भिवजी काषाय ? রাজপুত্র বিস্ময়ান্তিত হইলেন। শিবজীকে তিনি নামে শুনিয়া ছিলেন, চক্ষে কথনো দেখেন নাই, সম্রাটের প্রশ্নে কি উত্তর দিবেন, নত্যুথে অনেকক্ষণ চিন্তা করিতে লাগিলেন । আরম্ব-জীবের মহাক্রোণ হইল। কহিলেন, ভোমার পিতা যদি আমার মিত্র না হইতেন, ভাষা হইলে ত্মি এখনি জানিতে পারিতে, বাব-রের বংশের সম্ভানেরা এমন অবস্থায় আগন্তকের প্রতি কিরূপ আচ-রণ করেন ! তুমি আমার চিরশক্র শিবজীকে মুক্ত করিয়া দিয়াছ, বিচারে ভোমার প্রাণদ্ভ হওয়া ন্যাযা, কিন্তু মিত্রপুক্ত বলিয়া ক্ষমা করিলাম। যদি ইচ্ছা হয়, অভীষ্ট স্থানে প্রস্থান কর। দিল্লীতে থাকি-বার উপযুক্ত পাত্র তুমি নও। রাজপুত্র কর্যোড়ে উত্তর করিলেন, জাঁহাপনা। এ অধীন কোন তত্ত্ব পরিজ্ঞাত নহে। শিবজী আমার পিতার মিত্র বটেন, কিন্তু আমি ভাঁছাকে দেখি নাই। তিনিও আমারে চেনেন না, মহারাষ্ট্রের অধিরাজ সিংহের সভিত শক্ততা করিতেছেন, তাহা আমি জানিও না। তিন বংসর আমি দেখেও । চলাম না। অজ্ঞাতে যদি কিছু অপরাধ করিয়া থাকি, ক্ষমা প্রার্থনা করি।

যুবরাজের সমস্ত সাত্ময় বাক্য বিফল হইল। আরঞ্জীব ভাঁচাকে

অবিলয়ে নগর বহিন্ধরণের আছে। দিলেন । কার্মার ানও দিল্লীর অন্ধীন, তথাপি রাজপুত্র দিরুক্তি না করিয়া বাদসাহের স্থকুম মান্য করিলেন। যেখানে ভাঁচার যাইবার ইচ্ছা ছিল, সেইখানে চলিয়া গেলেন। কোণায় যাইবার ইচ্ছা, তাঁচা আমরা বলিব না।

ছয় মাস অতিক্রান্ত হইল। পাটনাতে একটী শিবির আছে। তুই চারি জন পাপচর ভিন্ন অপর কেইই তথায় নাই। একটী সানমুখী কন্যা সেই শিবিরের অধিষ্ঠাত্রী। কেছ ভাঁছার কথা শুনিতে পায় না। কে তিনি, পরিচয়ও জানিতে পারে না। লোক নিকটে আসিলে লজ্ঞায় অবন্তুৰ্গুনবভী থাকেন; হঠাৎ দেখিলে মনে হয়, বঞ্চীয় অব-বোধবাদিনী কোনো পুরস্ত্রী। কিন্তু তাহা তিনি নন, পুর্বের কথিত রাজকুমার শশীন্দ্রের নিয়োজিত সঙ্গীতজ নায়িকা সেই পত্রিকা । যদি গায়িকা, তবে অবস্তুঠন কেন !—কে জানে !—তাহার মনের ভাব কে বলিতে পারে ? যদি রাজপুত্র পাটনায় থাকিতেন, জিল্লাস্য করিতাম, এখন সে উপায়ও নাই! আরম্বজাবের অগমানে তিনি যে কোথায় গিয়াছেন, ভাছা কেছ্ছ জানে না। অবন্তঠনবভী রুমণী একাকিনীই, সেই শিবিরের রক্ষায়তী কত্রী। যখন তিনি কথা কন, তথন কিন্তুর কিন্তুর্বার। আগন্তুক বিবেচনায় রাজকুমারের সময়োচিত আজ্ঞা প্রতিপালন করে। পরিচয় জিজ্ঞাসা করিবার একটীও লোক াশবিরে নাই। আমাদিগের পূর্ব্ব ইঙ্গিত অনুসারে পাঠক মহাশয় বুঝিবেন, এই অবগুণনবভীর নাম পত্রিকা।

আর এক মাস অতীত ২ইয়া গেল, অন্তরেরা ফিরিয়া আসিল না। প্রিকা উছিপ্নমনা হইলেন। এক এক কিন্ধুরীকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন, আর কতদিন গৈ সসম্রয়ে জিজ্ঞাসা করিল, কি কত দিন দেবি ! প্রিকা কহিলেন, রাজপুত্র যা বলিয়াছিলেন, সে কত দিন গ

অমৃচরী মুখপানে চাহিয়া রহিল, কিছু উত্তর করিতে পারিল না। রাজকুমার কি কথা বলিয়া গিয়াছেন, সে ভাহা জানিওও না। স্বধু সে কেন, সহচরীরা কেছই জানিত না। রক্ষক, পার্ষচর, অস্কুচর, যাহারা শিবিরের ভত্ত্বাবধান আর রক্ষণাবেক্ষণ কার্য্যে নিযুক্ত ছিল, তাহারা জানিত, কিন্তু ভাহাদিগের সহিত এ লক্ষাবতীর সাক্ষাং নাই। কিন্ধরীরা রাজপুজের নিদেশ অবগত ছিল না কেন?—কারণ আছে। রাজকুমার যখন শিবিরে ছিলেন, তখন একজনও জীলোক সঙ্গে ছিল না, স্মতরাং পরিচারিকা ছিল না। পত্রিকা আসিবে, এই নিমিত্ত উহারা স্মৃতন ভর্ত্তি হইয়াছে; কাজেই পত্রিকার প্রশ্নে উত্তর করিতে পারিল না। পত্রিকার বদন একবার বিষয়, একবার প্রসন্ধ, একবার অন্যমনক্ষ, আবার তখনি উজ্জ্বল হইল। মৃদ্ব নত্তমুখে ঈবং হাসি আসিল। এত ঘন ঘন কেন এ ভাবান্তর ?—কে বলিবে?

এক জন সহচরী কিছু অধিক চতুরা ছিল, সে কাঁচু মাচু মুখ করিয়া জিজাসা করিল, দেবি! রাজপুত্র কে?—আপনি গন্ধর্ম-কুমারী, আমরা আপনারেই চিনি,—আপনার লোকেরাই আমাদের এখানে আনিয়াছে,—রাজকুমার কে?—আর তিনি আপনারে কি কথাই বা বলিয়া গিয়াছেন পাঠক মহাশয় এখন বুঝিলেন, আমাদের পত্রিকা এই সহচরীদের নিকটে পন্ধর্মকন্যা নামে পরিচিতা।

"রাজকুমার কে?"—সহচরীর এই প্রশ্নে পত্রিকা মুখ টিপিয়া একট হাসিলেন;—কহিলেন, কাশ্মীরের যুবরাজ;— মহারাজ আদিতা সিংহের পুত্র;—নাম শশীক্রশেথর। তিনিই আমারে এখানে রাখিয়া প্রস্থান করিয়াছেন।—বলিয়া গিয়াছেন, প্রয়াগ- তীর্থে চলিলাম, গিয়াছেন কি না, বিশেষ জানি না। আমি সেই রাজপুত্রের সহোদরা রাজকন্যার গায়িকা।

সহচরী যেন কি স্মারণ করিয়া কহিল, হাঁ দেবি, আমার মনে হইতেছে, ঐ নামে একজন রাজপুত্র এখানে কিছু দিন ছিলেন বটে। তিনি আপনাকে কি কথা বলিয়া গিয়াছেন ?

পত্রি।—এই কথা বলিয়া গিয়াছেন, নীলগিরি হইতে একটী তপস্বীকন্যা এখানে আদিবে, আমি তাঁহাকে সঙ্গে করিয়া রাজপানীতে যাইব। যত দিন তিনি না আসেন, তত দিন পাটনায় এই শিবির থাকিবে। অনেক দিন এখানে আছি, মন চঞ্চল হইয়াছে, আর থাকিতে প্রাণ চায় না। যখন আমি প্রথমে এখানে আদি, তখন তোমরা কেহই ছিলে না, কেবল রাজপুত্রের ৪া৫ জন পার্শ্বচর ছিল, তাহারা পাহারায় থাকিত, আমি বন্দিনীর ন্যায় একাকিনী একটী বস্ত্রগৃহে বাস করিতাম। তদবধিই মন চঞ্চল আছে, সেই জন্মই জিজ্ঞাসা করিতেছিলাম, সে আর কত দিন?

সহ।—হাঁ, দেবি ! এখন বুঝিলাম, কিন্তু তপস্বী-কন্যা ?— তপস্বী-কন্যা লইয়া রাজপুত্র কি করিবেন ?

পত্রি।—স্থি! আমারও মন ঐ কথা জিজ্ঞাসা করে।—শুনি-য়াছি, রাজকুমার সেই কুমারীকে বিবাহ করিবেন।

সহ।—বলেন কি দেবি! ক্ষত্রিয় রাজকুমার তপস্থী-কন্যাকে বিবাহ করিবেন?—তপস্থীর। ব্রহ্মযোগী ব্রাহ্মণ।

পত্রি।—ভাও জানি, কিন্তু ব্রাহ্মণের নিকট প্রভিদ্ধা।

সহ। — কি এমন প্রতিজ্ঞা দেবি ?

পত্রি।—এই প্রতিজ্ঞা, তপস্থীর কন্যাকে রাজপুত্র বিবাহ করি-বেন। রাজকুমার যখন তীর্থ যাত্রা করেন, সেই সময় সদাশিব নামে এক ব্রহ্মচারীর কাছে এইরূপ অঞ্চীকার আছে। আর আমি এটীও শুনিয়াছি, যুনিকন্যা যখন এখা———

কথোপকথন চলিতেছে, এমন সময় একজন খোজা আসিয়। সংবাদ দিল, অন্নচরেরা ফিরিয়াছে, শিবিকা আসিয়াছে।

পত্রিকা সমস্ত্রমে উঠিয়া দাঁড়াইলেন, সহচরীয়াও দাঁড়াইল। কাপড়ের কানাত ঘেরা একটি মূর্ত্তি গৃহমধ্যে প্রবিষ্ট হইল। ছুটি সহচরী আর পত্রিকা ভিন্ন সে গৃহে আর কেহই ছিল না। কানাত মোচন হইল। একটি পরম স্থানরী রমণী বাহির হইলেন। সঙ্গে একজন শাশ্রুধারী ব্রহ্মচারী। ব্রহ্মচারীয় বর্ণ ছুধে আল্তা গোলা, হস্ত পদ শীর্ণ, মস্তকের কেশ রজতের ন্যায় শুভ্রবর্ণ, আনাভিলম্বিত শাশ্রু শুভ্রবর্ণ, বক্ষস্থলের লোমাবলী, চক্ষের পাতা ও ভ্রমুগল শুভ্রবর্ণ, কর্ণবিবর শুভ্র লোমে আচ্ছাদিত, গড়ন নাতিদীঘ্ল, নাতি হ্রস্থ। বয়স অনুমান ৬০ কি ৬৫ বৎসর।

সমাগত কামিনীর আকার মধাবিধ, রং চম্পক বর্ণ ঈষং গোলাপীর আতা, শরীর নিতান্ত স্থুল নয়, কৃশও নয়, আমাদিগের দেশে
যে রকম হইলে, স্থানরী রমণীকে স্থানর মানায়, এ স্থানরী সেইরপ
স্থানরী। বক্ষণ্ডল যৎকিঞ্জিং স্থাল, সেই স্থালতায় কোমলতা মাখা,
যাঁহারা শতদল পায়ে মনোযোগ দিয়া নবীন কোরক দর্শন করিয়া
ছেন, ভাবনা করুন, সেইরপ প্রতিমা। বাছ, জজ্ঞা, উরু, করপাল্লব
নিটোল ও কোমল। বদনমগুল প্রস্কৃটিত শতদল; অক্ষিপাল্লব
আর ছটি জারেখা মেন সেই শতদলে মধুলোভা ভ্রমর। কান ছটি
ছোট ছোট, গগুদেশ প্রক্লা, খগপাক্ষী আর বিশ্বফল যদি আমাদিগকে অকৃতজ্ঞ মনে না করে, তাহা হইলে আমরা বলিতে পারি, এই
নরস্থানীর নাসিকা আর ওষ্ঠাধর খগচঞ্চ ও বিশ্বফলের দর্পচ্নিরারী

নিখুত। পদচুষিত গাঢ় কৃষ্ণ চিকুর, যেন শারদীয় কাদ্ধিনী।
নেত্রপূট ঈষৎ রক্তছটা-লাপ্তিত উজ্জ্বল ভ্রমরবর্ণ, পরিমাণে আয়ত।
গণ্ডের একটু উপরে, কর্ণের একটু পার্ষে, ললাটের একটু নীচে, কুঞ্চিত
কুঞ্চিত অলকামালা। আমি যদি এই খানে কবি হইতাম, তাহা
হইলে কপেনা সতীর অনুত্রহে বলিতে পারিতাম, স্মরতি কমলের
পরিমলে মুগ্ধ হইয়া তিন চারি শারি মধুকর ধারে ধারে উড়িতেছে।
পটাবাসে অপ্প অপ্প বাতাসে, অলকাদাম অপ্প অপ্প উড়িতেছে।
কপালে স্বেদবিন্দু যেন ছোট ছোট মুক্তামালার ন্যায় বালিকাদের
সিঁতির প্রতিনিধি হইয়াছে। অক্ষে একখানিও অলক্ষার নাই। ছুই
হাতে ছুগাছি মৃণালের বালা, গলায় একছড়া কুন্দপ্রপ্রের হার, পরিধান গেরুয়া বসন, তথাপি সেইরূপে দশদিক্ প্রতাময়। এম্নি রূপে
গৃহস্থের ঘর আলো করে। যে রূপে নিলগিরিবাসী সন্ন্যাসীর কুটীর
আলো করিত, সেই রূপে এখন পাটনার শিবির আলো করিতেছে।
বয়স পঞ্চদশ বৎসরের সীমা অতিক্রম করিয়াছে, কি করিতে যায়।

"গিরিগুহাবাসী মুনিকন্যার কি এত রূপ!"—সহচরীরা এই তাবিয়া, যেন ছবির ন্যায় স্থির তাবে একদৃষ্টে চাহিয়া রহিল। পটবাসবাসিনী পত্রিকা সেই রূপ দেখিলেন। অকস্মাৎ তাঁহার কলেবর শিহরিয়া উঠিল, প্রফুল্ল মুখখানি কিছু মলিন হইল,—স্ত্রীলোকে অন্যমনক্ষ হইয়া যখন কিছু তাবে, তখন তাহার চক্ষু, তাহার অধর, আর তাহার লাবণা, যেমন মলিন দেখায়, তেমনি মলিন। স্ত্রীলোকের রূপ দেখিয়া স্ত্রীলোকের শরীর লোমাঞ্চ কেন? বদন বিষয়ই বা কেন? অন্তরে অন্তরে অন্যমনক্ষই বা কেন? এই তিন প্রশের উক্তর আমি দিতে পারি না; পত্রিকা যদি সরল হইয়া বলেন, তাহা হইলেই সন্দেহ ভঞ্জন হয়।

সকলেই উপবেশন করিলেন। রক্ষ ব্রহ্মচারী ভিন্ন, শিবিরে এখন প্রুষ সঞ্চার নাই। তবে, এ কথাও বলিতে ছইবে না, পতিকা আর মুনিকন্যা, ইহাঁদের উভয়ের মুখেও অবগুঠন নাই। চুটী নায়িকারই ঘোমটা খোলা। উভয়ে উভয়ের মুখ দেখিলেন। আনন্দ, বিস্ময়, সংশয় একত ছইল। স্কুতন দর্শনে, পুনঃ পুনঃ বিসদৃশ ভাব কেন, সময়ে জানিবেন, এখন নছে।

তপস্বীকন্যা যখন শিবিরে আইসেন, তখন রাত্রি এক প্রহর অতীত। শীতকালের রাত্রি, অধিক কথোপকথন হইল না, সংক্ষেপে আগন্তক পরিচয়ে মিলন হইলমাত্র। আহারাদি সমাপনান্তে সকলে আপন আপন নির্দ্ধিই স্থানে বিশ্রাম করিতে গেলেন। যখন শায়ন করিতে যান, সেই সময় আগন্তক ব্রহ্মচারী পত্রিকার দিকে বক্র কলাক্ষপাত করিয়া মুখ বিকট করিলেন। কেন করিলেন, তিনিই ইহার উত্তর দিবেন। আমরা তপস্বীকন্যাকে শতদল কমল বলিয়াছি। আর পত্রিকাকে বিদেশিনী কামিনী বলিয়াছি। পাঠক মহাশয়! আভাসে বুঝিবেন, এই রাত্রে শুভ সংযোগ "কমলে কামিনী।"

তৃতীয় পরিচ্ছেদ।

আলাপ।

'' সরল অন্তরে বল, কারে তুমি ভাল বাসো, স্থাইলে স্থামুখি! মুচকি মুচকি হাসো।''

নিধু বাবু।

তিন দিন অতীত হইয়া গেল। দেখাদেখি হয়, কথাবার্তা হয়, কিন্তু কেছ কাছারও পরিচয় প্রাপ্ত হন না। চতুর্থ দিবসের সন্ধান কালে, পত্রিকা দেবী ছাসিতে ছাসিতে গিরিকনাকে জিজ্ঞাসা করি-লেন, প্রিয় স্থি ! সত্য করিয়া বল, তুমি কে !

তপস্বীকন্যা কহিলেন, আমি তোমার প্রিয় স্থী ইইবার যোগ্য নাহ। দেখিতেছি, তুমি রাজকন্যা, আমি বনবাসী ঋষিকন্যা, তুমি আমার পরিচয় জিজাসা করিতেছ, কিন্তু আমার পরিচয় আমি জানি না। কে আমার পিতা, তাহাও আমি জানি না। সদাশিব ব্রহ্মচারীকে আমি পিতা বলিয়া জানি, কিন্তু আমি ভাঁহার কন্য কিনা, সেটি ঠিক জানি না।

পত্রিকা হাসিয়া উঠিলেন,—কহিলেন, ঋবি-কুমারি! ভোমাব উপযুক্ত কথাই এই বটে! আমি শুনিয়াছি, কাশ্মীর রাজ্যের রাজ-কুমার শশীন্তশেখর, যিনি এই শিবিরের অধিস্বামী, তিনি তীর্থ যাত্রা উপলক্ষে, ভোমার পিতার গিরিগুহায় অতিথি হইয়াছিলেন। মুনিবর কন্যাদানে প্রতিশ্রুত হন, রাজকুমার অঞ্চীকার করেন, ভুমিই সেই অঞ্চীকৃতা কন্যা। রাজপুত্র যথন পাটনা হইতে প্রয়াগ যান, সেই সময়ে আমারে বলিয়া গিয়াছেন, ভুমি আমিলে ছুটি একটি সঞ্চীত করিয়া, আমি যেন তোমার মনোরঞ্জন করি । শুনিয়া বড় লজা হইয়াছিল। আনি রাজনন্দিনীর গায়িকা বটে, কিন্তু মুনিকন্যার সে রকম সঞ্চীতে সন্তুই কি না, তাহাই তারিয়া লজা। আছা প্রিয় স্থি! তুমি তোমার আপনার পরিচয় আপনি জাননা, কে তোমার পিতা তাহাও জাম না, যাঁহাকে পিতা বল, তিনিও যথার্থ জনক কি না, তাহাতেও তোমার সন্দেহ। এগুলি কি আমার সক্ষে পরিহাম ! রাজপুল্র এখানে নাই, তোমার আদর করিবার জন্য তিনি আমায় এখানে রাখিয়া গিয়াছেন। পরিহাস করিও না, যাহাতে তোমার মনের পরিত্পি হয়, তাহা আমি করিব।

মুনিকন্য হাসিয়া কহিলেন, তপস্থিনীদের পরিহাস অভিসাপ। রাজপুত্র যাহা ভোষায় বলিয়া গিয়াছেন, ভাহাই আমার তিয়ে।

পাত্রকা। সঞ্চাত করিতে বলিয়াছেন।

मुनिकन्ता।—তাহাই উত্তম।

পত্রিকা। তবে বল দেখি, তোমার নাম কি ?

ভাগসনন্দিনী ঈষৎ হাসিয়া লজ্জাবনত মুখে কহিলেন, আমি আমার নাম জানি না, আমার ত্রহ্মচারী পিতা সদাশিব বলেন, আমার নাম পূর্ণশানী।

পত্রিকার বদন প্রফুল ছইল,—হাস্য মুখে কহিলেন, পূর্ণশানী কি সঞ্চীতের এত অভিলাষ করে ?

পূর্ণশাশী কহিলেন, যাহাকে প্রিয়সখী বলিলাম, তাহার মুখে যাহা শুনি, তাহাই প্রিয়,—তাহাই ভাল বাসি। আমার সঞ্চে নিতাকারী নামে যেতপর্যা আছেন, তিনিও সঙ্গাঁত ভাল বাসেন। পরিকাশান্তভাবে কহিলেন,—আর রাজকুনারেরও সেই অনুসতি।

মুনিতন্য়া হাসামুখে একবার পত্রিকার মুখপানে চাহিলেন,

একবার নত্যুখে পৃথিবী নিরীক্ষণ করিলেন। কি বলিবেন, স্থির করিয়া উঠিতে পারিলেন না। পারিকা একবার চাছিয়া দেখিলেন, লজ্জার সঙ্গে ছাসি খেলা করিতেছে। কুমারী ছাসিতেছে না, কিন্তু ভাছার সর্বামারীর ছাসিতেছে। চক্ষু ছাসিতেছে, ওপ্ত ছাসিতেছে, বক্ষ ছাসিতেছে, গণ্ডস্থল ফুল কর্মলিনীর ন্যায় ছাস্য করিতেছে। এই ভাব দর্শন করিয়া তিনি কছিলেন, বুঝিলাম, সঙ্গীত তোমার প্রিয় বস্তু। বীণা লও, আমি সঙ্গীত করিব।

পূর্ণশশী বীণা বাজাইতে আরম্ভ করিলেন, পত্রিকা বীণাস্বরে গীত ধরিলেন।

(গীত।)

প্রণয় ভিকা।

দহিলে দহিলে বোলে, ভ্রমে ব্রজে আহিরিণী।
শ্যাম প্রেম পিপাসিনী, রাধা প্রেম ভিথারিণী।
গলি গলি খুজই, নাচোত তাথই,
রন্দাবনচন্দ্র প্রেম স্থুখ বিহারিণী।
যমুনা পুলীনে, শ্যামরূপ নিহারি,
অহি শ্যাম অহি শ্যাম, বিরহ উচারি,

ধাইলা মত মধুকরী প্রায়ঃ—
নূপুর বাজিছে, ভ্রমর রাজিছে, মত রাধিকা, বিলাদিনী।
যাইমু না যমুনা, রাজকর দিমুনা,

रश्ना, त्याय नाम नामीः— यमूना जीरत, नवन नीरत, इव आंखू, त्थ्रम दिहातिनी। রন্ধ ব্রন্ধচারী নিতাকামী, এই গীত শুনিয়া খল্ খল্ করিয়া চাসিয়া উঠিলেন। ভগ্নদন্তে হাসিতে হাসিতে কহিলেন, আমি ভাবিয়াছিলাম, কাশ্মীরের রাজকুমার নাজানি কি অন্তুত পদার্থ, আর সেই রাজ অন্তঃপুরের গায়িকা না জানি কি অপূর্ব্ব মধুমাসের কোকিলা। কিন্তু কি ছুরদৃষ্ট, এই কি তার পরিচয় ?

পত্রিকা হাসিয়া কহিলেন, আপনি বয়সে রদ্ধা, কিন্তু বোধ করি রসিকতায় রদ্ধানন। শ্রীকৃষ্ণ রাধিকারে ত্যাগ করিয়া গিয়াছিলেন, শত বৎসর সাক্ষাৎ হয় নাই, কৃষ্ণও রদ্ধা হইয়াছিলেন, তথাপি পূর্ণ প্রেমে প্রণয়িনী, গৌরবিনী রাধিকা, প্রেমের বিরহণীত পরি-ত্যাগ করেন নাই। এক দিন, তত রদ্ধা বয়সেও ললিতাকে ডাকিয়া কাঁদিতে কাঁদিতে বলিয়াছিলেন,—

(গাঁত)

খুঁজিয়া এলেম দখি যমুনার কুলে।
খুঁজিয়া এলেম, কেলি কদম্বের মূলে ॥
কোথাও না হেরিলাম, কোথায় কালিয়া শ্যাম,
হায় আমি হারিলাম, লাভে আর মূলে !!
পাতি পাতি করি দখি ! দেখি কুঞ্জবন।
কোথাও দাঁড়াযে নাই রাধিকা রমণ ॥
যেখানে কোরেছি রাদ, নব প্রেমে মাতি।
নবনারী কুঞ্জে যথা দাজিয়াছি হাতী॥
দেখানেও শ্যাম নাই, দব অন্ধকার।
বিশ্বময় অন্ধকার, আজি রাধিকার॥

কুহরে পঞ্চস্বরে, শাখে পিকবর। শ্রীরাধিকা প্রাণে মরে, কাঁপে কলেবর॥

বেহাগ।

ভাবিব না সথি আমি শ্যাম রতন।
কৃষ্ণ বোলে ডাকিব না থাকিতে জীবন॥
যেমন বিরহ জালা, আমারে দিতেছে কালা,
তেমনি আপনি হবে, প্রেমে জালাতন॥
খুজেছি যমুনা কুলে, দাঁড়ায়ে কদন্ব মূলে,
পাই নাই কালরূপ, রূপ দরশন;
তবে কেন রুথা আর, বলি সই! শ্যাম আমার,
আজি অবধি রাধার, হলো প্রেম উজ্জাপন॥

ব্রহ্মচারী নিত্যকামী আবার হাসিয়া উঠিলেন। হাসিতে হাসিতে পূর্ণশশীরে কহিলেন, অমন গীত আমি অনেক শুনিয়াছি, তোমরা যদি এখনই আমারে বল, সহস্র সহস্র বাঁধিয়া দিতে পারি। (পত্রিকার দিকে কিঞ্চিৎ সরিয়া) এক দিন ভাই, সে অনেক দিনের কথা, আমাদের একজন নবীনা তপস্থিনী, পলান্ন রন্ধন করিতেছিল, আমি নাকি ব্রহ্মচারী, সে গন্ধ আন্ত্রাণ করিব না, সেইজনা কহিলাম, তুমি দূর হও। (পূর্ণশশীর দিকে ফিরিয়া) দেখ পূর্ণশশি! আমি রন্ধন জানি, প্রচুর রন্ধন জানি, আর স্ফিস্থিতি প্রলয়কর্তার নামও জানি, কিন্তু এই পত্রিকা যে সকল গীত গাইতেছে, ভাহাতে আমি অজ্ঞান হইয়াছি। একটি কথার সহিত ছটি কথার মিল নাই, একটি

ভাবের সহিত আর একটি ভাব মেলেনা। রাজ রাজেন্দ্রকুমার শশীন্দ্রশেখরের ভগ্নীর কি এমনি গায়িকা সব ? বৎসে পূর্ণশশি! তুমি শুন, এই রদ্ধ ব্রাহ্মণ ভোমারই অন্ত্রগত। পত্রিকা বিশ্বাস রাখিতে জানেনা, গুরুদেবের আদেশ, আমি ইহাকে ভাড়াইয়া দিব। সরাসর আমি ভোমারে কাশ্মীরে লইয়া যাইব। যদি কপালে থাকে, তুমি রাজপুত্রের প্রণয়িনী হইবে। পাটনার শিবিরে অবন্যানিনী হইবার নিমিত, আমি ভোমারে এখানে আনি নাই।

এক জন সহচরী, জোড় হাতে কহিল, ঠাকুর! আপনি কান্ত হউন।

পত্রিকা একটু একটু হাসিয়া কহিলেন, প্রণয়ের যে স্থপ, আর বিচ্ছেদের যে ছঃখ, অভাগা পুরুষ, আর অভাগিনী রমণীরাই তুর্বাহা কানে। আপনার তুল্য সাধু পুরুষেরা, সে স্থুখ ছঃখের অংশভাগী হইতে পারেন না।

তপস্বী নিত্যকামী বাঙ্গলা দেশের টোলের পণ্ডিতাভিমানী ভট্টাচার্য্যদিগের ন্যায় কোপনস্থভাব। তিনি ক্রোধে থ্রহরি কম্পন্যন হইয়া কহিলেন, দূর হতভাগা মাগী, তুই দূর হ! তুই কাশ্মীরের রাজাদের এক জন দাসী, তুই আমার উপর টেক্কা দিয়া যাবি, আমার কথার উপর কথা পাড়িবি, আমি পবিত্র আশ্রমের আশ্রমী, চুপ করিয়া থাকিব? কখনই হইবে না। আদিরদে আমি পরম পণ্ডিত, কি কৌশলে, স্ত্রীলোকের মন ভুলাইতে হয়, গুরুদেবের কুপায় তাহা আমি বিলক্ষ্ণ জানি। পূর্ণশিশি! তুমি বাছা একট্ট অস্তর হও, আমি মনের কথা পঞ্চাশ বৎসরের পর ,আজ খুলিয়া বলি

পূर्वभनी এक्ट्रे श्रामिया मित्रया रशलन, जमागती शान धतिरलन।

(নিত্যকামীর গীত।)

প্রেমের পুতলি রাধা নাচিতেছে বিপিনে।
নাচিতেছে, থেলিতেছে, হাসিতেছে, পুলিনে॥
শ্রাম সোহাগী কমলিনী, হেরে আমায় নয়ানে।
মুচ্কে হেসে, সরে গেল বসন চেকে বয়ানে॥
দেখ বো তারে দেখ বো আবার, ইচ্ছা করে মননে।
রং বিলাদী, গয়লাদাসী, মোজ্বে আমার চরণে॥
স্থেবিলাদী, পূর্ণশশী, নিদ্রা যাও মা শয়নে।
দেখি আমি ব্রজবাসী, প্রেম বিলাদী নয়নে॥
যা থাকে কপালে আজি, ফলিবে শুভ দিনে।
প্রেমের নিকুঞ্জে আজি, বাজিবে মোহন বীণে॥

পত্রিকা কহিলেন, গোঁসাই ঠাকুর ! দিব্য গীত হইয়াছে। আমি যদি পূর্ণশশীর দাসী হইয়া কখনো নীলগিরিতে যাই, তাহা হইলে আর ফিরিয়া আসিব না, আপনার চরণতলে বসিয়া গান বাজনা শিক্ষা করিব। আপনি আমার গুরু হইবেন।

নিত্যকামী হিহি করিয়া হাসিয়া কহিলেন, তুমি আমার চরণ-ভলে বসিলে আমি সশরীরে স্বর্গে যাইব। আমার বিবাহ হয় নাই।

মনের হাসি মনে গোপন করিয়া পাত্রকা কহিলেন, বলিতে সাহস হয় না, আপনি যদি কুপা করিয়া এ দাসীকে গ্রহণ করেন, তবে এ চরিতার্থ হয়।

ব্রহ্মচারী আর আহলাদে বদিতে পারিলেন না, যেন ফুলিয়া

ফুলিয়া দাঁড়াইয়া উঠিলেন। গদ গদ স্বারে কহিলেন, হাঃ হাঃ হাঃ! স্থ—স্থ—স্থার ! কিছু মনে করিও না,—মন্দ কথা বলিয়াছি, সে পরিহাস; কিছু মনে করিও না; আমি তোমারে বড় ভাল বাসি। আর একটী গাঁত শুনিবে ?

"শুনিব"—নত্রস্বরে নত্মুখে এই কথাটী বলিয়া পত্রিকা মৃত্র মৃত্র হাসিতে লাগিলেন। নিতাকামী পুনরায় গীত ধরিলেন। আড়খেমটা।

(মৃদ্ধ নুভ্যের সঞ্চে)

হ্যাদে বাহোয়া কি মজার কথা, শুন্লে হাসি পায়,
রাজার মেয়ে দাসী হলো, দাসীরা তায় দেখ্তে চায়॥
নাইবা হলো রাজার মেয়ে, তবুও ভাল রাণীর চেয়ে,
মেয়ের পানে চেয়ে চেয়ে, পথের লোকের চোক টাটায়॥
বনফল যার ছিল ভাল, রাজভোগে তার কাজ কি বলো,
কোথায় আঁগার কোথায় আলো, রাজার ছেলে লোকহাসায়॥
আমি নবীন ব্রহ্মচারী, এ লোভ কি সাম্লাতে পারি,
দেখ্বো আজ হারি কি পারি, লোভেই লোভীর কুলমজায়!!

পাঠক মহাশয়! এ গীতের ভাব কিছু বুঝিলেন? প্রিকা বুঝিয়াছেন। তাঁহার মুখখানি গদ্ধীর হইয়াছে, যেন কি ভাবিতেছেন। যদি ভাব বুঝিয়াছেন, তবে এ ভাবনা কেন? স্থার কি কিছু ভাবিতেছেন? সতেও পারে। কিন্তু সে কথা এখন জিজ্ঞাসা করিতে নাই; জিজ্ঞাসা করিলে উত্তরও আসিবে না। প্রিকা অতি লজ্ঞাবতী।

নিত্যকামীর গীত শুনিয়া লোকের হাসি পায়, পত্রিকা হাসি-

লেন না কেন?—রহস্য শ্রবণ করিয়া চিস্তার উদয়ই বা কেন? এ ছুটী প্রশ্নেরও এখন উত্তর নাই। সকলি এখন ভবিষ্যতের ত্যোময় বিবরে।

চতুর্থ পরিচ্ছেদ।

কোথা এলেম ?

''আমরা যাব গো দবে করিতে শ্যাম দরশন। হেরিয়া হইবে মনোবাঞ্জা পূরণ॥''

নানা আলাপে, নানা গণ্পে কিছু দিন অভীত হইয়া গেল। পিত্রিকা কোনো দিন সঙ্গীত করেন, কোনো দিন অতি মনোরম উপাখ্যান কীর্ত্তন করেন,—কোনো দিন বা এক একটী স্বর্রাচত কবিতা পাঠ করেন। নিত্রকামী প্রথম প্রথম পরিহাস করিয়া পত্রিকার সকল কথায় ছল ধরিতেন, এখন সে ভাব নাই।—অনুরাগ জ্যিয়াছে। যতক্ষণ পত্রিকা কথা কন, প্রণয়ী তপস্বী ততক্ষণ এক দৃষ্টিতে তাঁর মুখ পানে চাহিয়া পাকেন। কাণের কুণ্ডল ছুটী ছুলিতেছে, অলকাগুচ্ছ কাঁপিতেছে, চক্ষের পলক পড়িতেছে, এই গুলি দেখেন। পত্রিকা মনে মনে হাসেন, আর এক একবার অপাঞ্চে দর্শন করেন। প্রতি দিন সন্ধ্যার পর এই ভাবটী পরম স্থানর দেখায়।

বসন্তকাল আগত। — শাটনায় আর অবস্থান করিতে পত্রিকার মন চাহিল না। পূর্ণশশীকে কহিলেন, প্রিয়স্থি! রাজপুত্র সংবাদ দিবেন বলিয়াছিলেন, মিথ্যা হইল, — ভাঁহার নিকট লোক পাঠানো ছইয়াছে, সে লোকও কিরিল না; —— আমরা যাইতেছি, এই ভাবিয়া রাজকুমার হয় ত নিশ্চিন্ত রহিয়াছেন। আমাদের আর এখানে বিলম্ব করা উচিত হয় না। প্রয়াগে থাকিবেন কথা ছিল, চল আমরা প্রয়াগেই যাই, সেথানে দেখিতে না পাই, সরাসর রাজধানী চলিয়া যাইব।

পূর্ণশনী সম্মত হইলেন,—নিত্যকামীও সায় দিলেন, পাটনা হাতে শিবির উঠিয়া এলাহাবাদে চলিল। কুমারী আজীবন কথনো নৌকা আরোহণ করেন নাই, নৌকায় যাইতে অভিলাষ জানাইলেন। নিত্যকামী আর পত্রিকা সে বাসনায় বাধা দিলেন না, নৌকাতেই যাত্রা করা স্থির হইল। পটাবাস লইয়া স্থান্তরেরা স্থান্তথে চলিয়া গেল, প্রয়াগের ঘাটে শিবিকা লইয়া প্রতীক্ষা করিবে, সম্মত থাকিল,—পূর্ণশনী জলপথে চলিলেন। তরণী মধ্যেও পত্রিকার উপন্যাস আর নিত্যকামীর রহস্য সম পরিমাণে চলিতে লাগিল। আমি যদি নাটক লিখিতে জানিতাম, তাহা হইলে এই স্থারসজ্ঞ নিত্যকামী আমার হস্তে এই স্থাতুতে জীবস্ত বিদ্যুকের ক্রীড়া করিয়া প্রশংসা লাভ করিতেন। ভাগ্যদোষে আমি স্বয়ং সে রসে বঞ্চিত,—নাটকের আস্থাদন বোধের ক্ষমতা আমার নাই।

কত দেশ, কত নগর, কত স্থান আর নদী ও প্রকৃতির শোভা দেখিতে দেখিতে তরুণ আরোহীরা মাঘ মাদের শেষে এলাহাবাদে প্রৌছিলেন। সে স্থানের শোভা আরো রমণীয়। নৌকা যখন প্রয়াগের গঙ্গাযমুনা সঙ্গম ঘাটে উত্তরিল, তথন গোধূলি।—শিবিকা বাহকেরা আসিয়া পোঁছিয়াছে কি না, দেখিবার নিমিত একজন অনুচর তীরে উঠিল। এই অবসরে স্থভাবদর্শন পিপাসী পূর্ণশশী দীরে দীরে ছত্রীর খড়খড়ী খুলিয়া সন্ধ্যাকালের জগছুবি দশন

করিতে লাগিলেন। গগনে পূর্ণকলা চন্দ্রমা অণেপ অপে বদন বিকাস করিয়া মৃত্র মৃত্র হাসিতেছেন, তারাসহ তারানাথের প্রতিবিম্ব জলে পডিয়াছে, বোধ হইতেছে, জলতলে যেন একটী গগন জ্বিতেছে, গঙ্গ। যমুনা আহলাদে হ। দিতেছেন, — সমস্ত প্রকৃতিই এখন প্রয়াগধানে প্রফুল্লযুখী। - পূর্ণশশী এই শোভা দেখিলেন; - আকাশে পূর্ণ-শশী,—ভাগীরথী অঙ্কে পূর্ণশশী, আর প্রকৃতি দর্পণে পূর্ণশশী দশন করিয়া চারুশীলা পূর্ণশশীর প্রেমাস্কুরিত পবিত্র হৃদয় পর্ম গ্লকে পরিপূর্ণ হইল ; সহাদয়া বালিকার সরল হাদয় পূর্ণাননে হাসিল .— ছরিণায়ত সজল নেত্রপুটে সেই আনন্দ ক্রীডা করিতে লাগিল। কিন্তু म ভাব অধিকক্ষণ থাকিল না I—মীলগিরি মনে পড়িল,—তপো-বন মনে পড়িল,—গ্রীবাভঞ্চী করিয়া পত্রিকার মুখের দিকে একবার চাহিলেন,—একবার নিত্যকামীর শাশ্রুল বদন নিরীক্ষণ করিলেন। মুখখানি বিষয় হইল, ছুটী পদাচকু দিয়া ছুই বিন্দু তঞ্চনৌকায় পাডল। নদীর স্রোতের দিকে একবার সজল নেত্রপাত করিলেন, আকাশের দিকে একবার শশীয়ুখখানি তুলিলেন,— গাবার সেই মুখে অপূর্ব্ব হাসি আসিল। মৃতু হাসিয়া মাথা হেঁট করিলেন।— এই ভাবান্তর দেখিয়া পত্রিকা বুঝিতে পারিলেন, লজ্ঞাশীলা কি ভাবিতেছেন। জিজ্ঞাসা করিলেন, পূর্ণ! অকস্মাৎ মনে কি কিছু উদয় इहेग्राट्ड ?

"কৈ, না, কিছুই ত নয়" এই পর্যান্ত বলিয়া লক্ষাশীলা যেন আবো কিছু বলিবেন মনে করিতেছিলেন, এমন সময় ছঠাৎ গঙ্গার সিকতাময় প্লিনে তাঁছার দৃষ্টি পড়িল। দেখিলেন, একটী স্থানর ক্লবালা একথানি মাটীর বাসনে একটী মৃথায় প্রদীপ জ্বালিয়া জলে ভাসাইয়া দিল,—প্রদীপ অলপ অলপ বাতানে ভাসিয়া চলিল।

কনাটি তীরে দাঁড়াইয়া স্থির দৃষ্টে সেই দিকে চাহিয়া থাকিল। পূর্ণশনী কিছু বুঝিতে পারিলেন না, পত্রিকাকে দেখাইয়া কারণ জিজ্ঞাসা করিলেন। পত্রিকা কহিলেন, এ দেখিতেছ, একটী, কিন্তু আর অর্চদণ্ড এখানে থাকিলে দেখিবে, শত শত কুলকন্যা ঐরপে প্রদীপ ভাসাইবে। যাহাদের পতিপুত্র প্রভৃতি আর্মীয়েরা নদীপথে বা সমুদ্রপথে দ্রদেশে গিয়াছে, তাহারা প্রদীপ ভাসাইয়া শুভাশুভ পরীক্ষা করে। যদি প্রদীপ ভুবিয়া যায়, কিম্বা তৈল থাকিতে নিবিয়া যায়, তবে অশুভ, আর যদি জ্বলিতে জ্বলিতে দৃষ্টিপথের অন্তরে ভাসিয়া চলে, তাহা হইলে শুভ লক্ষণ। এক এক দিন সন্ধ্যাকালে এই গঞ্চায়্মনা যেন নক্ষত্রনদী রূপ ধারণ করেন।

পূর্ণ শশীর কৌতূছল আরো রিদ্ধি হইল, সেই হিন্দুবালার প্রদীপ কেমন করিয়া কতদূর ভাসিয়া যায়, সাত্মরাগ দর্শনে এক দৃষ্টে তাহা নিরীক্ষণ করিতে লাগিলেন। দেখিতে দেখিতে প্রদীপটী নয়নপথ অতিক্রম করিয়া গেল। যতক্ষণ নেত্রগোচর থাকিল, ততক্ষণ দেখিলেন, সেই দীপ মিট্ মিট্ করিয়া জ্বলিতে জ্বলিতে গেল,—নিবিল না।—দেখিয়া ভাবিলেন, কি আশ্চর্যা! মন্ত্র্যের অস্থায়ী জীবন এই ক্ষুদ্র প্রদীপ অপেক্ষা যশস্বী নহে!—একটী দীর্ছ নিশাস পরিভাগে করিলেন।

শিবিকা আসিয়াছে কি না, দেখিবার নিমিত্ত যে অস্কুচর তীরে উঠিয়াছিল, সে ফিরিয়া আসিয়া কছিল, বাহকেরা কেছ আইসেনাই। পাত্রকা কহিলেন, না আসাই সম্ভব। নৌকায় আমাদের গহিরি হইয়াছে, কোন্ তারিখে ঠিক আসিয়া পোঁছিব, সেটী তাহার। কিরপে জানিবে?—তুমি ঠিকা পাল্কী ভাড়া করিয়া আনো। কিন্ধর সেই আদেশ পালন করিল।

শিবিকা আবোহণ করিয়া যাত্রীরা ক্রমে ক্রমে শিবির অভিমুখে গমন করিলেন। একটা মনোছর উদ্যানে শিবির স্থাপন করা হইয়া-ছিল, দণ্ডেকের মধ্যে তাঁছারা তথায় পেঁ।ছিলেন। রাত্রি হইয়াছিল, তথাচ চক্রালোকে সে উদ্যানের শোভা অপ্রকাশ ছিল না। চারি দিকে উচ্চ উচ্চ তরু, শাখাপলব বিস্তার করিয়া রহিয়াছে, মধ্যস্থল অনারত, নবনব তুণরাজীতে স্থশোভিত, সেই সমতল ক্ষেত্রোপরি রাজকুমারের আজ্ঞাবহ কিস্করেরা পটাবাস স্থাপন করিয়াছে। চারি-ধারে নানাজাতি পুষ্পাবন, মাঝে মাঝে লতাকুঞ্জ, বাসন্তী মৃত্র বায়ু-हिट्साल नवननपूर्व পाम्टभाता जन्म जन्म मकानिङ इटेट्डिइन, কৌতুকী পাবনদেব ক্ষুদ্র ক্ষুদ্র পৃষ্পারকে নৃত্য করিয়া সায়ং প্রস্কৃটিত কুম্মদলের সংগন্ধ হরণ করিতেছিলেন, বিমল পরিমলে চতুর্দিক প্রমোদিত। বায়ু সুখস্পর্শ, পুষ্পাগন্ধ তৃপ্তিকর, আর উপবনের পুষ্পময়ী শোভা পর্ম রমণীয়। কোনো ফুল শ্বেত, কোনটী ঈষৎ-त्रक्तवर्ग, त्कानणी त्शामाणी, त्कारना त्कानणी इतिर, शीछ, धूमल, धवर এক একটী বিবিধ বর্ণে মিশ্রিত রঞ্জিত। বিশ্ববিধাতা কত কৌশল একত করিয়া কুঞ্পোভা সম্পাদন করিয়াছেন, ভাছা কে বলিবে ? আমি পূর্ণশশার সঙ্গে এই উদ্যানে আসিয়াছি, শোভা দর্শন করিয়া নয়ন মন প্রফুল হইতেছে। পত্রিকা, পূর্ণশশী, নিত্যকামী, একে একে শিবিকা হইতে নামিয়া শিবির মধ্যে প্রবেশ করিতেছিলেন, প্রকৃতির শোভা দেখিয়া, আর সুমিয়া মলয়ানিল স্পর্শ করিয়া, কাণকাল দাঁডাইলেন। পত্রিকা কহিলেন, আহা ! কুঞ্জবিধাতার কি স্থন্দর বিবে-চনা! আমরা এত দূর উত্তরে উপনীত হইয়াছি, তবু মলয়মারুতকে আমাদিগকে শীতল করিবার জন্য এই কুঞ্চে পাঠাইয়াছেন।

পূর্ণশশী হাসিয়া কছিলেন, বিশ্ববিধাতাকে তুমি কুঞ্জবিধাতা

বলিলে কেন? ছোমাদের এখানে কুঞ্চ আছে বলিয়া মলয় মারুড এত দূর আসিতেছে না, আমি এত দিন মলয়ার নিকটে ছিলাম, তাই আমারি মায়ায় দক্ষিণানিল আমারে দেখিতে আসিতেছেন।

পত্রিকা একটু হাসিয়া বলিলেন, হইতেও পারে, কিন্তু প্রতিবং-সর তুমি ত এ অঞ্চলে থাকো না, প্রতি বংসর বসস্ত উদয়ে মলয়া-নিল উদয় হয় কেন?

शूर्व। - उद्य, त्कन इग्न वल दिश ?

পত্রি। — তুমি বল দেখি?

পূর্ণ।—বোধ হয় ঋতু মাহাত্মা।

পত্রিকা মৃত্র হাসিয়া কহিলেন, উভয়েরি মা**হাত্মা। জয়দে**ব গোস্থামী বলিয়াছেন,——

অন্যোৎসঙ্গবদৎ-ভুজঙ্গকবল-ক্লেশাদিবেশাচলং। প্রোলেয় প্লবনেচ্ছয়ানুসরতি শ্রীখণ্ডশৈলানিলঃ॥ কিঞ্চ স্লিশ্বর রসাল মোলিমুকুলান্যালোক্য হর্ষোদয়া-

তুন্মীলন্তি কুত্ঃ কুত্রিতি কলোন্তানাঃ পিকানাং গিরঃ॥
পূর্ণশশী কহিলেন, আমি অমন গীত শুনি নাই। কি তুমি
বলিলে, বুঝিলাম না। সংস্কৃত ভাষা আমি জানি না। বুঝাইয়া দাও।

পত্রিকা দেবী জয়দেবের ব্যাখ্যা করিতেছেন। জ্রীথণ্ড শৈলে অর্থাৎ মলয় পর্বাতে সর্বাদা সর্প বাস করে, মলয়ানিল সেই ভুজাজের বিষে জর্জারিত হইয়া হিমাচলের তুষারে অবগাহন করিবার নিমিত্ত উত্তরবাহী হয়। আর স্থানিধা আত্র মুকুল অবলোকন করিয়া হর্ষোৎ-ফুল কোকিলেরা অস্কুট স্বরে কুছ রুষ্ট রব করে।

পূর্ণশশী প্রফুল্লমুথে কছিলেন, ছাঁ, এখন বুঝিলাম। জয়দেব কি চমৎকার কবি!—-অতি অপুর্বা গায়ক! তিনি প্রাকৃতির গতিকে আর ঋতুর মহিমাকে নিজ্জীব পদার্থ বায়ু আর বন্চর পক্ষীর সহিত মিলাইয়া উপমা দিয়া কম্পনা দেবীর সন্ধি পূজা করিয়াছেন! তাঁহার পায় কোট কোট নমস্কার!

নিত্যকামী কহিলেন, তোমার জয়দেবের চেয়ে আমার পত্রিকা গায় ভাল । পত্রিকার গানগুলি আর গলাখানি বড মিষ্ট ।

রদ্ধ ছলগ্রাহী এখন পত্রিকার খোষামোদ করিতেছেন। পাট-নায় তিনি পত্রিকার মনের কথা পাইয়াছেন, পত্রিকা ভাঁছাকে বিবাহ করিবেন। এই জন্য এত খোষামোদ। "পত্রিকার গলাখানি বড় মিন্ট।" এই কথা শুনিয়া পূর্ণশশী আর পত্রিকা মুখ ফিরাইয়া মুখ টিপিয়া একটু একটু ছাসিলেন; নিত্যকামী তাহা দেখিতে পাই-লেন না।

রাত্রি প্রায় চারি দণ্ড অতীত। গগনমগুলে বসস্তচন্দ্র উজ্জ্বল শুভ কিরণ বিস্তার করিয়া হাস্য করিতেছেন, প্রকৃতিদেবী হাসিতেছেন, ধরণীদেবী হাসিতেছেন, জলে নিশানাথ-রঞ্জিনী কুমুদিনী হাসিতেছেন। পত্রিকা হাসিয়া কহিলেন, পূর্ণশশি! আমরা অন্য-মনক্ষ হইয়া কতকক্ষণ এখানে দাঁড়াইয়া আছি, ঐ দেখ, আকাশের পূর্ণশশী কত দূর আসিয়াছেন, তোমাকেই বা ধরিতে আসিতেছেন, না হইলে অত হাসি কেন?—সত শীঘ্র শীঘ্র গতিই বা কেন?— চল আমরা পালাই। নিত্যকামীকে লক্ষ্য করিয়া বলিলেন, দ্বিজবর! আসুন, শিবিরে যাই, রাত্রি অধিক হইতেছে।

নিত্যকামী চম্কিয়া উঠিলেন। ভাবিলেন, পত্রিকা আমাকে দ্বিজ্বর বলিল !কেন বলিল ?--আমার দশা তবে কি ছইবে ? ঐ রত্ন লাভ না ছইলে আমি কখনই বাঁচিবনা। পত্রিকা তাঁহার মনের ভাব বুঝিলেন। হাসিমুখে কহিলেন, মুনিবর ! আপনি কি ভাবিতেছেন ?

আমি আপনারে দ্বিজ্বর বলিয়াছি, তাছাতে কি কোনো দোষ হইয়াছে? দেখুন, আপনি গুরুলোক, মান্য লোক, স্বধু বর বলিলে
অপমান করা হয়, তাচ্ছীলা বুঝায়, সেইজন্য একটী দ্বিজ কি একটী
মুনি আগে বলিয়া বর বলি; ইহাতে আপনি ক্ষুণ্ণ হইবেন না।
আমি আপনারি পত্তিকা।

রদ্ধ ব্রাহ্মণের ধড়ে প্রাণ আসিল। তিনি খল্ খল্ করিয়া হাসিয়া গদ্ গদ্ স্বরে কহিলেন, পত্রিকে! জীবনের পত্রিকে! তুমি লক্ষ্মী;—
তুমি আমার মানস সরোবরের শতদল কমল,—তুমি আমার হৃদ্
কমলের কমলা!—তুমি বাঁচিয়া থাক, আমি তোমারি।

পাতিকা মৃত্যাস্থা করিয়া কছিলেন, অত বলিতে হইবে না, আমি ভুলি নাই। আপনি যাহা বলিবেন, তাহাই আমার শিরোধার্যা। আশীর্কাদ করুন, শীঘ্র আমাদের বিবাহ হউক। পূর্ণশশীরও বিবাহ হউক। হাঁ, আর একটী কথা।—আপনি আমারে কমলা বলিলেন, তবে ত আপনি এখন অবধি কমলাকান্ত হইবেন ?—যতদিন বিবাহ না হয়, ততদিন আপনার নাম থাকুক, কমলাকান্ত শর্মা।

নিত্যকামী আছ্লাদে ঢলিয়া পড়িলেন;—যেথানে দাঁড়াইয়া ছিলেন, সেথান হইতে তিন চারি পা টলিয়া গেলেন, কছিলেন, 'তথাস্ত'। তুমি যা বলো, তাই আমার মঞ্জুর। আমাদের পূর্ণশশী পৃথিবীর পূর্ণশশী,—তুমি গগনের পূর্ণশশী। তোমার মর্যাদা বড়। এখন রাত কত পত্রিকে?

রাত্রি অনেক হইয়াছে, প্রায় এক প্রহর আগত। আস্থান, শিবিরে যাই। শশিং। চল ভাই, আর নয়।

তিন জনেই বস্তুগৃহে প্রবেশ করিলেন, বিশ্রাদের পর আহা-রাদি সমাপন হইল। পুর্ণশাীর মন কিছু চঞ্চল। পাটনা ভাগি করিয়া অবধি এই শিবিরে প্রবেশ করিবার পূর্বাক্ষণ পর্যান্ত জগতের শোভা দেখিয়া চিত্ত প্রফুল হইতেছিল, এখন বন্দিনীর নাায় পটাবাদে আবদ্ধ হইয়া মনে আর স্থে নাই। স্লানমুখে প্রকাকে জিজাসা করিলেন, প্রিয় স্থি। এ কোথা এলেম ?

পঞ্চম পরিচ্ছেদ।

कुःथिनी विकाधिती।

" লালিত লবজ্বলতা পরিশীলন কোমল মলয় সমীরে। মধুকর নিকর করম্বিত কোকিল-কৃজিত কুঞ্জকুটীরে॥" জয়দেব।

রজনী প্রভাত হইল। পূর্ণশশীর বদন বিষয়। পত্রিকা কারণ জিজ্ঞাসা করেন, কিছুই বলেন না। নিত্যকামী জিজ্ঞাসা করেন, দীর্ঘনিশ্বাস উত্তর পান। অস্থ্যে অস্থথে সমস্ত দিন গেল, সন্ধ্যার পর পত্রিকা পরিহাস করিয়া জিজ্ঞাসা করিলেন, শশি। রাজকুমারকে দেখিবার নিমিত্ত কি তোমার মন চঞ্চল ইইয়াছে?

উত্তর পাইলেন না , স্থানর। য ঐ প্রশ্ন করিলেন, উত্তর নাই।
তৃতীয়বার প্রশ্ন, তাহাতেও সমান ফল। চতুর্থ প্রশ্নে পূর্ণশনী যেন
কিছু বিরক্ত হইয়া বলিলেন, তোমার অত কথা জিজ্ঞাসা করিবার
প্রয়োজন ?

প্রয়োজন আছে। না থাকিলে জিজাসা করিব কেন? —পত্রিক। রাগ করিলেন না, —হাসিলেন। —হাসিতে হাসিতে ঐ চুটী কথা বলিলেন। নিতাকাসী উহাঁদের উভয়ের মনের ভাব কিছুই বুঝিলেন না।—
গাঁদ্রীরভাবে,—সে শারীরে আর সে স্বভাবে যতদূর গাদ্ধীয়া সম্ভব,—
তত্টুকু গাদ্ধীর ভাবে বলিলেন, রাজপুত্র পাটনায় গেলেন না, প্রয়াগে
থাকিবেন বলিয়াছিলেন, এখানেও নাই, তবে তিনি কোথায় ?
কাশ্মীর পর্যাস্ত যাইতে হইবে বটে, কিন্তু সে অনেক দিনের কথা।
আমি ততদিন বিলম্ব করিতে পারি না।—দেখিতেছি, পূর্ণশানীর
বিবাহ অগ্রে হইল না;—তুমি—

কথা সমাপ্ত করিবার পূর্কোই পূর্ণশনী করতালির দ্বারা ইঞ্চিত করিয়া চুপ করিতে বলিলেন। অপ্রফুল,—স্রান বদন উর্দ্ধে তুলিয়া একটী নিশ্বাস ফেলিলেন। পত্রিকার দিকে সজল নয়নে দৃষ্ঠিপাত করিয়া মৃত্সুরে কহিলেন, স্থি! আমি বড় অভাগিনী!—বলিয়াই মুখখানি নত করিলেন, পদ্মচকু দিয়া ছুফোঁটা জল মাটিতে পড়িল;

পত্রিকা শশব্যস্ত হইলেন। তাঁহার নবনীকোমল চিবুকে হস্ত দিয়া মুখথানি তুলিলেন। করুণস্বরে কহিলেন, এ কি! কালা কেন? —তোমার শত্রু অভাগিনী হোক, তুমি রাজরাণী হইবে।—একবার একটী স্বর্গকনাার প্রতি দেবরাজ রুই হইয়া অভিশাপ দিয়াছিলেন, সেই বিদ্যাপরী কত কই পাইয়া প্নরায় স্বরপুরে আদরিণী হইয়াছিল। তুমি যদি দে আখ্যান শ্রবণ কর, তবে এ সামান্য ক্লেশ এখনি ভুলিয়া যাইবে।

পূর্ণশানী নিশাস ফেলিয়া বলিলেন, ভাল, তবে বলিয়া যাও, শুনিতেছি। দেখি, যদি মনকে স্থন্থ করিতে পারি।

পত্রিকা গণ্প আরম্ভ করিলেন,—পূর্ণশশী, নিত্যকামী, আর সহচরীরা এক মনে শুনিতে লাগিলেন।

রহস্পতির শিষোরা যাহাকে কিল্বী বলেন, মহম্মদের শিষোরা

যাছাকে পরী বলেন, আমি তাছাকে বিদ্যাধরী বলিলাম। বিদ্যাধ-রীদের পাথা আছে, তাছারা উড়িতে পারে।

একদা বসম্ভকালের প্রাতঃকালে একটী বিদ্যাধরী নন্দনবনের দ্বারে দাঁভাইয়া রোদন করিতেছিল। স্বর্গের কাম্য উদ্যানে প্রবেশ করিবার তাহার অনুমতি ছিলনা। যে গন্ধর্ম দেবকাননের প্রহরী, তিনি ঐ বিদ্যাধরীকে নিবারণ করিতেছিলেন। অভাগিনী কাঁদিয়া কাঁদিয়া বলিতেছিল, আমি মহাপাপী, শচীপতি আমারে অভি-সম্পাত করিয়াছেন,আমি স্থরপুরীর স্থুখ হারাইয়া ত্রিভুবন ভ্রমণ করি-লাম, কোথাও আমার স্থুখ নাই। দেবী ইন্দ্রাণী আমারে তত ভাল বাসিতেন, এখন আমি অকলে ভাসিয়াছি, কোথায় আছি, সে কথা কি তিনি একটীবারও জিজ্ঞাসা করেন ?—হে গন্ধর্মরাজ! আমি আপনার চরণে ধরি, একটীবার সরুন, একটীবার আমি নন্দনে প্রবেশ করিব, দেবরাজ—দেবরাণীর পাদপদা দর্শন করিব, আমি আপনার চরণে ভিথারিণী;—একবার দয়া করিয়া পথ ছাড় ন।—আমি ত্রিভু-বন ভ্রমণ করিয়াছি, কত মনোহর পর্বত, কত মনোরমা স্রোতস্বতী, কত ঊদ্মীময় সংগভীর সমুদ্র, কতশত রমণীয় উপবন, কত কত মনোহর রাজপ্রাসাদ, আর কতশত রূপবান রূপবতী পুরুষ প্রকৃতি দর্শন করিয়াছি, চক্রলোক, নক্ষত্র লোক, নাগলোক সন্দর্শন করি-য়াছি, কতশত কমনীয়-কান্তি স্থৱতি স্বভাবকুস্ম আত্মাণ করিয়াছি, কোথাও কিছুতেই আমার স্থখ হয় নাই। অনস্তকাল অনস্তজগতে যদি ভ্রমণ করি, তাছা হইলেও বিন্দুমাত্র স্থুথ পাইব না। এক মুহূর্ভ নন্দনবাদে যে আনন্দ,অন্ত বৎসবেও তাহা কোথাও স্থাপ্য নয়। হে গন্ধরাজ! আপনি অনুমতি করুন, মুহূর্ত্যাত্র নন্দ্র দর্শন কবি ।

আমি উড়িতে পারি, আমার জগং সক্ষরনের আক্ষেপ নাই। ভ্ৰীবার্ভ, কুজ্মশোভিভ, সভাবস্জিভ হিম্লেয় প্রতি দশ্ন ক্রিয়াছি,—পার্ক্সভীনাগের প্রভাননিবাদে পার্ক্সভীস্থ গিরীশা ত্তনকৈ কৈলাম প্ৰকৃত্তে দুৰ্শন কৰিয়।ছিত ভাষেক শিখাৰে, মীলাফিত उपायाः - विद्यार्थाः । इत्रायाः अवता । वार्याः क्षिन्युर्धः स्वायः प्रकः ্রীকে অ্রলিঞ্জন করিয়।ছি,—ভাগীরপ্নিরি,—সাগরসঞ্জনে, ভারে-বুলী প্রবাহে ধানকেলি করিয়াছি, কোপাও আরু এমন স্থা, এমন भागक छेलाजाल कवि नाहा-लिकिस्टासः मन्याकिनी वर्जाहन আলাবে দুশন দেন নাই, ভাঁছার সহাস আন্ন, রুজ্ভব্জ, অফুল ইন্মি ব্জনিন আমি সন্দর্শন করি নাই। আমি মহাপাত্রিনী:---্চ গল্পপ্রাজ। আমি পার্থির বৈকুও কাশ্মীর উপাত্তবায় সঞ্চরণ করিয়াছিং জরবালা সদৃশ বিলামিনীকুলের মহবাম করিয়াছি, কিছতেই মনের স্থ ফিরাইয়া আনিতে গারি নাই। সকল শোভা, সকল আনন্দ, একত্র করিয়া ঠিক দিয়াছি,—সকল প্রমোদের সমষ্টি করিয়া স্থাপের উপরে উপবেশন করিয়াছি, এক অহমার নন্দন-স্থর উপভোগ করিতে পারি নাই। জগতে তেমন স্থর নাই। তুলনা করিব ভাবিয়াছি, প্রযোদ কানন মনে হইয়াছে, অমনি কাঁদিয়া আকুলিনী হইয়াছি। হে গন্ধরিজ। ভিলেক সদয় হউন,—স্বৰ্ধ-হার ছাড়িয়া একটীবার মুহূর্তমাত্র সক্ষন, আলি নন্দন দুশন করি। প্রহরী গন্ধর্ম মৃতু হাসিয়া কহিলেন, প্রমালিকে ! তুমি কি

প্রহরী গদ্ধর মৃত্ হাসিল। কাহলেন, প্রেমালিকে। তুমি কি বল — পাঠক মহাশ্র । মনে রাখিবেন, প্রিকার আখ্যাতিকার নারিকার নাম স্করমালা। ইন্দ্রানী আদর করিলা ভাহারে স্করমালিকা বলিতেন।— গদ্ধর্মপতি গদ্ধীরভাবে কহিলেন, স্করমালে । ধদি তুমি দেবধামের উপযুক্ত কোনো স্কর্লভ উপহার এনিলা দিতে পারো,

ভবে দেবরাজ সদয় ইইয়া ভোমারে নক্ষনবনে প্রবেশ করিতে দিবেন্। ভোমার সকল পাপি মোচন ইইবে ।

বিদ্যাধরী চিষ্কা করিতে লাগিল। দেবদামের উপযুক্ত স্বছুলভ উপছার '--সে অমূলা পদার্থ কোথায় পাইন ? পুথিনীর কোন দেশে তেমন অমূল্য নিধি আছে ?—সমস্ত ভ্ৰমণ্ডল আমি প্ৰদক্ষিণ করিয়াছি। যেখানে সমুষা আছে, তাহা আমি জানি,— যেখানে পশুরাজ সিংহ আছে, তাও আমি জানি, যেখানে যুগপতি গজেন্দ্র বিচরণ করে, ভাও আমি জানি,---যেখানে শশ, মুগ, মহার, কোকিল. শুক, আর কপোতেরা আছে, তাও জানি,—গভীর জল্পিতলে মণি যুক্তা লুকানো আছে, তাও আমি জানি,—দেবাস্থরে সমুদ্রমন্থন কালে অমরেরা যেখানে অমৃত পাইয়াছিলেন, সেখানে এখন যে রত্র আছে, তাও আমি জানি,—মনোছর শৈল শঙ্কে, আন্ন প্রবা হিনী তর্ঞ্সিনীগর্ভে যে সকল মনিমর্কত ব্যক্ষক করিতেছে, তাও আমি জানি, নীলকান্ত, সূর্যাকান্ত, চন্দ্রকান্ত, সামন্তক, আর অয় ক্ষায়, এই পঞ্চ রত্নেরও বিরাজবাস জানি,—যে সকল নাগেন্দের মাথায় মাণিক জলে, তাও আমি জানি: বিনা শ্রমে সংগ্রহ করিতেও পারি; কিন্তু ভাতে কি স্তরলোকের মনোরঞ্জন কবিতে পারিব ?

> চক্ষু বুজিয়া ভাবিল,——— প্ৰথম।—ভা। দ্বিতীয় ;—র। তৃতীয় ।—ভ। চতুর্থ।—ব। প্রামা—র্ষ।

প্রথম উপহার।

আহা !--

কে দিবে দেখায়ে রাহা, কার কাছে যাইরে ' দেবের তুল'ভ নিধি, কার কাছে পাইরে ! কে করে এ উপকার, কে হবে মথা আমারঃ

> দেবরত্ব উপহার, কার কাছে চাইরে!

সদয় হবে কি বিধি, পাব কি সে মহানিবি, ত্রিজগতে সে নিধি কি, কারো কাছে নাইরে ?

বিদ্যাধরী উড়িল।—এই গীত গাইতে গাইতে কামচারা বিদ্যালির নিকে নামিল।—উড়িয়া উড়িয়া কত দূরই খাইতেছে, অন্তরীক্ষ গতি—কামচারী কিন্নরী, তাহার গতি কে দেখিতে পায় ই—যাইতে যাইতে ভারতব্যের প্রতি প্রথমেই ভাহার ৮ক্ষ পতিত হইল;—নামিতে লাগিল।

এই প্রান্ত বলিয়া পত্রিক। একটু থামিলেন।—যেন কি চিন্তা করিতে লাগিলেন।—নিতাকামীর ঐ গণ্প ভাল লাগিতেছিল না। কেবল পত্রিকা বলিতেছেন, এই জন্য বসিয়া ছিলেন। গণ্প শুনিতেছিলেন না;—পত্রিকা মুখ নাড়িতেছেন, ছাত নাড়িতেছেন, এ দিক ও দিক চাহিতেছেন, ভাঁছার দিকে কটাক্ষ করিতেছেন, হাসিতেছেন, এক এক বার চঞ্চল হইতেছেন, ছল নাড়িতেছে, অলকা উড়িতেছে, এই সকল দেখিতেছিলেন। হঠাই ভাঁহাকে নিস্তক্ষ

দেখিয়া হনভারে কহিলেন, বেশ গণ্গ,—নন্ত গণ্প ! উঃ ! অত কথা কহিতে ভোমার বড় ক্লেশ হইয়াছে; চলো, বিশ্রাম করিবে চল ! উঃ ! অত কথাও মনে কোরে রেখেছিলে ?—নন্ত গণ্প !—বাঃ !

পূর্ণ-শর্মী কর তালি দিয়া রদ্ধ ব্রাহ্মণকে নিরস্ক করিলেন। নিতালি মারির কথায় পাত্রকা উত্তর দিলেন না; পূর্ণ-শর্মীকে কহিলেন, দেখ শর্মি! আমাদের এই ভারতভুগি প্রকৃতি সর্তার পরম আদেরিণী তনয়া। ইহাঁর শরীরে সকল প্রকার অলস্কারই শোতা পাইন্য়াছে। আমরা আরে কি বলিন, স্বর্গের বিদ্যাপরী ইহাঁর গুণ কীর্ত্রন করিয়াছে। আমি তাহার মুখে শুনি নাই, প্রস্তুকে পাঠ করিয়াছে, বিদ্যাপরী বলিয়াছিল, ভারতফেত্র প্রাক্ষেত্র। এখানে ভাস্বর ভাস্করের শুভ কিরণ, নিশানাথ শর্মাপরের স্থাতল রিশ্রেমালা, রক্ষতময় গিরিপ্রেণী, কাঞ্চনপরণী স্থোভস্তী, মনোহর প্রস্তাননন, স্থান্ধি চন্দনকুঞ্জ, হাসামুখী কমলিনী,—প্রযোদিনী কুয়ুদিনী, সকলি স্বন্দর,—সকলি রমণীয়; এমন শোভ। জগতে নাই।

বিদ্যাপরী এই শোভা দশন করিল।—দশন করিয়াই শূনা হইতে
নীচে নামিতে লাগিল।—সিন্ধুকুলে উপনীত। অন্তরীক্ষে থাকিয়া
এতক্ষণ যে শোভা দেখিতেছিল, এখানে সে শোভা বিবর্ণ। —মলিন,
—বিষয়,—বিবর্ণ!—সিন্ধুনদের জল যেন রক্ত দিয়া মাখানো!—
এক জন যবন বীরদর্পে ক্ষত্রপুরী লওভও করিয়াছে, অন্তঃপুর ছারখার করিয়াছে, যুবতী, প্রৌঢ়া, রন্ধা, বালিকা, বালক, যুবা, রন্ধা,
বীর, সকলকেই অস্ত্রানলে দগ্ধ করিয়াছে!!—নিষ্ঠুর যবন অনলকে
পূজাকরে না,—হিন্দু ক্ষত্রিয় মৃত্যুকালেও হৃদ্যের শোণিত দিয়া
ভূ গ্রাশনের পূজা করিয়াছেন, কামিনীরা শিশুশোণিতের সহিত নিজ

শোণিত মিশাইয়া অগ্নিদেবের আর সিন্ধুনদের পূজা করিয়াছে, কিছু খার বাকী নাই! কেবল একজন বীর প্রথম ক্ষিরাক্ত শারীরে অবশ হতে সন্তর্কাণ ধারণ করিয়া দাঁড়াইয়া আছেন। তাঁহার তূণে কেবল একটা মাত্র শার অবশিক্ত। তিনি সেই শার নিক্ষেপ করিয়া জন্মভূমির নিকট শেষ বিদায় লইবেন, এই আকিপন। শার নিক্ষেপ করিলেন,—কম্পিত হস্তের লক্ষ্য,—লক্ষ্য ভাক্ত হইয়া গেল! দিগ্নিজয়ী মুসল্মান হুছ্মারে গজ্জন করিয়া কহিল, 'থাক্ থাক্ পাষও! পাপের প্রতিফল ভোগ কর্!'—বলিতে বলিতে তীক্ষ্ণার থড়েন প্রযাতৃত্বমিপ্রিয়, স্ত্রীপ্রভাবিয়োগী, স্থাধীনতা প্রত্যাশী, রাজ্যজ্জক বীরেজ্জর কওছেদ করিল! সেই রক্তবিন্ধু—প্রিয় রক্তবিন্ধু ভূতলে পড়িতেছিল, কিয়রী হায় হায় বলিয়া অঞ্জলি পাতিয়া ধরিল।—ধরিয়াই শ্নাপথে উভ্য়া গেল। স্বরনন্দনের দ্বারে সেই শ্রেজ্জরক্ষক দণ্ডায়্মান। তিনি অগ্রগামী হইয়া দ্বার অবরোধ করিয়া কহিলেন, কি বি

বিদ্যা ।—ছুর্লভ বস্তু আনিয়াছি।

প্রহরী।—দেবছুলভ ?

विष्णा ।—ভाङाई।

প্রহরী | ক ?

विमा ।—এक क्षाँचे। दुन्छ ।

প্রহরী।—এক ফোঁটা রক্ত দেবছুলভ কিসে :

বিদা। — স্থাধীনতার শেষ চিহন। জন্মভূমি রক্ষার শেষ চেইটা। বংশ নাশ, রাজ্য নাশের প্রায়শিচভ। ভারতবধের ক্ষতিয় রাজার কঠে যবন থড়েলর শেষ নিদর্শন।

প্রহরী গন্ধর্ম বিক্ষিত ছইলেন;—কহিলেন, দুর্লভ বস্তু বটে.

কিন্তু ইহাতেও দেবরাজ তুউ হইবেন না। ইহা অপেক্ষাও ছুর্লভ রুজু আনিতে হইবে। দেখিতেছ না, এই প্রকাণ্ড ক্ষাটিক দ্বার একটু সাত্রও নভিতেছে না।

বিদ্যাধরী কাঁদিল। — কাঁদিয়া বলিল, গন্ধর্ম রাজ! ভারতংর্ম আমার বৈকুওধাম, — দেখানকার স্বাধীনতার শেষ নিদর্শন শোণিত-বিন্দু দেবছুর্লভ হইল না, — বড় আক্ষেপ থাকিয়া গেল। আমি এখন নাচারে পড়িয়াছি, আবার আমারে পৃথিবী ভ্রমণ করিতে হইল। দেখি দেখি, উহা অপেক্ষা অমূল্যরত্ম আর কোথাও আছে কিনা, — আর কোথাও পাই কিনা? — এই কথা বলিয়া কাতরা বিদ্যাধরী প্ররায় উড়িয়া গেল।

দ্বিতীয় উপহার।

মিসরের চন্দ্রপর্কত জগংপ্রাসিদ্ধা। পৌরাণিকেরা অনুসান করেন, ঐ গিরিমূলে অনুদিউমূল নীলনদের জন্ম।—চন্দ্রশিথর সতা সতা নীলের পিতা কিনা, কে জানে?—আমি জানি না। আমে পাশে পঙ্কিল জলাশয়ে পদ্মফুল ফুটিয়া আছে, তাহাদের জিজ্ঞাসা করিলাস, তাহারা কহিল, আমরা জানিনা। তবে আর কাহারে জিজ্ঞাসা করিব?—কাহারেও না।—একা আমি দেখিব, এই স্থান সতা সতা স্থেস্থান কিনা? বিদ্যাধরী এই খানে আসিয়াছে। সে আমারে বলিবে, এখানে দেবছুল্ভ বস্তু আছে কি না?

বিদ্যাধরী নামিল।— সম্মুখে গোলাপকুঞ্জ।—স্থগন্ধে আমো-দিত গোলাপবন।—মধুকরেরা অঙ্কার করিতেছে, মৃত্র বাতাস বাল-কের মত খেলা করিতেছে, পবন দেব প্রাচীন ঋষি হইয়াও এখানে আজ শিশু সাজিয়াছেন।—কুঞ্জের এক নির্জ্জন প্রদেশে একটী হুদের দারে একজন মুমূর্ যুবা শয়ন করিয়া আছে। হাসিতেছে না, কথা ক্ছিতেছে না,—হাত্র্থ নাড়িতেছে না,—কেবল স্তির নেতে দীঘ নিশাস ফেলিতেছে।—এক দিকেই কাতর নয়নে চাহিয়া আছে।—থাকিয়া থাকিয়া মৃত্যুযাতনায় অক্ষুট রব করিতেছে।—বিদ্যাধরী গুপ্তভাবে থাকিয়া তাহা দেখিল।—উভয়ের চক্ষে পলক নাই।

যুবা পরম স্থানর। আছা! এমন স্থানর যুবা এখানে এ দশায় কেন?—মরিতে আদিয়াছে?—কেন মরিবে?—আছা! এর কি কেউ নাই?—কি ছুংখে মরিবে?—কেছ দেখিতে নাই,—কেছ কাঁদিতে নাই,—তপ্ত হৃদয়ে এক বিন্দু জল দেয়, এমন একটা প্রাণীও কাছে নাই! আছা! উহার হৃদয়ে এমন কি অনল জ্বিতেছে?—কে জানে?—জল দিলে কি জুড়াইবে?—কি বলিতে পারি?—উহার চক্ষের নিকটে ঐ যে কেমন স্থানর ফোয়ারাতে, কেমন স্থানর হৃদহৃদয়ে, কেমন স্থানর স্থাতিল সলিল বাতাসের সঙ্গে খেলা করিতেছে, উহার এক অঞ্চলি হৃদয়ে ছিটাইলে কি স্থস্ত হয়?—কি বলিতে পারি?—বিদ্যাপরী এইরপ চিন্তা করিতেছে, এমন সময় অকম্মাৎ উপবনের পাশ্চম কুঞ্জ ভেদ করিয়া বিদ্যাতের উদয় হইল!—বিদ্যাপরী চমকিয়া উঠিল;—ভাবিল, এ বিদ্যাৎ নয়,—স্বর্গের দৃতী!— ঐ যুবার আত্মাকে লইতে আদিয়াছে! এখনি লইয়া যাইবে!— আহা! এইবার উহার আত্মা স্থসানে গিয়া জুড়াইবে!

চক্ষের নিমেষে সেই তেজােমগ্রী মূর্ত্তি ঐ পুলিশাগ্রী যুবার নিকটে দৌড়িয়া গেল।—কোনাে দিকে চাছিল না, শশবাস্তে তুললুঠিত যুবার কঠবেউন করিয়া চীৎকার সরে কছিল,—"না—না,—তােমার চন্দ্রমুখ ফিরাইও না;—সামার দিক ছইতে তােমার ও প্রিয় বদন ফিরাইও না।" এই কথা বলিয়া ভূতলে বিসয়া পড়িল।—

যুবার অবসন্ন মন্ত্রকটী আপনার উরুদেশে তাপন করিয়া এক দুটে মুখ পানে চাহিল,—চক্ষু হইতে ছুই ফোঁটা জল গড়াইয়া ভাষার মুখে পড়িল।

বিদ্যাধরী তথন দেখিল, বিছাৎ নয়,—সুর্বের দূতী নয়,—নর স্থানরী;—স্থারস্থার চেয়েও রপবাতী মানবী কামিনী।—রপে বন আলো হইল। যৌবনের ছটায় যুমূর্য পথিকের কান্তিশ্না মলিন মুখ যেন দীপ্তি পাইতে লাগিল। কিন্তু কামিনী উন্মাদিনী। বিনোদ মুখে হামি নাই, বিনোদ মন্তকের কেশগুলি আলু থালু, ছুই পাশ দিয়া অলকাগুছ আকুল ভাবে মুখের অন্ধেকিট্রু ঢাকা দিয়াছে, যেন পূর্ণ-শশীর উপর কুইমেঘ ভাসিতেছে! অস্পে অলস্কার প্রীজন্ট,—বসন অয়ত্যে—অলজ্যায় শিপিল,—পদ্যচক্ষে বিন্দু বিন্দু অঞ্চণ অপচ রূপে বন আলো করিয়াছে। বিদ্যাধরী এই ভুবনমোহন রূপ দেখিয়া অবাক হইল।

কামিনী অতি যত্নে সজল নয়নে যুবার মুখখানি সোজা করিয়া গরিতেছেন, অবশ সস্তক আবার লুটাইয়া পড়িতেছে !—আবার তুলিয়া করুণস্বরে বুলিতেছেন, আবার পড়িয়া যাইতেছে ! আবার তুলিয়া করুণস্বরে বুলিতেছেন, "চাও !—আমার পানে চাও !—ফেরো ! একটা বার আমার দিকে ফেরো !—কেন ?—চিনতে গারিতেছানা ?—গারিবে।—চাও ! একটাবার চাও !"—বলেন আর কাঁদেন,—বলিতেছেন আর কাঁদিতেছেন। আবার বলিলেন,—'কেন ?—আমি কি তোমার নই ?—কেন ?—আমি তোমারি !—''ক্ষণেক চিস্তা করিয়া আবার কছিলেন, "যাইবে ?—কেন থাইবে ?—কেন থাইবে ?—কেন থাইবে ?—কেন থাইবে ?—তুমি আমার ক্ষম্য আলো করিযাছ,—তুমি গেলেই রজনী হইবে ;—সে রাত্রি লইয়া কি করিব ?''

ক্ষা, আবের চুল করিছা আবের কহিলেন, আমাবে কেলিয়া ক্ষোথার যাইবে — ইছলোকেও আমি লোমার পরলোকেও আমি তোমার পরলোকেও আমি তোমার পান্ধ ক্ষান্ধ কিছিল। তিমার পান্ধ বিষর, এই আমার পান,—এই আমার প্রতিজ্ঞা। আমি কুমারী;—আমি এই চন্দ্রপকাতের নরপতির ক্ষাণী, আমার বের্ছ হয় নাই,—আমি রাজকনা, আমারে কেলিয়া কোমার হিছিল করিবে বলিয়াছ,—কর ,—আমি তোমার জ্ঞা আমারে বিবাছ করিবে বলিয়াছ,—কর ,—আমি তোমার জ্ঞা — সাজ সজ্জে যাইবে,—যেখানে যাইবে, সাজ মাজ বিভাগ গ্রিকানি হার ক্ষান্ধন কাল কি — এ ভার জ্ঞাবনে—"

রাজকনা কথা সমাপ্ত করিছে প্রবিধান না ভিরের প্রির বিজ্ব বিরের নেত্র হির হইল,—শেষ নিশাস বাহির হইল গেল '--রাজ্বরমরী আর কাদিলেন না, 'এসো জলপোস আলিজন করি '' ধলিয়া গাঢ় আবেশে একটা চুখন করিলেন। সেই একটা চুখন সে জন্মের শেষ। 'আসার সঙ্গে সভার ঔষধ আছে '' এই কথা বলিয়া একটা মর্মভেদী দীঘ নিশাস প্রিভাগে করিলেন! বিদাধেরী নক্ষত্র-গতি সমীপত্ত হইয়া দক্ষিণ করপজ্লবে সেই নিশাস ধরিল। কহিল, 'অথে নিজা যাও! দিভীয় জগতে ভোমার বিশুদ্ধ আমার মন্ত্রল হইবে! আমি চলিলাম।'' রাজকন্যার প্রাণবায় তথন সেই নিশা-সের সঙ্গে উভিয়া গিয়াছে।

নিশ্বাস লইয়া বিদ্যাপরী উজিয়া গেল া অমরাবর্তীর দারে গিয়া প্রছরীরে বলিল, এই দেখুন, একটী প্রম রূপবর্তী মুবরী রুমারীর নিদ্ধলঙ্ক পবিত্র প্রণয়ের শেষ নিদশন দীর্ঘ নিশ্বাস আনিয়াতি! গন্ধর হাসিয়া কহিলেন, স্থাবর! হইল না ! এই দেখা নাদনের সিংহ দার একটও নাড়িতেছে না। আরো কছু ছলভ বস্তু চাই।

বিদ্যাপরী ভাবিল, এবে আর স্থরপরীর স্থ আমার অদ্টে মাউ। আবে জুলান সম্ভাগোয় পাইব ই ভাবিষা চিন্তিয়া আবার পুলিসাং লিকে পদ্ধ সঞ্জন কবিল।

ত •াল উপহার।

ক্ষাস্থা এলার ক্ষেত্র প্রতিত চলিল। মেরুশিখন একটা সালাভ্য প্রজানার বিবাজিত। উপতাকা ভ্রমিও মনোছর প্রস্পাক্তঞ্জ হলোভিত। খেত, লোভিত, পাত, পাটল, নীল ও আর্জিম কুসুমা বলি প্রাক্ত টিম ভইয়া সেই মনোহর স্থানটী আরও মনোহর করি যাছে। সন্ধাকাল, বসমেব থৌতন দশা। মৃত্যুক্ত মল্যু মাকুত সেই সকল বদ্দা প্রোভন কুপ্রমের স্বর্তি পরিমল চত্রদ্ধিকে প্রবাহিত ক্রিয়া দিল্লাণ্ডল আমে।দিত ক্রিতেছে। সম্প্রাসী, সম্মত্ত সম্বক বেরা প্রজ্ঞা কটভে প্রজ্ঞান্তরে উডিয়া বসিতেছে, বোধ কটতেছে যেন, কস্মগুলির পাখা হইয়াছে। ভ্রমরের। একবার গুন গুন গুঞ্চন করিয়। ফুলে ফুলে মধুপান করিভেছে, একবার "মনে মনে ভোরে যে ভাল বাসি''----যেন মধ্রস্বরে এই গীত গাইতে গাইতে, পাতার উপর,—ফুলের উপর, উডিতেছে,—উডিতে জানে বলিয়া উডিতেছে না, – লোকে দেখুক, আমরা মধুপান করিয়া কেমন খেলা করিছেছি, এটা ভাবিয়াও উভিতেছে না,—প্রমোদে মাতিয়া উভিতেছে: পাঠক মহাশয় । ভ্রমর আর মৌমাছি, ইছারা ছুই পুথক শ্রেণী,— নিতাম পুথক না হউক স্বতন্ত্র শ্রেণী।—আমি আজ মধুকর ভ্রমরকে মধুম্ফিকা বলিব।--বলিনাব একটা হেত্ও আছে। আমি বলি- তেছি না, — স্ববাল অপসরার মুখে এই শোভার বণন হইতেছে, মনে করুন, এটা যেন গান্ধকা ভাষা।

পত্রিকা এই কথা বলিয়া একটু হাসিলেন। হাসিয়া বলিলেন, পরী বলিল, মধুপাবলি উড়িতেছে। বোদ হইতেছে যেন, স্থমেরুর উপত্যকা ভূমির অলক্ষার প্রশোলার উপর নীলমনি উন্তিতেছে। স্থানের মাহাত্মো নীলকাম মনির বুঝি গাখা উঠিয়াছে গগন বিহারিনী পরী যাহা বলে, ভাহাই সম্বন্ধ

শৈলেন্দ্র স্থামেরর আসমতল পর্ম র্মণীয়। অচলবর কপে प्रक्रवर्गः हम्मकिव्रत्न किर्हिभानाथः एकत्र, श्राह्कान स्थापरक्षा ভিতে স্বচ্ছ প্রেস্কর্মালা প্রতিবিধিত, নবীন চিমাংগ্রুমেন রবি ুশারেক,—দিবা শোকে শত্রা— সহস্রদা বিদীণ, শিখর গাতে মেন শত শত নকজ, শত শত অয়স্কান্ত জলিতেছে,---খদেনতের। স্পদ্ধ। করিয়া পাস্ত্রভী ভুরুলভাকে আচ্ছন্ন করিছে আমিয়াছে, পারিভেছে না, চক্রমা ভাষাদের দল চুণ করিভেছেন বিষয় নিশাকর ক্ষত্র-জীবির উপর এত জ্বন্ধ কেন !--কারণ আছে। গিরিনিকারে কুয়ু দিনী প্রস্কৃটিত হয় না, স্বছতোয়া নদীকে প্রিনাও ফুটে না। প্রিল সরে।বরেই কমল ক্রয়দ জন্মগ্রহণ করিয়া থাকে। প্রতি প্রদেশে তেমন জলাশয় নিকটে নাই, নিশানাপ সেই জন্য বিষয় আননে প্রণয়িনীর আবাসস্থান অন্নেষণ করিতেছেন। এ সময় রুত্ব-मिनी ছाড়া यात्रारक मन्मारथ मिथिएडाईन, ভात्राहरे উপর কোণ इटेट्ट । सिट जनाटे जितिक्रिम्सा, — नियात मनियन छ। धात ला छ। কলেবর খণ্ড খণ্ড হইয়া দশদিকে কুমুদিনীর তত্ত্বে কস্ত হইতেছে। ভারানাথের অসংখ্য ভারকা চক্ষু আকাশ হইতে জ্রকুটি করিভেছে। প্রস্পাকুঞ্জ আহলাদে হাসিতেছে পর্বা দেখিল, শৈলতলে, শৈল

শিখরে, নিঝার সলিলে, অপূর্ত্ত শোভা;—চিত্ত বিয়ে(হনী—মনো-হারিণী শোভা !

স্থানে স্থানে প্রতিন সিদ্ধ শ্বাষ্ঠ আরু সংসার্থিরাগা তপ্সীদিগের ক্ষড় ক্ষড় আশ্রম। অপসরা স্থানালা সেই আশ্রম-প্রান্ত-ক্ষেত্র
কুঞ্জে নামিয়াছে,—কাহাকেও দেখিতে পাইতেছে না,—কুঞ্জাতিকা
কোষ্টিত মনোরম উপতাক। জনশ্না,—প্রাণীশ্না নয়,—পশুপক্ষী
নিনাদিত মপুরুঞ্জ:—হিংস্র জন্ত আছে, স্থাপদ সিংহ ব্যান্ত্র আছে,
হিংসা নাই, মনুষাস্পার নাই,—মুগশিশু ব্যান্ত্রকোড়ে, শশশিশু
সিংহীকোড়ে স্থাথ বিহার করিতেছে, অজগর সপ তেকপুত্রের
শিরশ্চ্মন করিতেছে, কিন্মান্য স্পার নাই।—স্পাল্লা স্থরমালা
যেন সভাযুগ দশন করিল,—পৃথিবীতে মেচ্ছ য্বনাধিকার আরম্ব,
কলি প্রান্ত্রত, পর্যা ভাষা জানিল না!

প্রিকা যথনকার গণ্প বলিভেছেন, তথন যবনভূষণ আকরের শাহের প্রপেতি আরক্ষজের দিল্লীর বাদশাই ওক্তের সভাট, প্রীপ্রেমালা যথন প্রেক্র আসের জোড়ে অসিয়াছে, তথন সেকেনর শাহ সিন্ধুনদকলে দিতীয় পরিস্থানের (পোর্সের) সহিত্যুদ্ধ করিয়াফিয়া গিয়াছেন, কালের সামগ্রসা নাই। গিজনীর মহম্মদ হিল্পুনংশ জয় করিয়াছেন, তথাচ প্রীদেখিল, সভাযুগ বিরাজমান। ভাকাইত আস্কে, তক্ষর আস্কে, দিয়া অস্কে, রাক্ষস আস্কে,—ভারতভূমির তাপোবনে আশান্তি আসিবে না। স্ক্রমালা ভাই দেখিল, স্থামক্র উপত্রেষ্থা সভায়গ।

অপ্সরা স্রমলো সেই মের কুঞ্রের বহুদূর বিচরণ করিল, স্থানের রমণীয়তায় কথনো কথনো হয়ে দিয় হইতেছে, দেবলোকে প্রবে-শের উপাহার লইতে সামিয়াছি, পাইতেছি না, এই চিন্তায় কথনো কথনো বিষয় ছইতেছে। দূরে বনবাসী ঋষিদিগের আশ্রম দেখিতে পাইল, মান্বসঞ্গার দেখিতে পাইল না। ক্রমশই বিষয়,—ক্রমশই
—উদ্বেগযুক্ত।—রাতি চারিদ্র ।

রাত্রি চারিদণ্ড।—নিশাপতি চন্দ্রমা পূর্দ্রাকাশে ঈষৎ হাসা আননে তারকা মণ্ডলীর সহিত প্রেমভাবে আলাপ করিতেছেন,—পৃথিবীর দূরস্ত সরোবর সলিলে কুমুদিনী,—দিবাবিরহিণী—কুল-লজ্জাবিরহিণী কুমুদিনী এতক্ষণ মৌনমুখী ছিল, এখন অভিসারিকার নায়ে ঘোমটা খুলিয়া, মুখ তুলিয়া, বুক ফলাইয়া জলের উপার ভাসিতেছে, নিশাকর এখন তাহারে দেখিয়া হাসিতেছেন। আকাশের সেই হাসির দীপ্তি ধরাতলে নিক্ষিপ্ত হইয়া সমস্ত জগৎ আলোকিত করিতেছে। ধরিতী জননী এ সময়ে জ্যোৎস্থাময়ী।

প্তার্ক্তের একটা পার্সকেন্দ্রে একটা গোলাপ-শ্যাতলে একটা শিশু বসিয়া থেলা করিতেছে। পরী দেখিল, সেই বালক এক দৃষ্টে প্তাপ্তি চাহিয়া আছে, হাসিতেছে, ভূমিতলে কোমল করপল্লব আঘাত করিতেছে, একটা ফুল ধরিবে ধরিবে বলিয়া হাত বাড়াইতেছে, ধরিতে পারিতেছে না। শিশুর বয়স উর্দ্ধ সংখ্যা ছুই বৎসর। প্তাপ ছুপ্তাপা হইল, উঠিয়া দাঁড়াইল, তথাপি ধরিতে পারিল না। কন্টক বিদ্ধ হইল, ব্যথা লাগিল, কাঁদিল না। বালকেরা যথন আনন্দে—নিমগ্ন থাকে, যথন কোনো প্রিয় বস্তুর প্রতি লক্ষ্য থাকে, তথন সামান্য অস্থ্যে, সামান্য বেদনায় জক্ষেপ করে না। সকলেই জানেন, বালস্কভাবে এটা প্রসিদ্ধ। স্বর্যালা দেখিল, বালক আলোহিত ছুগ্ধবর্ণ, যুখ্যগুল প্রফুল কমল সদৃশ, গ্রীবা হুস্থ, বন্ধ ছুল, মোলাগেম, হস্তুপদ নিটোল, গোল, কোমল। কেশগুলি অয়ন্ত্রে ক্রক্ষ, সন্ধ্যা স্থানি। ক্রমণ্ডল অয়ন্ত্রে ক্রেক্ষ, সন্ধ্যা স্থানি। ক্রমণ্ডল অয়ন্ত্র ক্রেক্ষ, সন্ধ্যা স্থানি। স্বর্যালা

ভাবিল, ইছার কি মাতা নাই ? সাদরে যত্ন করে, এমন কি কেছই নাই ? এই নিশাকালে এই বিজন প্রদেশে এমন অমূলা রত্ন ছাড়িয়া দিয়াছে, দেখিবারও কি লোক নাই ?— আমি ইছারে তুলিয়া লইব । এই অমূলা নিধি আমার স্বর্গ-নন্দনে প্রবেশের মহাহ উপহার ছইতে পারিবে। ক্ষণকাল যদি আর কেছ আসিয়া ইছারে ক্রোড়ে করিয়া না লয়, ক্ষণকাল যদি আর কেছ আসিয়া এই পূর্ণশাটী লইয়া না যায়, তাছা ছইলে নিশ্চয়ই আমি এটীকে কোলে করিয়া তুলিয়া লইব। দেবরাজ প্রন্দর আর শচীদেবী অবশাই ইছা প্রাপ্ত ছইলে আমারে নন্দনবনে প্রবেশ করিতে দিবেন। দেখি, শিশু আর কতক্ষণ একাকী থাকিয়া আরও বা কি করে। এইরূপ চিন্তা করিয়া অপ্সরা স্বর্গালা একটী অশোকত্রর অন্তর্গালে দাঁড়াইল। কেছ দেখিতে না পায়, এই ভাবে লুকাইল।

আর ছুই দও অতীত। সহস। উত্রদিক হইতে গিরিকুঞ্জ ভেদ্ করিয়া একজন বিকটাকার, দীর্ঘকায় পুরুষ সেই স্থানে আসিয়া উপ-নীত হইল। তাহার শরীর ক্ষুদ্ধ তালতর সদৃশ, বর্ণ কজলের নাায় কৃষ্ণ, হস্ত পদ পার্ব্বতীয় ভূজক্ষের নাায়, মস্তকে এক গাছিও কেশ নাই, মস্তক শরীরের পরিমাণ অপেক্ষা তৃতীয়াংশ ক্ষুদ্ধ। দস্ত বিশাল, কর্ণ ছোট, নাসিকা চ্যাপ্টা, বক্ষ আর উদর এক আয়তনে প্রশস্ত : আপাদ মস্তক দশন করিলেই ঘণার সহিত ভয়ের সঞ্চার হয়।

বালক ষেস্থানে বসিয়াছিল, ঐ আগন্তক ভীষণ মূর্ত্তি চিক তাহা-রই অনতিদ্রে আসিয়া বসিল। সেই লোক আকারে যাদৃশ ভয়ঙ্কর, মুখ চক্ষের ভাবে তাদৃশ ভয়ানকত্ব ছিল না। বরং সে মুখ—সে চক্ষু নিরীক্ষণ করিলে ছঃখ হয়। আকৃতিতে যে ভাব প্রকাশ করে, সে ভাবের অন্তর হইয়া দাঁড়ায়। সেই মূর্তি নিকটে আদিয়া বদিয়াই এক স্থান্থ নিশাস পরিভ্যাগ করিল। কে আদিয়াছে, পদ সঞ্চার হইয়াছে, ভাহা জানিতে
পারিয়া বালক সেই দিকে মুখ ফিরাইল। উভয়ের চারি চক্ষু একত
নিলিত হুইয়া নিনিমেষ হুইল। বালক স্থিরনেতে ভাহার মুখপানে চাহিয়া আছে, যে মুখে এতক্ষণ মধুর হাস্য ক্রীড়া করিতেছিল, সে মুখে এখন হাসি নাই,—হাসি নাই, কিন্তু কোনে। শস্কার
চিহ্নও নাই। স্থির, গদ্ধীর, প্রশাস্ত, নিশ্চল। অস্থরোপম ভস্কর
ননে মনে ভাবিল, এ কি আশ্চর্যা! এই তুর্মপোষ্য শিশু আমাকে
দেখিয়া ভয় পাইল না! জনস্থানের সর্ব্ব প্রাণী আমার নামে,
আমার দর্শনে আতক্ষে আকুল হয়, এই কোমল হৃদয় শিশু একটীবার
কম্পিতও হুইল না, চক্ষে এক বিন্দু জ্বলও আদিল না,—বিক্ষারিত
চক্ষু একটীবার মুদ্রিতও করিল না! কি আশ্চর্যা! যেন কোনো
স্থেখদুশা বস্তু দশন করিয়া আমোদিত হুইতেছে! এমন নির্মল-চিত্র
বালক আমি কুতাপি দেখি নাই।

দৈত্য ও বালকের অচপল নেত্রমিলন সন্দর্শন করিয়া রক্ষান্তরাললুক্কায়িতা পরী মনে করিল, আছা ! এ কি অপ্রক্ষ ভাব ! এই অস্থরের
কঠোর চক্ষু অপ্রদীপ্ত স্থতাশনের ন্যায় প্রজ্ঞালিত হইতেছে, আর
এই শিশুর স্থকোমল নেত্রপূট যেন নিদ্ধন্প সলিলে পদ্মের ন্যায়
ছাস্য করিতেছে ! আছা ! এই শিশুটী কি জ্যোতির্ময় !—নির্ভীক,
দেবোপম, শান্তিগুণ সম্পন্ন ! ইছার প্রতি নিশ্চয়ই দেবতাদের অন্ধগ্রহ আছে সন্দেহ নাই । এই ছুরন্থ দস্মার বিকট চক্ষু যেন ছুটী
নির্বাণোমুখ দেউটীর ন্যায় ;—সমস্ত রাত্রি ছালিয়াছে ইছ জগতের
যাবতীয় ছাজ্রিয়া সমাধা হইতে দেখিয়াছে, সাক্ষী ছইয়াছে, আর
গ্রই হিন্দোলালিত প্রিত্র হৃদ্য বল্লকের চক্ষ যেন ন্রোদ্ত

অক্রের তুলা নিজ্ঞলয়, নির্মাল । এই উভয়ের সঞ্চরে,—সংক্রমণে আজ আমি কি শোভাই দশন ক্রিলাম ।

বালক সেই ভীষণ মূর্ত্তির প্রতি স্থির নয়নে দৃষ্টিপাত করিয়া আছে। অস্থরের নেত্রপুটও সমভাবে স্থির। সে পুনরায় ভাবিল, আছে। জগৎ কি লোভের সামগ্রী! আমি আজন্ম অধর্মপথে জমণ করিয়াও পরিতৃপ্ত হই নাই, আজ প্রাভঃকালেও আমার মন অসৎপথের প্রতি ঘন ঘন আবর্ত্তন করিয়াছে! আশ্চর্যা পরিবর্ত্তন! এখন আর সে ভাব নাই। এই পর্যান্ত চিন্তা করিয়া,—ভূতলে জাল্প পাতিয়া বসিল;—নয়নযুগল উর্দ্ধাদিকে তুলিল, ছুটী পাণিতল একত করিয়া ভগবানের উদ্দেশে অভ্যাপ করিতে লাগিল। এক একবার সমীপত্ত শিশুর বদনমণ্ডলে কটাক্ষপতি করে, তাহার হৃদয় হাসিতেছে, চক্ষু হাসিতেছে, ওঠ হাসিতেছে, সক্ষাক্ষ হাসিতেছে, দেখে, আর অহিণ্যজনের ন্যায় দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করে, আবার উর্দ্ধাথ হয়।

পাপান্বার অনুতাপ ছল্লত বাকা। তাহা প্রবণ করিলে ভয় হয়, করণার উদয় হয়, শেষে আনন্দও জন্মে। গিরিকুঞ্গোপবিউ পাষ্টর বাকা ক্রুত্তি হইল। সে কাতরস্বরে কহিল, ভগবন্। আমি ঘোর নারকী,—ঘোর পাষও,—পামর, আত্মবপ্রক, তক্তর, ছুরাশয় ও নশংস চণ্ডাল। আমি তোমার পবিত্র নাম মুথে আনিতেও অধিকারী নই। ছে শুভস্কর ! তুমি আমারে শুভ কর্মে মতি দাও; ছে ক্ষমক্ষর ! তুমি আমারে ক্ষমা কর! দীনদয়াল! আমি মহাপাপী, আমারে দয়া কর! —দয়ায়য়! আমি দয়ার পাত্র নই, তবুও দয়া ভিক্ষা করিতেছি, তোমার বিশ্বময়ী করুণায় কি আমি বঞ্চিত হইব ? ছে করুণানিধান! এ অকিঞ্চন মুদ্রে প্রতি করুণা কটাক্ষ নিক্ষেপ কর, আমি তোমার করুণায়য় নামের ছায়ায় দয়ায় দয়ায় একবার ক্রন্দন করি।

উদ্ধাদৃষ্টিতে নিরীক্ষণ করিয়া সেই ভীমমূর্তি আবার কহিল, পারমেশ্বর! আমি মহাপাতকী, আমার কি নিস্তার হইবে না? হে বিশ্বপরিত্রাভা! আমার কি পরিত্রাণ হইবে না? আমি বিশ্ববঞ্চক নরাধ্য। কত পতিপরায়ণা কুলললনার সভীত্রকুঞ্জের সৌরভিত প্রকাদম ছিঁডিয়াছি, কত ধর্মশীল গৃহস্তের শোণিতার্জ্জিত অর্থ আত্মশং করিয়াছি, ধনলোভে মন্ত হইয়া হুদ্ধবভী জননীর ক্রোড় শ্না করিয়া জীবনসর্বাস্থ ছুদ্ধপোষ্য শিশুর জীবন ধন অপাহরণ করিয়াছি, কতশত পরিশ্রান্ত পাস্তের অমূলা প্রাণরলের সহিত ধনরত্ন হরণ করিয়াছি, আত্মাকে বঞ্চনা করিয়া অর্থ সঞ্চয় করিয়াছি। হে সর্বাসান্থিকন্! তুমি সকলই দেখিয়াছ, সকলই জান, জগতে এমন পাপ কিছুই নাই, যাহা আমি করি নাই। এখন ভোমাত্রে দেহ মন সমর্পণ করিলাম, আর আমি কখনো ভোমারে জুলিয়া কুপথে চলিব না। হে সর্বান্ত্র্যামিন্! আমারে ক্ষমাকর।

পাপী অন্তাপী এইরপে কাতরোক্তি প্রকাশ করিয়া পুনরায় দীর্ঘ নিশাদ পরিতাগে করিল। তাহার বিকট চক্ষু দিয়া বড় বড় ছই কোঁটা জল গড়াইয়া গড়িল। মাটীতে পড়িতেছিল, লুক্সায়িতা অপ্সরা সহসা প্রকাশ হইয়া অঞ্চলি পাতিয়া ধরিল।—উহা লইয়াই উভয় পক্ষে ভর দিয়া শ্নামার্গে উড়িয়া গেল। নন্দন-রক্ষক প্রহরী গন্ধর্ব দেখিলেন, সুরমালা একজন পুরাতন পাপীর অন্তাপান্ত অঞ্চ আনিয়াছে; স্বতরাং বছমান করিয়া তাহাকে দার ছাড়িয়া দিলেন। সুরমালা সুবরঞ্জন নন্দনকাননে প্রবেশ করিল। ছঃথের দিন গত হইয়া শুভ দিন আদিল।

পূর্ণশাশী অনুন্য মনে এই গণ্প শুনিতেছিলেন, সমাপ্ত হইবামাত্র

স্থানিক। প্রেকাকে আলিক্সন করিতে উঠিলেন, প্রিক। সামায়ুথে নিবারণ করিতে করিতে সরিয়া বসিলেন।

ষষ্ঠ পরিচ্ছেদ!

দে কি তুমি না দেবপুত্র গ

" উন্মন্তের স্পলিত কবরী নিশ্বসন্তী বিশালং।"

দীঘ উপন্যাস সমাপ্ত করিয়া পত্রিকা উঠিয়া দাঁডাইলেন। পূর্ক্ষ পরিচ্ছেদে বলিবার অবসর হয় নাই, গণপটা সমাপ্ত করিতে পত্রিকার উপযুগিপরি এক দিন ছই রাত্রি অতিবাহিত হইয়াছিল। বিদ্যাধরী নন্দন কাননে প্রবেশ করিয়া স্থা হইল, পত্রিকা যথন এই কথা বলেন, তথন রাত্রি প্রায় ছিয়াম অতীত। নিত্যকামী অধৈয়া হইয়া গণপ শুনিতেছিলেন, ভাল লাগিতেছিল না, সমাপ্ত হইলে পর যেন বিরক্ত হইয়া কছিলেন, প্রথম কথাগুলি বরং ভাল ছিল, শেষের কথা কিছুই নয়। পত্রিকার মুখে এমন গণপ বাহির হইবে, মনে করি নাই। এই কথা বলিয়া পত্রিকাকে সম্বোধন করিয়া কহিলেন, পত্রিকে! তুমি বলিলে বলিয়াই আমি এতক্ষণ ধৈয়া ধারণ করিলাম, আর কেছ বলিলে আমি উঠিয়া যাইতাম। কারণ আমি তোমাকে বড়ই ভাল বাসি। পত্রিকা কৃত্রিম বিরক্তি প্রকাশ করিয়া কহিলেন, কে উঠিয়া যাইতে বারণ করিয়াছিল?—এই একটা মাত্র কথা কাছ্যা পত্রিকা পূর্ণশশীর হস্ত ধারণপূর্কাক ক্রতগদে শয়নকক্ষে চলি- লেন। ব্রহ্মচারীর ভয় হইল, ভিনি সভয়ে পশ্চাদসমন করিয়া কাতরকটে কহিলেন, স্থাদরি! রাগ করিয়া গেলে? প্রক্রিকা কথা কহিলেন না, ফিরিয়াও চাহিলেন না, স্মৌনভরেই নিজকক্ষে প্রবিষ্ট হইলেন।

রাত্রি অধিক হইয়াছিল, কিঞ্চিৎ কিঞ্চিৎ ভোজন ক্রিয়া সকলেই স্বস্থ নির্দিষ্ট স্থানে শয়ন করিলেন। স্বচ্ছল স্বাপ্তি হইল না, উষা-कारलंडे मकरलंद निक्षा ७ अ इंडेल, रकरल शूर्गभागी किन्छिए रवला পর্যান্ত ঘমাইলেন। নিত্যকামীর আদৌ নিদ্রা হইল না, পত্রিকা ক্রোধ করিয়া গেল, বিবাহে বিদ্রু হইবে, এই উদ্বেগে সমস্ত রাজি জাগিয়া काठोइटलन, এकवात छिठिटलन, এकवात वीमटलन, এकवात পটावारमत গবাকের নিকটে গিয়া দাঁডাইলেন, আকাশের দিকে চাহিলেন, ভ্রান্ত মনে কখনো বা নক্ষত্র গণনা করিলেন, পত্রিকা ঘমাইল কিনা, একবার গিয়া দেখিয়া আসি, এই ভাবিয়া দেখিতে গেলেন, দার অবক্রদ্ধ, আশা বিফল হইল, ফিরিয়া আসিলেন, আবার আসিয়া গবাক্ষের ধারে দাঁডাইলেন,—দেখিলেন, স্মথতারা উচিল, প্রভাত-সমীরণ বহিল, নিত্যকামীর দীঘ নিশাস প্রনহিলোলের প্রতি প্রমি করিল, তুণ-প্রাঙ্গণে উষার শিশির পড়িল, নিভাকামীর অঞ যেন তাছারি অনুকৃতি দেখাইল। উষা আসিল, চলিয়া গেল, অরুণোদ্য হইল, তিনি বিষয় মনে গৃহ হইতে বাহির হইলেন. প্রবেশ তোরণের পার্ষে একথানি আসনে মানমুখে বসিয়া রহিলেন, কি উপায়ে প্রণয়িনীর মান ভঞ্জন করিব, সেই উপায় চিন্তা কবিতে লাগিলেন। চিষ্কায় এককালে নিমগ্ন।

ওদিকে পত্রিকা ভাবিলেন, ব্রাহ্মণকে কল্য তিরস্কার করিয়াছি, তিনি কি করিতেছেন, কি ভাবিতেছেন, দেখিতে হইল। ব্রাহ্মণ ক্ষিপ্ত হইয়াছেন, উত্থন রহস্য উপস্থিত হইয়াছে। চিন্তা করিয়া আপনা আপনি একটু হাসিলেন। ত্রক্ষানারী কি করিভেছেন, দেখি বার জনা চলিলেন। নিতাকামী যে গৃহে শয়ন করেন, প্রথমে সেই গৃহের ছারে উঁকি মারিলেন, ব্রাক্ষণ গৃহে নাই,—দেখিতে পাইলেন না, ইতন্ত্রত অন্মেণ করিলেন, দেখা হইল না, বহিছারে গমনের উপক্রমে দেখিলেন, দরজার পার্শ্বে শিলা-পুরুষের নাায় ব্রক্ষারী উপক্রমে দেখিলেন, দরজার পার্শ্বে শিলা-পুরুষের নাায় ব্রক্ষারী উপক্রে । পাণিতলে কপোলদেশ বিনান্ত, দীর্যাক্রা বক্তাবে বক্ষ বাছ অতিক্রম করিয়া নাভি আলিক্ষন করিয়াছে। পাত্রিকা ধীরে ধীরে সমীপবর্তিনী হইলেন, নিতাকামী এত অন্য মনক্ষ যে, কিছুই জানিতে পারিলেন না। পত্রিকা পশ্চাতের আন্তরণের উপর নিঃশক্ষে গিয়া দাঁড়াইলেন,—ধান-নিমগ্র মূত্রির গা ঘেঁসিয়া দাঁড়াইলেন, তথাপি ব্রক্ষারী জানিতে পারিলেন না।

পত্রিকা নিঃশক পদসঞ্চারে সহসা সম্মুখে উপস্থিত হইয়া কর-তালি দিলেন। নিতাকামী চম্কাইয়া উঠিলেন। দেখিলেন, সম্মুখে পত্রিকা।—আফ্লাদে বুক ফুলিয়া উঠিল,—আসন হইতে উঠিয়া দাঁডাইলেন। কহিলেন, এসো আমার মনোমোহিনী এসো!

পত্রিকা সসস্তাম কহিলেন, বস্থন, আপনি দাঁড়াইলেন কেন্ট

নিতা।—হাঁ, বসিতেছি, তুমি অগ্রে বসো।

পত্রি। সাপনি বস্থন, আমি বসির না।

নিতাকামী কিঞ্জিৎ কুণ্ডিত হইয়া কহিলেন, কেন —ৈ বসিবে নঃ কেন তৈথাৰ কি হইয়াছে —ৈ ৰাগ কৰিয়াছ কৈন জুদ্ধ হইলে :

পত্রি।—কাহার উপর জুদ্ধ হইব ?

নিত্ত তকেন লৈ আমি ভোষার অনুগত। আমার উপর ।

পত্রি ৷—সে কেবল মুথে ৷

নিত্য — ক্ষন্তব্যা মেহপরাধঃ শশধর বদনে ! (ত্রীবিফাু !) শশি মুখি ! আমার অপরাধ ক্ষমা কর !

পত্রিকার ভুবনমোহন মুখে একটু হাসি আসিল। সে হাসি
নিত্যকামীকে দেখাইলেন না, মুখ ফিরাইয়া হাসিলেন, ব্রহ্মচারী
দেখিলেন না।—ভুবনমোহিনী সেই বক্ত দৃষ্টিতে,—সেই গদ্ধীর
ভাবে, সেই স্বমধুর স্বরে কহিলেন, দ্বিজ্বর! ঐ গুনেই ত আমি
তোমার নিকটে বিনামূলে বিক্রীত হইয়াছি। তুমি পুরুষরত্ন।

এত দিনের পর পত্রিকা আজ নিতাকামীকে ''তুমি'' বলিলেন। নিত্যকামীর আনন্দের সীমা রহিল না, সাসামুখে আবার কহিলেন, স্মন্দরি! তুমি আমারে এত ভাল বাস, জানিতাম না।

প্রিকা তথন ঈষৎ হাসিয়া কহিলেন, না জানিয়াই এই, জানিলে কি আর আমি এতদিন কাশ্মীরের রাজপুত্রের তাঁবু নিস্ক-নীক রাখিতে পারিতাম ?

''কেন পারিতে না ? আমি তোমার সঞ্চে আছি, আমি তোমার সহায় আছি, আমি রাখিব।'' নিতাকামী এই কথা বলিয়া দীঘ শাশু সঞ্চনপুর্কক খলু খলু করিয়া হাসিলেন।

পত্রিকা বুঝিলেন, ঔষধ ধরিয়াছে। ঔষধ তলায় না, কিছু খেতে চায় না, এখন অনেক স্কৃত্ত। মধুর সম্ভাষণে কহিলেন, ঋষিবর! আমি চলিলাম,—বেলা হইতেছে, কে কোণা দিয়া আসিবে,—দেখিবে, আমি জাতিকুল হাবাইব। কাজ নাই, আপনি বস্থন, আমি চলিলাম।

বেলা তথন ভয় দও অতীত। নিতাকামী কহিলেন, স্বন্দরি ' একটু থাকে', আমি একটী কথা জিজাসা করিব। পত্রি।—কি জিজাসা করিবে, কর, আমি আর অপেকা করিতে পারি না, পূর্ণশর্শী কি মনে করিবেন।

"কিছু মনে করিবেন না, তিনি আমারে ঠাকুরদাদা বলেন, তুমি তার সহচরী, আমার গৃহিনী, আমার কাছে আছু শুনিলে কিছুই মনে করিবেন না, কিছুই বলিবেন না। তুমি একটু থাকো, একটী মাত্র কথা আমি বলিব।"

ব্রহ্মচারীর এই কাকুতি শুনিয়া, প্রণয় সম্ভাষণ বুঝিয়া, প্রতিকা বলিলেন, একটী কথা ?

নিতাকামী কহিলেন, হাঁ, কেবল একটী মাত্র কথা।

পত্রিকা ধৈর্যা ধারণ করিলেন। ব্রহ্মচারী কছিলেন, স্থা উদ্য় স্থাছে, চন্দ্র অস্ত গিয়াছে, এথনো আকাশে লুকাইয়া আছে, অগ্নি জ্বলিতেছে, গঙ্গাযমুনা প্রবাহিত স্থাতেছে, সকলে সাক্ষী,—চন্দ্র স্থা সাক্ষী,—মগ্নি সাক্ষী, নদনদী সাক্ষী, তুমি সত্য করিয়া বল, কবে তুমি আমারে বিবাহ করিবে?

মনে মনে হাসিয়া পত্রিক। মধুর বচনে কহিলেন, এই তোমার একটী কথা : সে জন্য ভাবিতে হইবে না। বিবাহ হইবে। যে দিনে পূর্ণশাীর বিবাহ হইবে, সেই দিনেই আমার বিবাহ।

এই সংক্রিপ্ত উত্তর দিয়া পত্রিক। ব্রহ্মচারীর দিকে পশ্চাদাবর্ত্তন করিয়া ঘন ঘন পদক্ষেপে অন্দরাভিমুখে চলিলেন। নিতাকামী আর থাকিতে পারিলেন না,—উঠিয়া সঙ্গে সঙ্গে দৌড়িলেন। ডাকিলেন,—দেখিতে পাইয়া ডাকিলেন, উত্তর পাইলেন না,—সক্ষে সঙ্গে ছুটিলেন।—সক্রের! যেওনা,—দাঁড়াও,—আর একটী কথা। পুনঃ পুনঃ এইরূপ চীৎকার করিতে লাগিলেন, উত্তর পাইলেন না। পত্রিকা নয়নের অদুশা ইইয়া গেলেন,—যে মহলো ভঁহার

থাকেন, পুরুষের সে মহলে প্রবেশের অধিকার নাই,—নিতাকামী সেটী ভুলিয়া গেলেন—বিহ্নল ছইয়া—"সুন্দরি!—সুন্দরি—যেও না,—আর একটী কথা——" বলিতে বলিতে অনেক দূর অন-ধিকার প্রবেশ করিলেন,—আনেক দূর সঙ্গে গেলেন, পথে কঞ্চুকীনিষেধ করিল, চৈতনা ছইল,—ফিরিয়া আসিলেন।—দীঘ নিশাস তাগে করিয়া মনে মনে আবার কছিলেন,—মনে মনে নছে,—আয়াগত অন্তচ্চকণে আপনি কহিলেন, পূর্ণশশীর বিবাহ যে দিনে ছইবে, আমার সহিত পত্রিকার বিবাহও সেই দিনে হইবে। তবে আর কি?—এই ভাবিয়া গুছোপকণ্ঠে ফিরিয়া আসিলেন, পত্রিকা চলিয়া গেলেন।

আহারাদির আড়ম্বরে আর নানাবিধ কথোপকগনে দিব। অতি-বাহিত হইল, সন্ধান উপস্থিত।

সন্ধার পর পত্রিকাকে একাস্তে পাইয়া পূর্ণশশী বিষয় বদনে মৃছুস্বরে কহিলেন, নিকটে এসো,—বলো, গত রজনীতে যখন তুমি বিদ্যাধরীর চমৎকার গল্প সমাপ্ত করিলে, তথন আমি তোমারে আহ্লাদে আলিঙ্গন করিতে যাইতেছিলাম, তুমি নিবারণ করিলে, হাসিয়া মুখ ফিরাইলে, সরিয়া গেলে, সে ভাব তোমার কেন হইয়াছিল লৈ—হাতে ধরি, সতা করিয়া বল, কেন সেরপ করিয়াছিলে?—হাত ধরি, সতা করিয়া বল, কেন সেরপ করিয়াছিলে?—হাত,—তিন বার এই প্রশ্ন করিলেন, পত্রিকা কিছু উত্তর দিলেন না। পূর্ণশশী উন্মাদিনী বিরহিণীর নায়ে ব্যাকুলিনী হইলেন, অবিবাহিতা কুমারী বিরহ্যন্ত্রণা জানেন না,—মনোবেদনায় বারস্বার এক কথা বলিলেন, তৃপ্তিকর উত্তর পাইলেন না। অনেকক্ষণ পরে পত্রিকা কহিলেন, আমি কামচারী বিহক্তিনী,—গন্ধর্ম-কন্যা—যে রূপ ইচ্ছা, তাহাই ধারণ করি।

পুণশর্মা কভিলেন, ভাছাতে কি বুঝিব ? পত্রিকা ছাসিয়। উহর করিলেন, ভাছাতে এই বুঝিবে যে, আমি গন্ধর্কুমারী।

চাকশীলা শশী ঈষৎ অন্যমনক হইয়া কিঞ্চিৎক্ষণ মৌন পাকি-লেন,—একটী নিশাস ফেলিয়া বলিলেন, ভগিনি! এখন কি পরি-হাসের সময় ?

পত্রি লেপরিহাস কিসে বুঝিলে ?

পূর্ণ ৷— কিসে না বুঝিব ?— তোমার গণ্প শুনিয়া আমার আছলাদ হইয়াছিল, আমি তোমারে আলিক্ষন করিতে উটিয়াছিল। ন-তুমি বারণ করিলে কেন ?— সরিয়া গেলে কেন ?— এই কথা জিজাসা করিতেছি, তুমি তাহার উত্তর করিতেছ না; পাশ কথা পাড়িতেছ ৷

পত্রি ৷—একে বুঝি পরিহাস বলে ?

পূণ।—নয় কেন ?—এক কথার আর জবাব দিলেই লোকে পবিছাস বলে।

পত্রিকা পুনরায় হাসামুখে কছিলেন, আহা! সরলা ত সরলা! মনে এক বিন্দু মলা নাই। আকান্ধের পূর্ণচন্দ্রে মৃগাঙ্ক দোষ আছে, এ পূর্ণমনীতে তিলাঙ্কও নাই। দেখ, তখন আমি তোমারে যে বারণ করিয়াছিলাম, সেটী ভাল। তুমি পূর্ণবয়স্থা, তাতে অবিবাহিতা, তাতে আবার আমাদের রাজকুমারের কাছে বাগ্দভা;—দেখ, যে কুমারীর বিবাহ হয় নাই, সে কাহাকেও আলিঙ্কন করিতে পারে না। অমূঢ়া কুমারী যদি কাহারেও আলিঙ্কন করে,—সে পুরুষই হোক, কি নারীই হোক,—কুমারী যদি কাহারেও আলিঙ্কন করে, তাহা হইলে বড় দোষ। সে দিন রাজপুত্রও আমারে ঐ কথা বলিয়া দিয়াছেন।

পুল শশী ঈষং হাসিয়া নত্যুবে জিজাসা করিলেন,—কি বলিয়া দিয়াছেন ?

পত্রি।—এই বলিয়া দিয়াছেন যে, একটা পর্ম রূপবতী তপ্স্থীকনারে সহিত আমার বিবাহের সম্বন্ধ ইইয়াছে। তিনি আসিতেছেন,
তুমি তাঁছার নিকট যাও, এক সঙ্গে থাকো, দেখো যেন, কোন নর কি
নারী তাঁছাকে আলিঙ্গন না করে, আর তিনিও যেন কোনো পুরুষ কি
প্রকৃতিকে আলিঙ্গন না করেন।—সাবেধান থাকিও, আর তুমি যখন—

পূর্ণ শনী বাধা দিয়া কুত্রিম কোপের সভিত কভিলেন, যাও, আমি তোমার কথা শুনিব না। দেখ, আমি ——

পত্রিকা হাসিতে হাসিতে কহিলেন, আর আমি যদি তোমাকে আলিঙ্গন করিতে দিই, তাহা হইলে আমার কথা শুনিবে ?

পূৰ্ণ। - আমি এখান ছইতে চলিলাম, তুমি-

উচ্চ হাসো কথা সমাপ্তির বাংঘাত জন্মাইয়। পত্রিকা সম্মুখ দিকে একটু সরিয়া বসিলেন। চন্দ্রদশনকৌতৃকী চটুলা বালিকার নায় উদ্ধি নয়নে পূর্ণ-শশীর মুখপানে চাহিয়া কহিলেন, আর যাইতে হুইবে না, তুমি আমারে আলিঙ্গন করিও,—রাজপুত্র আহ্ন, তোমার বিবাহ হোক,—বিবাহের পর তুমি আমারে আলিঙ্গন করিও।

এইবারে পূর্ণশশী যথার্থ বিরক্ত হইলেন। শারদীয় নৈশাকাশের চপলার ন্যায় ক্রতগতি দাঁড়াইয়া প্রিকার দিকে কটাক্ষ করিলেন, বিরক্ত হইয়াছিলেন, কিন্তু কুদ্ধ হন নাই।—কটাক্ষপাত করিয়া প্রিকাকে কহিলেন, দেখ, প্রিকে!—আজ আমি বছদিনের প্রতামারে নাম ধরিয়া প্রথম ডাকিলাম, কিছু মনে করিও না, আমার মনে কিঞ্ছিৎ অসুধ হইয়াছে, আমি চলিলাম, তুমিও গিয়া শ্য়ন কর। রাত্রি অধিক হইয়াছে, তোমারে কিছু অকথ্য বলিয়াছি, কিছু

মনে করিও না, আমি উচিলাস,—আমি চলিলাস, ক্ষমা করিও। তুমি থিয়া শায়ন কর। —আর তুমি ইছাও জেনো,ইছাও মনে রেখো,আমি রাজরালী ছইব না,—রাজপাত্রকে বিবাহ করিব না। এই আমি বেলী খুলিলাম, বসনভূষণ আমার কিছুই নাই,—মুনির পালিতা অভাগিনী কন্যা। আমি বনের মান্ত্র বনে চলিলাম।

পত্রিকা ঈষং হাসা করিয়া উঠিয়া দাঁড়াইলেন ! ক্লাক্রিলেন. বনেব মানুষ ! একটু বমো, আমি আসিতেছি।—বলিয়াই পশ্চালিকে চাহিতে ত্রস্থাতি কক্ষান্তরে প্রবিষ্ট হইলেন।

পূৰ্ণ-শশী একাকিনী মনে মনে কতথানা ভাবিতে লাগিলেন. এক এক বার বাষ্পপূর্ণ পদাচক্ষুত্রটী পদাপাণিতলে মার্জ্জন করিলেন, একবার বিশ্ববিনোদ বদনে একটু হাসি আসিল, অমনি আপনঃ আপনি অপ্রস্তুত হইয়া মাথা হেঁট করিলেন, দীর্ঘ নিশ্বাস প্রবাহিত ৬ইল, আবার আত্মাব্যানিনীর প্রক্টিত চক্ষে বারিবিন্দু গড়াইল। উচিয়া যাইবার জনা গাত্রোখান করিলেন, কিন্তু কোথাও গেলেন না। দশ হস্ত পরিসর স্থানে পায়চারি করিতে লাগিলেন। বর্ষাকালের কৌমুদীবভী আকাশের নায় ভাঁছার বদনে যেন কখনো মেঘ, কথনো চন্দ্র ক্রীড়া করিতে লাগিল। গতিতে ফ্রনে ক্রনে চপলাচ্য-কিল। তিনি আপন। আপনি কহিলেন, বনের মানুষ বনে চলিয়। যাইব বলিয়াছি, কিন্তু কোপায় যাইব — আমার সেই ব্রহ্মচারী পিতা কি আর সে বনে আছেন? তিনি হয় ত আমারে বিদায় করিয়া নিশ্চিন্ত হইয়া স্থানান্তরে প্রস্তান করিয়াছেন। কোনু নিরু-फिछ छीटर्थ b लिया शिशास्त्र, किक्तरल मन्नान शाहेव है इस छ कारना জ্ভপ্রেভবেষ্টিভ শাশানে গিয়া শাশানবাদী হইয়াছেন, আমি অবলা, কিরুপে সেই ভয়ক্ষর প্রেতভূমিতে একাকিনী যাইব ? আহা!

পিতা আমারে প্রাণের অধিক ভাল বামিতেন, আমারে বিদায় দিয়া হয় ত তিনি আমারি শোকে যোগবলে জীবন বিসজ্জন দিয়াছেন । আরু কি এ জনমে আমি ভাঁছার দেখা পাইব ? আছা! তবে কি আমার সেই বেক্ষচারী পিতা নাই! তিনি কোথায় গেলেন !— ভাঁছার সেই প্রশাস্ত ললাটে, সেই স্থাদীঘ শুল শাশ্রে, সেই স্থাধর গন্ধীর হাস্য, সেই স্লেহমাখা কথাগুলি এখনো আমার মনে জাগি-তেছে। আরু কি আমি ভাছারে এ জন্মে দেখিতে পাইব না?— বলিতে বলিতে আবার নেত্রপুতলি ভেদ করিয়া দর দর ধারে বারি-প্রারা কপোল দেশ প্রাবিত করিল।—অপলে মার্জন ক্রিয়া চারি-দিকে চঞ্চল দক্ষিতে চাহিলেন। নিযাদ-ভাডিভা করাঞ্চী যেমন সভয়ে ফালে ফালে করিয়া চাহে, তেমনি করিয়া চাহিলেন। সাঞ্জ-নয়নে উপর দিকে চাহিয়া কহিলেন, তাত ! তুমি কি নাই ?—কেন নাই ?—কোথায় গিয়াছ ?—তোমার পূর্ণ-শশী,—আদ্রিণী পুণ -শশী.--অভাগিনী পূর্ণ-শশী আর কি তোমার পাদপদ্ম দেখিতে পাইবে না !—আর কি ভোমারে পিতা বলিয়া ডাকিতে পাইবে না ?—আরু কি তোমার পূজা করিবার আয়োজন করিয়া দিতে হইবে না ?—আর কি ভোমার মুখে যোগধর্মের শান্ত্রীয় কথা শুনিতে পাইব না — আরু কি আমি ছানিতে ছানিতে তোমার নিকটে ব্রিয়া ছবিণশিশুৰ খেলা দেখিব না ৈ আরু কি ভোমার ছঃখিনী পূণ-শশীর মুখ স্থান দেখিয়া আছার করিতে বলিবে নাই মুখ গুকাইয়াছে, পিপাসা হইয়াছে, বলিয়া আরু কি তোমার পূর্ণ-শশীর গায়ে পদ্মহস্ত বুলাইবে না ? পিত ! তোমার পূর্ণ-শশীর পিপাসা হুইয়াছে, কে শীতল করিবে : যতুই বলেন, ততুই ন্য়ন্যুগল জলে ভাসিতে থাকে, তত্ই চক্রকপোল জলপ্ল।বিত হয়।

উপবেশন করিলেন।—আর দাঁড়াইতে না পারিয়া আকুল क्रप्रद्य निवासत्त উপবেশन क्रिल्लन । উন্মাদিনীর ন্যায় এক কথা বাবস্থাব বলিতে বলিতে আবার উঠিলেন। মৌনভাবে ক্ষণকাল ইত-স্ততঃ সঞ্চরণ করিয়া পরিক্ষ ট কর্ণ্ডে কহিলেন, পিত ় আমি কোথায় আসিয়াছি ? আমারে কোথায় পাঠাইয়াছ ?—কেন পাঠাইয়াছ ?— আর্মি ভোষার নিকট যাইব।—আমার বিবাহে কাজ নাই।--বিকাছ ?— আমি বিবাহ কবিব না 1—বিবাহ ?—উদাসিনীর আবার বিবাহ কি :—আমি তপস্সীকন্যা:—তপস্সীকন্যার বিবাহে ক'জ কি : আমি বিবাহ করিবনা:—তোমার আশ্রমে চলিয়া যাইব। কিন্ত কে লইয়া যাইবে ?--কাহার সঙ্গে যাইব ?--রন্ধ নিত্যকালী পাগল, —পত্রিকাকে দেখিয়া অব্সি আরো পাগল ইইয়াছে, ভাইাকে এখান ভইতে লইয়া যাওয়া আমার কম নয়।—আর পত্রিকা?—পত্রিকা र्शन कार्याय ?—आगि वरनत मानुष वरन हिन्सा याहे, এই क्या বলিয়াছি বলিয়া কি পত্রিকা রাগ করিয়াছে ?—রাগ করিয়াই কি চলিয়া গিয়াছে ?—আৰ আসিবে না ?—আমি—

কথা পাশ্বস্থ একজন গুপ্ত শ্রোভার কর্ণে গেল। কে সেই শ্রোভার — কে জানে — থড় থড় করিয়া পটাবাসের একথানি দীঘ যব-নিকা সরিয়া গেল। এক অপূর্ফা অদৃষ্ট মূর্ত্তি গৃহপ্রবেশ করিলেন। —পূর্ণ-শশী তাঁহাকে দেখিয়া ভয়ে, লজ্জায় ও বিস্ময়ে মস্তকে বস্তা-বরণ টানিলেন, — জড়সড় হইয়া পটগৃহের একটা কোণে গিয়া বসি-লেন, — নিঃশন্দে বসিলেন।

অপূর্ব্ব অদ্ট মূর্ত্তি গৃহপ্রবেশ করিলেন। কাঞ্চনোজ্জ্ব গৌর বণ, হাস্যপূর্ণ গন্ধীর বদন, পীবর বাহু যুগল, দীঘ, কুঞ্জিত, গাচ-ক্রফ কেশস্ত্রবক, বিশাল বক্ষ, রুচির দশনগংক্তি, ভরিদ্বণ বপ্রস্থাণ আজালু চুম্বিত কর্ণে মনিময় রুণ্ডল, করে মুক্তাহার, মস্তকে ভাস্থর উদ্ধীয়, ললাটে হীরক জড়িত মনিটীকা আবদ্ধ, কটিদেশে স্থলকোষযুক্ত বিরাট আস সংলগ্ন, দক্ষিণ হস্তে অস্বকশা।— নৈদাঘ মধ্যাহ্ব
ভাস্করের নাায় তেজােময়, বয়স অপপ। অব্যবের গঠনে তিলমাত্র
অসম্পূন্তা নাই। আজ যদি এক্ষেত্রে আমি অপ্রক্র বাঙ্গালা
ভাষার মহামহিম কবি হইতাম, ভাহা হইলে দয় করিয়া বলিভাম,
সাক্ষাং সহস্রাক্ষ প্রন্তর,— সাক্ষাং অনুষ্প কন্দর্প,— সাক্ষাং যড়ানম কার্ত্তিক !—এই মূর্তি দশন করিয়া সরলা পূন্শশীর ভয়, লজ্জা
ও বিস্মায়ের উদয় হইয়াছে।

সেই তেজাময়ী মূর্তি গদ্ধীর স্বরে,—গদ্ধীর অথচ স্বমপুর স্বরে পূণ শশীরে সম্বোধন করিয়া কহিলেন, 'বনের মানুষ ! আমারে চিনিত্রে পার ?—আমি তোমারে তোমার ব্রহ্মচারী পিতার আশ্রমে রাখিয়। আসিব।''

বর্ষা-পোর্ণমাসীর অন্ধ রজনীতে ঘোর জলদজালাজন আকাশে রুটি পরিয়া গেলে পুল শশী যেমন একবার পূসর মেঘের আবরণ ভেদ করিয়া একট একট উঁকি মারেন, শিবিরপার্গোপবিন্টা পূলশশীও সেইরপ ঈষৎ বস্তাবগুঠন মোচন করিয়া একবার কটাক্ষ করিলেন। কিছুই বুঝিতে পারিলেন না;—অধিক ভয়ে, অধিক লজ্জায় পুনরায় মস্তক নত করিলেন। আগন্তক মূর্ত্তি "তিষ্ঠ" বলিয়া চলিয়া গেলেন।

পাছে আবার ফিরিয়া আইসে, এই আশক্ষায়,—এই সংশয়ে এক দও কাল পূর্ণশশী সেখান হইতে সরিলেন না। যে ভাবে যেমন বিসয়া ছিলেন, সেই ভাবে তেমনি নিস্তক্ক হইয়া বিসয়ারহি-লেন। যথন শক্ষা গেল, তথন অবওগন তাগি করিয়া দাঁড়াইলেন।

পূণচন্দ্র মেঘমুক্ত ভইল। কিন্তু তথন তিনি পূর্ব্বাপেক্ষা আরে। উন্না-দিনী। কে আদিল, কে ছলিয়া গেল, কে আমাকে আত্রমে লইয়া যাউতে চাহিল, বনের মাল্লয় বলিয়া বিজ্ঞাপ করিল, প্রপুরুষ, কখনো চিনি না, "চিনিতে পার" বলিয়া জিজ্ঞাসা করিল, বলপার কি —ৈতিনি কি কোনো দেবতা হইবেন ? মায়া করিয়া কি ছলন। করিতে আসিয়াছিলেন !—আমি নিরপরাধিনী ছুঃখিনী অবলা, আমারে ছলনা করিয়া উংহার কি লাভ হইল লৈমাত কথনো কাহারও কাছে কোনো অপরাধ করি নাই, তবে এমন কেন হইল ? কি যে ঘটিল, কিছুই বুঝা যাইতেছে না। নিকটে পত্ৰিকাও নাই যে, জিজ্ঞাসা করি । হায় হায় ৷ আমার এ কি দশা হইল ৷ কেন আমি এখানে আসিয়াছিলাম! পিত! আমি তোমার চরণে কি অপরাধ করিয়াছিলাম 🗺 কেন তুমি এ বনবাসিনীকে আশ্রয়বাসিনী করিতে পাঠ/ইয়াছ ?—চিরবনবাসিনীর পক্ষে কি সংসারবাসিনী হওয়া সাজে ? আরু নয় !—আমি কখনই গুহবাসিনী হইব নাঃ এই আমি আশ্রমে চলিলাম,—চলি,—চলি,—এই চলিলাম।— বলিতে বলিতে আরও ক্ষিপ্তপ্রায় হইলেন। কি বলেন, — কি করেন, কিছুই স্থির রাখিতে পারেন না। কথায় কথায় ভুল হইতে লাগিল। এই আনি সন্নাসিনী সাজিলাম, এই—এই—আমি মাথার বেণী খুলি-লাম, এই বসন ত্যাগ করিলাম, এই আমার উপযুক্ত সজা হইল।

পাগলিনী যথার্থই এলোকেশী সাজিলেন। অঙ্গবসন আলু থালু হইয়া পড়িল, ঘন ঘন নিশাস পড়িতে লাগিল, জনতপদে শিবির হইতে বহির্গত হইবার জন্য ছুটিলেন। দ্বার প্রয়ন্ত ছুটিয়া গিয়া-ছেন, এমন সময় সহসা তড়িংগতি পত্রিকা আসিয়া হস্ত ধার্ব ক্রিলেন।

" না,—ধরিও না,—কে তুমি —ৈবাধা দিও না, ছাডিয়া দাও, পিতার নিকটে যাই। পিতা—আমার পিতা—ঐ আমার পিতা আমারে ডাকিতেছেন,—ছাড়িয়া দাও,—ছাডিয়া দাও,—ধরিও না,—পিতার নিকটে যাই। আমি——"

পত্রিকা পূর্ব-শশীর এই অবস্তা দশন করিয়া উ.দ্বল্ল হউলেন। কথায় বাগা দিয়া কহিলেন, শশি। এমন করিতেছ কেন লৈকি হউন্যাছে তোমার লৈ যাহা বলিলে, ভাছাই করিলের সভা সভাই বনের মান্ত্র সাজিয়াছ লৈছিঃ। এমন করিতে নাই। ভোমার কি মনে হইতেছে না যে, খানিকক্ষণ পুর্ফো ভোমারে বলিয়াছিলাম, আমি গন্ধর্মুকারী,কামরূপী, যখন যে রূপ ইছা, ভখনই সেই রূপ পরিতে পারি। আমাদের অসাধা কর্মানাই, ভয় কি ভোমার লৈ এইক্রপানাই বাকো প্রবাধ দিয়া পূর্ব-শশীকে কতক প্রকৃতিস্থ করিলেন। পূর্ব-শশী ক্ষণকাল নিজ্বর থাকিয়া প্রক্রিকাকে জিজ্ঞাসা করিলেন, গত্রিকে। সভা বল, এই মাত্র আমি যে মূর্ত্বি দশন করিলাম, সে কি ভূমি না কোনো দেবপ্রভার

পত্রিকা এ প্রশ্নে কোনো উত্তর দিলেন না। পরে জানিবে, কেবল এই মাত্র বলিয়া পূর্ণ-শশীকে ধরিয়া লইয়া গৃহাস্তরে প্রবেশ করি-লেন। পূর্ণ-শশা আলুলায়িত কেশে পার্গলিনীর নাায় যতক্ষণ গেলেন, ততক্ষণ ব্লিতে বলিতে গেলেন, এইমাত্র আমি যে মূর্তি দশন করিলাম, সে কি ভূমি না দেবপুত্র ট

সপ্তম পরিচ্ছেদ।

लकानीत्रना ।

'' অতি সরল কঁংশের বাঁশী আমার । বাঁশরীর মধুর স্বরে, জগতের মন মোহিত করে, সাধে কি মন মজেছে গোপীকার।'' নীলঠাকুর।

উন্নাদিনী অবস্থায় পূর্ণশশীরে লইয়া পত্রিকা শিবির প্রবেশ করিবার পর বর্ণনাযোগ্য সূত্র ঘটনা কিছুই হইল না। তিন দিন অতিবাহিত হইয়া গেল। চতুর্থ দিবস প্রাতঃকালে এক জন দৃত আসিয়া পত্রিকার হস্তে একখানি পত্র দিল। পত্রিকা সেই পত্রিকা পাঠ করিয়া মনে মনে কি ভাবিলেন, ব্যক্ত করিলেন না। পত্রবাহককে ছুটী চারিটী কথা জিজ্ঞাসা করিলেন, সংক্ষেপে হিন্দি ভাষায় উত্তর দিয়া, সেলাম করিয়া পত্রবাহক চলিয়া গেল। পত্রিকা একটু হাসা করিলেন।

পূর্ণ শশী নিকটে বসিয়া ছিলেন, প্রিকার ভাব অথবা হসোর কারণ কিছুই বুঝিলেন না। নির্দোষ বদনে স্বভাবস্থাত নুজস্বরে জিজ্ঞাসা করিলেন,—িক?—প্রিকা কহিলেন, কি বল দেখি?— রাজকুমারের নিকট হইতে প্র আসিয়াছে, তোমার বিবাহ।

পূর্ণ শশী মুখ নত করিলেন, কথা কছিলেন না

াতিকা আবার স্মানদনে জিল্ডাসা ধরিলেন, আজ্ঞা প্র ত্রি ক্রিজ রাজপালকে দেখিয়াছ ? পূর্ব শশী কথা কহিলেন না। পতিকা সরিলা বসিলা পূর্ব শশীর স্থানি সাত ধরিলেন। চিরুকে অঙ্গুলি দিয়া মুখ্যানি তুলিলা, মধুর বচনে কহিলেন, "দোষ কি? লজ্জ। কি? তুলি কি রাজক্মার শশীক্তশেখরকে দেখিয়াছ?"

ামনে পাছে না,— চক্ষের পালক মাজ ;— মে স্বস্থা ;— এতি চুম্বুরে সলক্ষাভাবে এই উত্তর দিয়া পুনশানী পুনস্মার মুখ্যানি অব নত করিলোন। বেন উয়াকালের চন্দ্র অথবা গোস্থালি লগ্নের প্রচার নায় শোড়া ইইল।

প্রিকার্ছসং করিবার জন্য ক্ষিণেলন, রাজর্মার তেনারে। দ্বিষ্টেছন ই এ এটো প্রশ্নীর সূত্র উত্তর জিনি না।

কথা লকে দিয়া গত্রিকা কছিলেন, রাজকুনার গব লিখিয়াছেন, আনাদের এখান স্থাতে লক্ষণাবতী নগরে যাইতে স্থাবে কথানে বাড়ী নির্দ্ধিত স্থাবিছে, লোকজন আসিয়াছে, তিনি নিজেও নীত্র ভ্রথায় আসিবেন, আনাদেরও শীত্র রওনা স্থাতে লিখিয়াছেন জিন্যু স্থাবিছিন করিব। রাজা রাজ্জন হিল্ ভ্রেক্স ভাগিল করা বৃদ্ধ করেব।

'রাজা রাজ্ডার জন্ম তামিল করা বড় নিএই।'—দীঘ নিধাস সহকারে এই কটা কথা বলিয়া পূর্ণশশী আবার কহি-লেন, দেখ পতিকে! আমি ভাই তোমাদের রাজপুতের জনুমে আর জপমালার মত বারবার ঘূরিতে পারি না। একবার পাটনা, একবার এলাহাবাদ, একবার লক্ষ্মণা, আবার কার্মার, আবার এখালে, আবার সেখানে ঘূরাঘূরি করা আমার কর্ম বলা হুলি একমন লোচ দাও, আলি হিলকামারে লইয়া পিতার আধানে হাট তোষাদের রাজপাতকে আমার মিন্তি জানাইয়।
বলিও, বনবাদিনী বনে গিয়াছে, আপনি নিক্ছেগে রাজন্ব করুন।
আর চারে ও কথাও বলিও, তিনি মেন আমারে ভুলিয়া যান।
আমিও চারে ভুলিলাম, ও কথাটাও জানাইও। আমার বিবাহে
প্রয়োজন নাই, আমি রাজরাণী হইব না। আরো আমার জন্য তার
হাত কন্ট হইল, হাত ক্লেশের কারণ আমি, সে অপরাধে ক্ষমা চাই।
অবলা বলিয়া যেন ক্ষমা করেন, এ কথাটাও বলিও।

'কেন ভাই শাপ দাও! তুমি ব্রাক্ষণের কন্যা, আশীর্কাদ—
না না,—মঞ্চল কামনা কর, শাপ দিও না: ব্রাক্ষণের কি অপরাধ
আছে ওৈ কথা কি মুখে আনিতে আছে তৈছিতে যে, রাজপ্ত
অপরাধী হইবেন, তার যে অকল্যান হইবে, অমন কথা বলিতে নাই:
আর ভোমারে জগমালার মত ঘূরিতে হইবে না, সময় নিকটে
আদিয়াছে।' হামিতে হামিতে এই প্রয়ন্ত বলিয়া প্রিকা মধুর
বচনে আবার কহিলেন, ওরে আমার মরলারে! ওরে আমার
ফরলা। চির দিন বনে থাকা, জগমালা বই আর কিছুই জানেন না!—

আ মরি সরলা বালা, তপোধন বালা ! জপমালা হইয়াছে, শুধু জপমালা॥

তো ভাই আমি আর কি জানি ই হরিণছানাগুলি নাচে, পার্থা-গুলি ডালে বোসে গীত গায়, আর পিতা আমার চক্ষ্যুদিত করিয়া মালাগুলি জপেন, তাই দেখি, তাই জানি।'

অবনত মস্তকে পূৰ্ণশশী এই কথাগুলি বলিলেন। প্ৰত্ৰিকা শুনিয়া ঈষ্ব হাস্য মুখে কহিলেন, আমিও সেই কথা বলিতেছি।

পূর্ণশশীর শশীয়ুখ একটু উজ্জ্জ হইল। কিদিং উদ্ধন্যনে

াতিকার মুখের দিকে চাহিয়া কহিলেন, পজিকে ! তুমি কথন কি বল, আগে ভাবিয়া দেখানা ! রাজপ্তকে আশীর্ষাদ করিতে বলিতে-ছিলে ! বল দেখি, সেটী ভোমার কোন্ বৃদ্ধির কথা ?—আমার ক্রন্ধ চারী পিতা একথা শুনিলে কি মন্দে করিবেন ই কাশ্মীরের রাজক্ষার একজন দেবতা বিশেষ, এক দেশের রাজ্যেধ্ব, আর আমি একজন দলাসীর মেয়ে, আমি কি ভারে আশীর্ষাদ করিবার যোগা ? আর তিনি আমার অপেক্ষা অনেক বড়।

প্রিকা উচ্চ হাস। করিলেন। কহিলেন,—বড় — ভাহাতে কি দোষ নি ক্ষতির রাজপজ্ঞেতে আর ব্রহ্মচারী ব্রাহ্মণের কন্যাতে অসন হইতে পারে; অমন হইয়া থাকে!

পূর্ণশশী রহস্য বুঝিতে পারিলেন । উত্তর দিলেন না, লজায় নেত্র নিলীলন করিয়া বদন নত করিলেন। পাত্রিকা সেই ভাব নিরী ক্ষণ করিয়া রহস্যে নিরস্ত হইলেন। কহিলেন, অভিমানিনি। অনা-মনস্য হইও না, যুবরাজের পত্র প্রবণ করে। ইহা শুনিলে ভোমারে আর জপমালার নায়ি ঘূরিতে হইবে না, প্ররায় বন্ধাসে যাইতেও ইন্তা থাকিবে না।

কতক ইফায়ে, কতক অনিভায় পুৰ্শশী স্কৃতি দিলেন, প্ৰিক প্ৰিকা প্ৰায় অবিষ্কারিলেন, প্ৰশিশী এক্ষনে শ্নিত্ত লাগিলেন

রাজপুরেজর পত্র

েছিনির ২০ : * মবক্সমানারী প্রকারিকিক্সারী উটিম্ভী প্তিকাফ্নারী দেবী করক্সম প্রকাশ

कमर्राष्ट्रितः शिक्टकः

তোমারে একটা সমাচার পাঠাই, প্রশ্মাত শাতা বোধ না হইলেও অপ্তভ মনে করিও না। গুরুদেরে কুপার এই সমাচার আমাদিগের গঙ্গে শুভ স্নাচার হইবে। শুনিয়াছি, নীলগিরির গুহার্শ্রমী পরমপূজনীয়ে জীয়ক সদাশিব ব্রাক্ষটারী ঠাকুর জাদার প্রতি, — আমাদের বংশের প্রতি অনুগ্রহ করিয়া তদীয় অনুঢ়া কন্যাটাকে প্রেরণ করি-রাছেন! সেই তথক্ষীপ্রজীর ফদর তোষণের জন্য আমি ভোগারে পাটনার পাঠাইরা আর একবার দিল্লী যাত্রা ক্রিয়াছিলাম। তথা হইতে আরও তিন চারিটা নগর দশ্য করিষা সম্প্রতি রাজধানীতে উপস্থিত হইয়াছি। তুমি পূর্ণশার তৃপ্তি সাধনে আমার আশাকুরূপ মহুবতী আছ শুনিয়া সম্ভক্ত হইলাম। প্রয়াগে তোমাদের সহিত সাক্ষাং করিব লিখিয়াছিলাম, পারিলাম না, এখানে আদিয়া এক নতন ৰাঞ্টে পতিত হইগাছি। পিতা মহাৱাদ কি একটী

শামাত অপরাধ করিয়াছিলেন, আমাদের মহারাজ বাহা-জুর তাহাতে মহা রাগত হইয়া তাহাকে রাজ্য হইতে নির্বাসনের দণ্ডাজ্ঞা প্রদান করিয়াছেন।—আমি—

এই গর্মান্ত শ্রবণ করিয়া পূর্ণশশী চম্কিয়া উঠিলেন। সংশয়া-কুল হৃদয়ে কহিলেন, বুঝিতে পারিলামনা। তোমাদের মহারাজই মহারাজ, এই আমি জানি, আবার মহারাজ বাহাছুর কে ?

গতিক। কহিলেন, আমাদের মহারাজ, মহারাজ বটেন, কিন্তু তিনি কাশ্যার রাজ্যের অধীশ্বর নহেন। তিনি প্রধান অধিপতির অধীন নরপতি। মহারাজ বাহাছুরকে তিনি কর দেন।

পূর্ণশাদী কহিলেন, ভাল, বুঝিলাম, পাঠ করিয়া যাও, দেখি, খোহে কভদুর যায়। পত্রিকা আবার পড়িতে আরম্ভ করিলেন।

"জামি দেই দণ্ডাজ্ঞা প্রবণ করিয়া মহারাজের দরবারে উপস্থিত হইয়াছিলাম। বিনয় পূর্বাক ক্ষমা থাচ্ ঞা করিতে লজ্জা বোধ করি নাই, কিন্তু মহারাজ বর্গ মানিলেন না। তিনি জামারে ক্ষেহ জানাইয়া কহিলেন, ভূমি ঐ সিংহাসনে রাজা হও, তোমার কৃতত্ম পিতা এ রাজ্যে বাদ করি বার উপযুক্ত নহে। আমি কর্যোড় করিয়া কহিলাম, মহারাজ! কৃতত্মের পূজ্ অকৃতত্ম হইলেও পিতার অপমান সহ্য করিতে পারে না, পিতাকে ত্যাগ করাও অকৃতত্ম প্রজের উচিত হয় না। অতএব ক্ষমা ভুকুম হয়, আমিও অদ্যাবধি কৃতত্ম হইলাম। আপনি আমাদিগের রাজ্যধন সমস্ত গ্রহণ করুন, আমরা সপরিবার দেশত্যাগ করি। মহারাজ মহাজুদ্ধ চইয়া তথাস্থাবলিয়াছেন। এখন আমার

বাধা দিয়া পুণশশী জিজ্ঞাসা করিলেন, ভবে যে, ভুমি প্রিচিট ভবে যে, ভুমি বলিতেছ, ভৃতীয় দিবস প্রভাবত লক্ষাণ্যতী যাত করিতে হইবে, এর ভাব ট

'স্তির হও, শোনো, রাজকুমার আরো কি লিখিল।ছেন ি এই কথা বলিয়া পতিকা পুনরায় পাঠ গ্রহণ করিলেন।

''এখন আমার নিশ্চয় বোধ হইতেছে,—শুন পত্রিকে ' —বোধ হইতেছে নয়.— আমার নিশ্চয় বিশ্বাস হইতেছে. সভাট উরঙ্গজেব এই ষড় যন্ত্রের মূল। সেই গর্বিত, ধর্ম বিপ্লাবক মোগল বিজয়পুর আক্রমণ করিয়া অবধি নানা ছল অন্বেষণ করিতেছিলেন। আসি যখন দিল্লীর দরবারে ও আগরার সভায় ভাঁহার সহিত তিন বার সাক্ষাং করি. তথন তিনি বক্রদৃষ্টিতে আমারে উপেক্ষা করিয়াছিলেন। এখন দেই দৃষ্টি অভিধান হইয়া আমার হৃদয়কে অর্থ বুঝা-ইয়া দিতেছে। বিজয়পুরের মহারাজ আমার পিতার পরম বন্ধ ছিলেন, সেই আজোশেই পররাজ্যলোলুপ যবন আমা-দিগের শক্ত হইয়াছেন। মহারাষ্ট্রপতি বীরবর শিবজীও আমার পিতা মহারাজের চির্মিত্র ছিলেন। তিনিও যথন উরঙ্গজেবের জাতবৈরী হইয়াও লোভাকৃষ্ট হইয়া বিজয়পুর বেফীন করেন, তখন আমার পিতা আর তাঁহাকে তাদৃশ ভক্তি করিতেন না। শিবজীও এখন আমাদের বিপক্ষ। কাশ্যীরেশ্বর শিবজীরও বাধ্য নহেন, তিনি স্বজা-তির বন্ধু হইলেন না, যবনে ভাঁহাকে বিমোহিত কবি য়াছে। এ রাজ্যে সার্থাকিতে নাই। বাজদণ না হইলেও

আমি ইচ্ছাবূর্বক কাশ্যাত ত্যাগ করিতাম। গন্যান ফত্রিয় বজ্গৰ আমাদিগের সহায় হইবেন, জগদীশ্ব সমস্ত বিপদ হইতে রক্ষা করিবেন।

"আমলা নাস এ রাজ্য হইতে লক্ষ্যণারতা নগরীতে প্রসান করিব। তুমি পত্র পাঠ মাত্র পূর্ণশাঁকে লইয়া অকুচরবর্গ সহিতে প্রয়াগধাম প্রদক্ষিণ পূর্বক লক্ষ্যণার যাত্রা করিবে। সেথানে আমার বাটাও লোকজন নিদিফ হইয়াছে। কৈশোরবাথের পশ্চিমে আমার জননার যৌতুক প্রাপ্ত বে বাটা আছে, তুমি জানো, মেই বাটাতেই অবস্থান করিবে। যদি আমার পোঁছিবার পূর্বেতি তোমরা আইম, কোনো চিন্তা নাই। শ্রীমতা পূর্ণশাঁকে আমার প্রিয়-সম্ভাবণ জানাইবে। তুমিও আমার এবং প্রাণাধিকা ভগিনী চন্দ্রবিতীর সাদর সম্ভাবণ গ্রহণ করিবে।

डीभशीकुत्भवत । "

পত্র পাঠ সমাপ্ত হইলে পূর্ণশনী একটা নিশাস ত্যাগ করিলেন, কিন্তু পত্রিকা কিছুমাত্র বিষয় হইলেন না। সেদিন ঐ প্রসঞ্ছাড়া অন্য কোনো কথাবাতীও হইল না।

জুই দিন অভিবাহিত হুইয়া পেল, ভূঠায় দিবস প্রাভঃকালে শিবির উঠাইয়া পত্রিকা লক্ষণাবতী নগরীতে যাত্রা করিলেন। রাজ-পত্র বেমন লিথিয়াছিলেন,নিয়মিত সময়ে সেইরূপ ঠিকানায় ভাঁছারা বিক্তিত হুইলেন। বাজকুটার তথ্যনে পৌছিতে পারেনু নাই। মাত এটে দিন এইরপে অতীত হইল, সমতাবে পূর্ণশা উদ্বেগ্ন, পারিকা উদ্বেগশ্না, নিতাকামী মহা বাতিবাস্তা। এক দিন শেষ রজনীতে পূর্ণশানী স্বপ্ন দেখিলেন, পরিকা প্রথম ইইরাছেন, শরীরের লাখণা রক্ষি ইইয়াছে, হাসামুখে কত প্রকার পরিহার্য করিতেছেন, একটা চমৎকার গাঁত গাইয়াছেন, সেই গাঁতের ভাবে যেন তিনি ক্রন্দন করিতেছেন, যথার্থই পূর্ণশানা কাঁদিয়া উটিলেন। তৎক্ষণাৎ নিজ্রাভক্ষ ইইলা। কি দেখিলাম ? কেন এমন ইইল ?—ভাবিয়া অনামনক্ষ ইলেন,—একটু চিন্তার পর হাসি আসিল, পূর্ণশানা হাসিলেন।—চক্ষু মাজন করিয়া পরিকার শ্বার নিকটে গোলেন,—দেখিলেন, পরিকা অকাতরে স্বাইতেছেন। পূর্ণশানা দেখিলেন, অকাতর নিজা, কিন্তু সত্য সত্য পরিকা নিজিত ছিলেন না, কিছুক্ষণ পূর্বের নিজাভক্ষ ইইয়াছে।—পরিকা জাগিয়া ছিলেন; শ্বাপাধার পদাক্ষুঠের সঞ্চার শন্ধ শুনিয়া জিজ্ঞাসা করিলেন, কে লিপ্রণশানী মুখ টিপিয়া হাসিলেন, কথা কছিলেন না।

পত্রিকা পুনরায় পূর্ব্ব স্বরে জিল্ঞাসা করিলেন, কে ?—পূর্ণশশা থিল থিল করিয়া হাসিয়া উঠিলেন,—কহিলেন, চোর নয়। স্বরে বুঝিয়া পত্রিকা উঠিয়া বসিয়া কহিলেন,—নয় কেন ?—নিশাশেরে নিঃশব্দে অপরের শ্যাপার্গে যে আইসে, সেই-ই চোর। যাহ্য হউক,—চোর হও, নাই-ই হও, কিয়া যা-ই হও, বসো;—নিশা-কালের,—বিশেষতঃ উষাকালের অতিথি অতি পূজা।

পূর্ণশশী সতন্ত্র এক আসনে উপবেশন করিলেন,—পত্রিকা শ্যা ছইতে বাছিরে আসিয়া একখানি চৌকীতে বসিলেন —জিজ্ঞাসা করিলেন, পূর্ণশশি! এখনো রাত্রি আছে, অসময়ে তৃমি এখানে আসিয়াছ কেন ? পূর্ণশর্দী স্থপ্পরভাস্ত বর্ণন করিলেন। বর্ণন করিয়া তিনিও হাসি
লেন, শুনিয়া প্রিকাও হাসিলেন। কিন্তু এই হাসির সঞ্জে একটা
অপূর্ব্ধ ঘটনা হইল। পত্রিকা কহিলেন, আমিও ঐরূপ স্থপ্প দেখিতেছিলাম;—অবিকল ঐরূপ। তুমি দেখিয়াছ, আমি প্রধ্যনান্ত্র্ব
হইয়াছি, আমি দেখিয়াছি, তুমি প্রক্ষ হইয়াছ়। তুলি শুনিয়াছ,
আমি গাঁত গাইতেছি, আমি শুনিয়াছি, তুমি গাঁত গাইতেছ;—
চমৎকরি স্থার, চমৎকার গলা, আর চমৎকার ভাব। সেই গাঁতটী
আইয়া তুমি আমারে বিবাহ করিতে চাহিতেছ।—আমি যেন আদর
করিয়া তোমার হাত ধরিতে যাইতেছি, এমন সম্ম নিদ্রাভ্নন
হইল। সে গাঁতটী প্র্যাস্থ এখনো অবিকল আমার মনে আছে।

'মিনে আছে —িসে কি — স্থারে কথা কি মনে থাকে লি' বিস্মিত নয়নে এই প্রশ্ন করিয়া পুন্শশী কহিলেন, আছে কই বল দেখে লি

'শুনিবে কৈশুনিবে কৈশএই শুন, —বলিতেছি।'' বিশেষ আগ্র-স্বের সম্ভিত প্রফুল বদনে এই কথা বলিয়া ললিত বাগিণীতে পত্রিকা এই গীতটী ধরিলেন।—

গীত।

(হিন্দির অর্থ।)

বে যারে বাসনা করে, তারে বিধি দেন তারে।
আমার কপালে কেন, সে বিধি না হতে পারে॥
নলিনী সলিলে ভাসে, তপন রহে আকাশে,
তথাপি প্রমোদে হাসে, দোঁহে নির্থি দোঁহারে॥

মিনতি করি তোমারে, আশা বিতর মানারে, ভাসি এসো একাধারে, প্রেম পারাবারে :— নব প্রভাকর আমি, ফুল্ল কমলিনী তুমি, এক জীব তুমি আমি, দেহ দেহ প্রেমাধারে॥

গীতটী সমাপ্ত করিয়া তাসি মুখে পত্রিকা জিজাসা করিলেন, কেমন, এই নম :--এই গীতটী তুমি গাও নাই ?

ঈষং হাসা করিয়া পূর্ণ-শশী কহিলেন, মনে নাই। স্থপ্নে কি বলিয়াছি, কিরুপে স্মারণ করিব ৈ কিন্তু কখনো এমন গীত আমার মনে আইসে না। কখনো কাহারও মুখে শুনিও নাই।

গতিকা ছাস্য করিয়া বলিলেন, তাছাও কি ছইতে পারে ? স্বপ্নে তুমি পুরুষ ছইয়াছিলে, স্ত্রীলোকের অন্তঃকরণ তথন তোমার ছিল না, কিরুপে মনে করিবে ? কিন্তু ভাই পূর্ণ-শশি!—তুমি পূর্ণ-শশী,— তুমি কুমুদিনীরে ভাল বাস,—আবার প্রভাকর কবে ছইলে ?— কমলিনীরে ভাল বাসিতে কবে শিথিলে? তুমি পূর্ণ-শশী, তুমি আমারে কমলিনী না বলিয়া যদি কুমুদিনী বলিতে, তাছা ছইলে আমি তোমারে বিবাছ করিতাম। যথন তুমি আমারে কমলিনী বলিয়াছ, তথন আমি তোমারে বিবাছ করিতে পারিব না! পূর্ণ-শশীর উদয়ে কমলিনী মলিনী ছইয়া যায়,—আমি তোমারে বিবাছ করিব না, আমি তোমার নিত্যকামীরে বিবাছ করিব। সে ব্রাহ্মণরে আমি বাঁছারে কমলাকান্ত বলিয়া বাগ্দান করিয়াছি, বাগ্দতা ছইয়াছি, আমি কমলাকান্তরে বিবাছ করিব। পূর্ণশশীকে বিবাছ করিব না। পূর্ণশশীকে বিবাছ করিব।

পূর্ণ-শশী লজ্জা পাইলেন। লজ্জায় নত্যুখা হুইয়া কহিলেন, পূর্ণ-শশী মেয়ে মারুষ।

পত্রিকা আসন ছইতে উচিলেন। নিকটে গিয়া পূণশশীর চিবুকে অঙ্গুলী স্পর্শ করিয়া সাদরস্বরে কছিলেন, ওরে আমার বিলাতী দর্শন-শাস্তের অধ্যাপক! এই বয়সে তোমার এতদূর শাস্তক্ষান ছই-য়াছে ই আমাদের দেশের পূণশশী মেয়েমান্ত্র নয়, বিলাতের পূণশশী মেয়েমান্ত্র নয়, বিলাতের পূণশশী মেয়েমান্ত্র ।

অন্তর্রালে দাঁড়াইয়া নিত্যকামী তাঁহাদের বাক্চাতুরী প্রবণ করিতেছিলেন। যথন শুনিতে পাইলেন, পূর্ণশাশী পুরুষ হইয়াছিল, পাত্রকা তাহাকে বিবাহ করিবে, তথন আত্মাপুরুষ নিকটে ছিল না: যথন শুনিলেন, পাত্রকার বাগ্দান মনে আছে, কমলাকাস্তরে বিবাহ করিবে রলিল, তথন রন্ধ ত্রাহ্মণ আহ্লাদে নৃত্য করিয়া উঠিলেন। আনন্দের বেগ ধারণ করিতে পারিলেন না। চীৎকার করিয়া কহিলেন,— হুঁঃ!—স্বন্ধরি!হুঁঃ!—কমলাকাস্ত;হুঁঃ!পূর্ণশাশা মেয়েন্যান্থয়;হুঁঃ!

পত্রিকা ও পূর্ণশশী উভয়েই চম্কিয়া উঠিলেন। সর বুঝিয়া পত্রিকা বাছিরে গেলেন, কথোপকথন বন্ধ হইল; পূণশশী আপন কক্ষে প্রবেশ করিলেন। পত্রিকার সাহিত নিত্যকামীর কিছু কিছু রহসা হইল, তাহা পাঠক মহাশয়ের শ্রবণ করিয়া বিশেষ আমোদ হইলে না, অত্রব ভাঁহাদিগকে গোপনেই আলাপ করিতে রাখা গেল।

সর ওয়াল্টর স্কট্ তাঁছার নবন্যাসের নায়ক নাগ্নিকাগণকে প্রাতঃ কালে হস্তমুখ প্রেকালন ও মধ্যাক্সে স্নান করিবার অবসরও উল্লেখ রাখেন নাই, মুখপ্রকালন ও স্নানাদির প্রর্কে সাছার করিতে বসাই য়াছেন, এই অপরাধে আজকাল ইউরোপের কূটার্থ আলোচক যোধগণ ওয়েবরলী-ন্যাসের উরুদেশে গদাঘাত করিতেছেন। আমরা তাদৃশ পাঠকের তৃপ্তি বাসনায় লক্ষ্মণাবাসের নায়িকাচুটীকে প্রাতঃ-ক্রত্যে ও মধ্যাক্ষ কর্ত্তব্য প্রেরণ করিলাম। অর্ক দিবা অতিবাহিত ক্রতা

অপরাক্তে পত্রিকা একটু মুখ ভারি করিয়া নিতাকার্মার সহিত্ সাক্ষাৎ করিলেন । নিতাকার্মী মন খুলিয়া কথা কহিলেন না, প্রাতঃ-কালের আলাপে যেন কিছু কথাস্তর ইইয়াছিল, নির্দ্যোগ বিদূষক হয় ত স্কুমারী গন্ধর্বাকুমারীকে কিছু কটু কথা বলিয়াছিলেন, তাহা-তেই পত্রিকা বিষয়, নিতাকার্মী রাগায়িত। পত্রিকা কহিলেন, দ্বিজ-বর! যদি তুমি আমারে কন্টক বােগ করিয়া থাক, আমি চলিলাম, অনুচর-অন্ক্ররীরা রহিল, পুর্ণশশী রহিলেন, সাবধানে যন্ন করিয়া রাখিও, আমি রাজকুমারের সহিত শীঘ্র ফিরিয়া আসিতেছি; ভাহার সাক্ষাতে তােমার যাহা কিছু অভিযোগ থাকে, জানাইও, যাহা কিছু বলিবার থাকে, বলিও। আমিও সেই সময় বিদায় লইব।

নিত্যকামী উত্তর দিলেন না। পত্রিকা ক্ষণকাল সেখানে অপেক্ষা করিয়া পূর্ণশশীর গৃহে প্রবেশ করিলেন। সেখানে তাঁকার প্রকৃতির ভাবাস্তর। তিনি পূর্ণশশীকে কহিলেন, ঋষিকনো! কিছু দিন একাকিনী থাকিবে ?

 " (कन ? "
———" জিজাসা করিতেছি।"
———" তুমি কে'পায় যাইবে ?"
———'' তুমি একাকিনী থাকিবে ?''
" বাটীর আর আর সকলে কোথায় যাইবে ? "

———'' আর কেহ যাইবে না ; কেবল আমি একা।''

পত্রিকার শেষ কথা শুনিয়া পুণশশী বিষয় বদনে কহিলেন, তুমি একা কোপায় যাইবে?—পত্রিক: উত্তর করিলেন, রাজকুমারের বিলম্ব ছইতেছে, অগ্রণী ছইয়া লইয়া আসেব।

পূর্ণশাদী নিস্তার হইলেন। ক্ষণপরে মৌনভঞ্চ করিয়া কহি-লেন, বিলম্ব হইতেছে, ভাহাতে ভাবনা কি তিনি রাজপুত্র,— পুরুষ মানুষ,—বীরপুরুষ,—লোকজন সঞ্চে আছে, ভয় কি — ভুমি স্ত্রীলোক, কোপায় অন্বেষণ করিতে যাইবে ত

অবসর পাইয়া পত্রিকা হাসা করিয়া কহিলেন, কেন : — তুমি তস্বপ্লে দেখিয়াছ, আমি পুক্ষ মানুষ হইয়াছি, ভবে আর ভয় কি : আমি স্ত্রীলোক নই।

পূর্ণশানী মৃত্ হাসা করিলেন, কহিলেন, সতা সতাই গল্পরের মায়া বুঝা ভার ' তোমার আকৃতিখানি যদি এত মনোহর না হইত, তোমার চক্ষুত্রটী যদি এত ভালবাসা মাখানো না হইত, তোমার কথাগুলি যদি এত মিন্ট মিন্ট না হইত, তাহা হইলে কেহই তোমারে, —সতা বলিতেছি পত্রিকে!—তাহা হইলে কেহই তোমারে বিশ্বাস করত না।—আমি ত করিতাম না,—অপরে কি করিত, জানি না। হাসিতে হাসিতে এই কটা কথা কহিয়া হাস্য বদনে আবার কহিলেন, আরো শুন পত্রিকে, যদি তুমি আমার পর্ম উপক্রিণী না হইতে, তাহা হইলে তোমারে বিশ্বাস করিতে আমার ভ্র হইত।

" বিশ্বাস করিতে ভয়ই হয়, কি সাহসই পাও, সে কথা পরের বিবেচনা, এখন মন খুলিয়া বল দেখি, কিছু দিন একাকিনী পাকিতে পারিবে কি নাই" " পারিব।—থাকিব।—শীঘ্র আসিও।" পত্রিকার প্রশ্নে এই সংক্ষিপ্ত উত্তর দিয়া পূর্ণশশী গদ্ধীর বদনে জিজ্ঞাসা করিলেন, "করে যাইবে?"

কিপিং চিস্তা করিয়া পত্রিকা উত্তর করিলেন, "অদাই যাইব উচ্চা করিয়াছি।" পুণশশী পুনরায় জিজ্ঞাসা করিলেন, "কত দিন বিলয় হইবে?"

'' যে কারণে যাইতে হইতেছে, তাহা অনিশ্চিত। বোধ করি। সপ্তাহের অধিক হইবে না।''

কথোপকথনে দিবা অবসান ছইল। সূর্যাদেব সরলা পূর্ণশানীর হৃদয়কে স্থী-বিরহে আকুল করিয়া অস্ত গমন করিলেন। গোপূলি, ক্রমে সন্ধ্যা, দেখিতে দেখিতে রজনী সমাগত। শুক্রপক্ষ রজনী,— আকাশ নিম্মল, গগনমগুলে অপূর্ণ চক্রমগুল যথাসাধ্য দীপ্তি বিকাস করিল। পত্রিকা গাজোখান করিয়া কিন্ধরীগণকে ডাকিলেন। পূর্ণশানী একাকিনী থাকিলেন, সর্বাদা নিকটে থাকিও, যখন যাহা আহম্যক হইবে, প্রদান করিও, আমি যেমন সাবধানে রাখিতেছি, এই প্রকার সাবধানে রাখিও, যেন অযত্ন না হয়। অন্তরীগণকে এই আদেশ দিয়া পূর্ণশানীর হস্ত ধারণ পূর্বাক কহিলেন, "অভিমানিনি শু অভিমান ত্যাগ করে, ঈশ্বর প্রসাদে শীন্তাই আমি মুব্রাজকে সঙ্গে করিয়া প্রত্যাগত হইতেছি। পূর্ণশানী সাঞ্জনয়নে কহিলেন, যদি একাস্তই যাইতে হয়, অদ্য রাত্র হইল, রজনী প্রভাতে যাত্রা করিও, রাত্রিকালে স্থীলোকের বাটীর বাহির হওয়া অসম সাহস। কুলের অপ্রথা, বিশেষতঃ তুমি দূরদেশে যাইবে।

পত্রিকা হাস্য করিয়া কহিলেন, তোমার সকলই গুণ, কেবল একটী দোষ। একটী কথাও স্মরণ রাখিতে পার না। যথনি সোন তথনি মৃতন বোধ হয়, আবার তথনি ভুলিয়া যাও। আমরা কামচারী গন্ধর্কক্মারী, শুনো শুনো গতিবিধি হয়,দিবাভাগে আমাদের
ভ্রমণের পদ্ধতি নাই। চন্দ্রের সহিত আমাদের কুলের অতি নিকট
সম্বন্ধ, রজনীদেবী আমাদের জননী হন। ভর নাই, নিশ্চিন্ত থাক,
আমারে যেরপ সহচরী জ্ঞান করিতে, এই সহচরীদের সেইরপ জ্ঞান
করিও, আমি নিকটে থাকিলাম না বলিয়া উংক্তিত কিয়া অনামনক্ষ থাকিও না, যেমন আমোদ প্রমোদ করা অভাসি, তাহাতে
সক্ষুচিত হইও না। পরিণয়ের পূর্কো মানবী-কুলবালারা যেমন আমোদিনী হয়, আমি ইচ্ছা করি, তোমার স্বভাবেও তাহার অনাথা
হইবে না। আমি ঘটকের কার্য্যে চলিলাম,অবিলয়ে যুবরাজ শশীক্রশেখরকে আনিয়া মিলন করিব, অবিলমেই তোমার বিবাহ হইবে।

লক্ষায় পূর্ণশনী আর কথা কছিলেন না। বারবার ভাঁছারে সাবধান করিয়া,—বারবার কিন্ধরীগণকে সাবধান হউতে আদেশ দিয়া, ছটীমাত্র অন্তরী সঙ্গে লইয়া পত্রিকা দেবী বাটী হইতে বাহির হউললেন। রজনী তথন প্রায় ছয়দণ্ড অতীত। উপদেশের বিপরীতে,—নিরবচ্ছিন্ন চিন্তাতরক্ষের মধ্যবর্তিনী হইয়া পূর্ণশনী নিশাজাগরণ করিলেন, মানসিক চিন্তার এক লহ্মাও বিরাম নাই, হাস্যরসে হাস্য নাই, প্রমোদে পরিতোষ নাই,—নয়নে নিদ্রা নাই।

প্রদিন প্রাভিংকালে নিত্যকামী শুনিলেন, প্রিকা চলিয়া গিয়াছে। রদ্ধ ব্রাহ্মণ মাথা ধরিয়া বসিলেন। অন্ধর-সমুদ্রে পরস্পর বিরোধী ছুটী তরক্ষের ক্রীড়া।—যেন প্রবল ঝড়ে একটী টেউ তীরভূমি স্পর্শ করিতেছে, আর একটী তীরের দিক হইতে গড়াইয়া আসিয়া মধ্যবল জলনিধির উন্নত বক্ষে প্রতিঘাত করিতেছে। ব্রাহ্মণ ভাবিত্তেদন, প্রিকা গেল, আর ফিরিয়া আসিবে কিনা বিদ্নাআমে

াবে আমাৰ বিবাহ হইবে না: পত্ৰিকার সহিত আমার কলহ হই-ঘাছে, সেই জনা কি রাগ করিয়া গেল গৈনা, রাগ হইবে না, অভিমান ভট্তে:—ভবে কি অভিমান করিয়া গেল ৈ যদি ভাষা হয়, ভবে আসিবে: যদি রাগও হয়, ভবুও আসিবে। অভিমান হয়, রাগ হয়, ত্নই দিকেই আমার পক্ষে ভাল। আমি রদ্ধ হইয়াছি,—লোকে বলে, আমি রদ্ধ হইয়াছি, কিন্তু কৈ, রদ্ধ ত হই নাই। রদ্ধের এক লক্ষণ আমাতে আছে ; জগতের অনেক দেখিয়া শুনিয়া পরমজ্ঞানী হইয়াছি : সকল জ্বানের উপর প্রণয় জ্বান পরিপক্ত হইয়াছে। কিরাত যেমন ক্রফ্লিনীর প্রতি শ্রলক্ষোর অবার্থ সন্ধান জানে, আমিও তেমনি যুবতী কমিনীর প্রণয়ী হৃদয়ে প্রেমশর লক্ষ্য করিবার অব্যর্থ সন্ধান জানি। নায়িকা যদি অভিমান জানায়, তাহা হইলে নায়কের প্রতি ভাছার অন্তরাগ গাচ ছয়। সর্বাদা নিকটে থাকিলে প্রণয়ের নবীনত্ত থাকে না। লোকে বলে, প্রণায় পুরাতন ছইলে অভেদ্য হয়, আমি তাহা ভাবি না। পুরাতন হইয়া মূতন হইলে কিয়া কিছুদিন বিচ্ছে দের পর সাক্ষাৎ হইলে প্রণয় পরিপক হয়। কেবল পরিপক্ষ নয়, পরীক্ষাও হয়। পত্রিকা প্রণয় জানাইয়াছে, আমাকে পরীক্ষা কবি-য়াছে। হৃদ্যে প্রণয় প্রবেশ না করিলে নায়কের প্রতি নায়িকাব রোষও হয় না, অভিমানও হয় না। পত্রিকার হৃদয়ে প্রণয় প্রবেশ করিয়াছে, সে প্রণয় আমারি প্রতি, তাহাতে আর কিলুমাত্র সংশয় নাই। কারণ কিনাযে দিন আমি পত্রিকাকে পরিহাস করিয়া হৃদ-য়ের কমলা বলিয়া ডাকিয়াছিলাম, সেই দিন সেই স্থলোচনা আমাব প্রতি হাসিতে হাসিতে কটাক্ষ করিয়া বলিয়াছিল,—"আমাকে যদি কমলা বলিলে, তবে তুমি কমলাকান্ত হুইলে, আজি অবধি আফি ভোমারে কমলাকান্ত চক্রবর্তী বলিয়া ডাকিব।" আছা। সরলার এই

সরল প্রণয়ের চিহ্ন আর কি আমি ভুলিব ? অবশাই আমার পত্রিকা আমার হইবে। আমার পত্রিকা অবশাই কমলা হইবে, অবশা আমি কমলাকাম চক্রবভী হইব। রাবণের মাতলের ন্যায় মনে মনে এই সকল আন্দোলন করিয়া নির্ফোধ ব্রাহ্মণ আহলাদে মাতিয়া উচি-লেন। আপনা আপনি উচ্চ হাস্য করিয়া উঠিলেন। হাসিতে হাসিতে रयन नर्जात जोरल छेठिया माँ छ। इरलन । প्रतिका फितिया प्रामिर्दर, যদি না আইদে, তবে কি ছইবে ? তবে আমি পত্রিকার প্রণয়ে বিস-র্জন দিব। অবাধা পত্নীর মুখদর্শন করিতে শাস্তে নিষেধ আছে: যদি ফিরিয়ানা আইসে, তাহা হইলে নিশ্চয়ই সেই পাপীয়সী আমার অবাধ্য ৷ আমাকে না বলিয়া যখন প্রস্তান করিয়াছে, তখন আরও অবাধা। দেদিন কলছের সময় যাহা মুখে আনিবার নয়, ভাহা বলিয়া গিয়াছে। যদি সেই ভাব সেই অবিশ্বাসিনীর মনের ভাব হয়, ভাহা হইলে আমি অভিসম্পাত করিতেছি, সে যেন আর লক্ষ্মণাবতীতে ফিরিয়া না আইদে। কেবল এখানে কেন, যেখানে আমি থাকিব, সেখানে যেন আর ফিরিয়া না আইসে। আমার বহুপুরুষ ত্রাহ্মণ, আমি পরম শুদ্ধাচারী ব্রাক্ষণের সন্তান; ত্রিসন্ধ্যা জপতপ আমাদের কৌলিক ব্রত। আমার বাক্য, আমার অভিশাপ, নিক্ষল হইবার নয়। বিশাস্থাতিকা পত্রিকাস্তা স্তা যদি ফিরিরা না আইসে,—এই পর্যায় বলিতে বলিতে ব্রাহ্মণের ক্রোপ হইল ৷ শুভ্র শাক্র থ্রথর করিয়া কাঁপিতে লাগিল, মূর্তিমান জ্বলম্ভ পাবকের ন্যায় উগ্রভাবে পরিপূর্ণ ক্রোধে নির্জ্জনে একাকী উচ্চৈঃস্বরে দম্ভ করিয়া কহিলেন. বিশ্বাসঘাতিকা পত্রিকা যদি আর ফিরিয়া না আইসে,তবে এই ব্রাক্ষ-ণের বেদবাকা, নিশ্চয়ই তাহাকে বাা্ডে আহার করিবে। সেই ভন্ট পশু যদি স্ত্রীম্ভারে পাতক মনে করে, ভামা মইলে পাপীর্মী নিশ্চ- য়ই ব্যক্তিচারিনী হইবে। আমার পবিত্র অকপট প্রণয়ে অবছেল; করা সামান্য মহাপাতক নহে। পত্রিকা আসিবে, আমার সম্মুখে আসিবে, কমলাকাল্প বলিয়া পুন্রায় প্রেমভাবে কথা কহিবে, আমি কথা কহিব না, মুখ ফ্রিটেয়া বসিব। সাপিনীর দিকে কটাক্ষপাত করিয়া দেবছুল ভ ভূদেব ক্রন্ধনেত্র কদাচ কলুষিত করিব না; রোষভারে গর্জনকরিয়া কহিব, চাহি না; পর-প্রুমণামিনী ব্যভিচারিনি! ভূই গণিকা, আমি তোরে চাহি না। সে সময় যদি এই ক্রোধ আরও কিছু বেশী হয়,—পাপিনীর রূপ সম্মুখে দেখিলে অবশাই বেশী হইবে, সেই বেশা ক্রোধে আরও তর্জন করিয়া কহিব, রাক্ষমি! সম্মুখ হইতে দূর হ! ভ্যাহ! ক্রন্ধনাদেবের এমন তেজ নয়, সেই গণিকা তৎক্ষণাৎ ভ্যা হইয়া যাইবে!

এইরপ নিকৃত অসম্বন্ধ প্রলাপ বকিতে বকিতে নিতাকামী যেন প্রেকৃত উন্মাদপ্রস্ত হইলেন । উন্মতের ন্যায় আরও কত কি বলিলেন, কথন হাসিলেন, কথন কাঁদিলেন, কত শাপ দিলেন, কত গালাগালি দিলেন, বিজ্ঞান মাতোয়ারা হইয়া বিকট স্বরে কত প্রকার প্রথম-ভাব জানাইলেন, সে সকল প্রবণ করিয়া পাঠক মহাশয়ের বিরক্তি বোধ হইবে, এই শস্কায় উন্মত্ত অবস্থায় এই স্থানেই তাঁহাকে ছাড়িয়, দেওয়া গেল।

কৈশোরবাগ হইতে পত্রিকার যাত্রার সাত দিন পরে পূর্ণশন্তী একটী কক্ষের গবাক্ষে করনাস্ত কপোলে উপবেশন করিয়া কি ভাবি-তেছেন। সন্ধ্যা হইয়াছে, মৃত্ব মৃত্ব সমীরণ বহিতেছে, সেই বাতাসে চিস্তাকুলার হৃদয়-চুকুল অপ্প অপ্প উড়িতেছে,—সরিয়া পড়িল,— জক্ষেপ নাই। গৃহে প্রদীপ ছলিতেছে, গবাক্ষের দ্বার মৃত্ত, কক্ষ-মধ্যে বায়ু প্রবেশ করিল, প্রদীপ নিবিয়া গেল, জক্ষেপ নাই। গবাকে বসিয়া প্রণশশী ভাবিতেছেন। কিন্তু কি ভাবিতেছেন? অনুচা সরলা কুলবালার মনের ভাব কে বলিবে ? গবাকের দার দিয়া চল্রকিরণ গাত্র স্পর্শ করিয়াছে, আকাশে নক্ষত্রমালা যেন সেই গবাকের দিকেই অসংখ্য চক্ষু নিক্ষেপ করিয়াছে। কি দেখিতেছে ? কিছুই না। মানবী-দেই অস্পন্দ, সংজ্ঞা আছে, কিন্তু আল্ডে। চক্ষে বিন্দু অশ্রুণ: সেই অশ্রুণ গারে গারে কণোলে, ক্রমে বক্ষে, গলিত ইতেছে। চল্লে কলম্ব আছে। যাহার মনে কলম্ব থাকে, সে অনোর সৌভাগ্যে বাথা পায়, ছভাগ্যে হাস্যা করে। পূণশশীর এই দশা দেখিয়া চল্রমা হাস্যা করিতেছেন। কেন, পূণশশী কি ভাইার সতিনী? কেন ? আজি ভো প্রণিমা নয়, আকাশে ভপ্তণশশীর উদ্যান্তিনী? কেন ? আজি ভো প্রণিমা নয়, আকাশে ভপ্তণশশীর উদ্যান্তিনী? কেন ? আজি ভো প্রণিমা নয়, আকাশে ভপ্তণশশীর উদ্যান্তিনী? কেন ? আজি ভো প্রণিমা নয়, আকাশে ভপ্তণশশীর উদ্যান্তিনী? কেন ? আজি ভো প্রণিমা নয়, আকাশে ভপ্তণশশীর উদ্যান্তিনী? কেন ? আজি ভো প্রণিমা নয়, আকাশে ভপ্তণশশীর উদ্যান্তিনী বালিকা প্রণশশীর নিরামন্দে গগনবিহারী অপ্রণশশীর এত আনন্দ কেন ? কুমুদিনী নিজকান্তের প্রণ, অপ্রণ, উত্যা অবস্থা দশনেই আলোদিনী হয়, চন্দ্রমার এই এক প্রণয় অহম্বার।

পূর্ণশালী চিন্তা করিতেছেন । সপ্তাহ অতীত । ভাগিতেছে না বলিয়া প্রিকা গিয়াছে, আজি সেই সপ্তাহ অতীত। আসিতেছে না কেন ? রাজপত্রের অন্নেষণ করিতে গিয়াছে, রাজপত্রে আমার প্রয়োজন কি ? আমি উদাসীন ব্রাহ্মণের কন্যা, চিরজীবন উদাসিনা। রাজপত্রের সহিত সম্বন্ধ হওয়া আমার জীবনে বিভ্রমা মার। প্রিকাকাকে নিকটে দেখিলেই আমার মন প্রফল্ল থাকে, যদি বিবাহ করিতে হয়, তবে বিধাতা যেন সেই স্বথময়ী বিভাবরীর স্বপ্রতীসত্য করিয়া দেন; প্রিকা ভিন্ন অন্যো আমার কচি নাই। অনা রপ্রত চক্ষে ভাল লাগে না। এমন ছুরাশা আমার কেন হইল ? প্রিকা গদ্মপ্রকান্যা, আমি মান্সী। আরও প্রিকা প্রাজাতি, সে কিরপ্রে

পুরুষ হইবে ? এমন ছুরাশা আমার কেন হইল ? আর, স্থপ্ত কি কথনো সভা হয় ? আমার মন এমন অপথে কেন গেল ? আমি বিদে-শিনী, পৃথিবীতে থাকি, পত্রিকা বিদেশিনী, আকাশে থাকে, পত্রি-কার প্রতি এত অনুরাগিণী কেন হইলাম ? এমন ছুরাশা আমার কেন হইল ? পিতা আমারে কেন এখানে পাঠাইয়াছিলেন ? আপ্রমে একাকী এখন তিনি কি করিতেছেন ? নিতাকামী একবার যদি সেখানে আমারে লইয়া যান, তবে একবার পিতৃদেবের চরণ দর্শন করিয়া স্থী হই । স্থী হই বটে, কিন্তু পত্রিকাকে না দেখিলে অস্থ হয়। আমার মন এমন চঞ্চল কেন হইল ? এখন কোথায় যাই ? কোথায় গেলে এই চঞ্চলতা একটু দূর হয় ? শুনিয়াছি, এই—

পূর্ণশশী এইরপ চিন্তা করিতেছেন, আপনা আপনি কথা কহিতছেন, মধ্যে মধ্যে দীঘ নিশ্বাস নিক্ষেপ করিতেছেন, এই অবসরে একজন অনুচরী কক্ষ প্রবেশ করিয়া অদ্ধে। জিতে বাধা দিল। গৃহ অন্ধকার, প্রতিফলিত চন্দ্রালোকে যাহা কিছু দেখা শুনা। অনুচরী নিকটে গিয়া কহিল, "এ কি? আপনার এ তাব কেন? আপনা আপনি কি বলিতেছিলেন?" পূর্ণশশীর তথন চৈতন্য হইল। করতল হইতে কপোল উত্তোলন করিয়া কহিলেন, "কিছুই নয়। এই বলিতেছিলাম, চন্দ্রের আলো বেশ হিম!" অনুচরী কহিল, মনে কি কিছু অসুথ হইয়াছে?

' চিরদিন অস্থা!' এই মাত্র সংক্ষিপ্ত উত্তর দিয়া পূর্ণশশী মৌনাবলম্বন করিলেন। অভ্নত্তরী কিছু বুঝিতে পারিল না, কহিল, '' পত্রিকাদেবী এখানে নাই, সেই জন্য অস্থা, কিন্তু আমরা রহি-য়াছি, আমরাই আপনার দাসী।—যদি আমাদের দ্বারা কিছু অস্থ-থের নিবারণ সম্ভব হয়, অসুমতি করুন, প্রস্তুত আছি।" কিয়ৎক্ষণ নীরব থাকিয়া, পূর্ণশশী কছিলেন, "এই কারাগার হইতে যদি ক্ষণকাল কোন রমণীয় স্থানে প্রকৃতির শীতল সমীরণ সেবন করিতে পাই, তাহা হইলে বোধ করি এই তাগময় হৃদয় কতক স্কস্ত হয়।" কিঙ্করী সাগ্রহে কছিল, "তাহাই হুইবে। এই বাটীর সংলগ্ন একটু দূরে একটী উদ্যান আছে, আপনি এক দিনও তাহা দেখেন নাই, কি জানি কি ভাবিয়া পত্রিকা দেবী একদিনও আপনারে সেখানে লইয়া যান নাই। যদি ইচ্ছা করেন, রাত্রি এখনও অধিক হয় নাই, আর সে উদ্যান্টী চারি দিকে প্রাচীর দিয়ে ঘেরা, যদি ইচ্ছা করেন, আমি আপনারে সেই খানে লইয়া যাই।"

পাঠক মহাশয় স্মারণ করুন, রাজকুমার শশীভ্রশেখরের পরে যে বাটীর কথা লেখা ছিল, যে বাটীতে পরিকাদেবী পূর্ণশশীরে আনিয়া রাখিয়াছেন, কৈশোরবাগের সেই বাটীর অগ্নিকোণে একটী অরণ্য আছে, তাহাকে সাধারণে লক্ষ্মণারণ্য কছে। অন্তর্নী যে উন্যানের কথা বলিল, তাহার পরপারেই সেই অরণ্য। অরণ্য বটে, কিন্তু হিংত্র জন্তু বাস করে না। ভাগবত-বণিত নিকুঞ্জকাননের নায় অতি শোভাময় ও সনোহর।

পূর্ণশাশী উদ্যান বিহারের নাম শুনিয়া কৌতুহলে বাস্ত হইয়া কহিলেন, "নিতান্ত ইচ্ছা হইতেছে; চল, সেইখানে যাই।" কালব্যাজ না করিয়া কিন্ধরী তাঁহাকে সেই উদ্যানে লইয়া গেল। অতি রমণীয় উদ্যান। চারি ধারে প্র্পাকানন, মধ্যে মধ্যে লতাকুঞ্জ, মধান্তলে একটি প্রস্তারবদ্ধ সরোবর। পূর্ণশাশী কিয়ৎক্ষণ স্থীর সহিত ইতস্ততঃ ভ্রমণ করিয়া প্রযোদিত মনে সেই সরোবরের সোপানে গিয়া বসিলেন। শশিকর-স্থিদ্ধ পূর্ব্যাম যামিনীর প্রস্থিদ্ধ প্রন-হিল্লোলে শারীর শীতল হইতে লাগিল। ক্ষণকাল উভয়ের মুখে বাকা নাই। বার্হিলোলে রক্ষলতার মৃত্ল প্রশক বাতীত অনা শব্দও প্রতিগোচর হয় না। পক্ষীরাও নীরব। তাঁহোরা তির হইয়া বসিয়া আছেন, এমন সময় প্রোচীরের বাহিরে লক্ষ্মণাটবীর এক প্রান্ত হইতে সহসা স্ক্রের বংশীপরনি কণ্রহরে প্রবেশ করিল।

পূর্ণশাশী চম্কিত ভইয়া সেই দিকে চাহিলেন । আছা! কি স্মপ্তর স্বব । বাত্তিকালে এই বিজন অর্ণা মধ্যে কে আসিয়াছে ই কাছার অন্ত-রাণে কোন স্থা অথবা বিয়েগী এমন মধুর বাঁশরী বাজাইতেছে ? আমার হৃদয়ের ন্যায় ভাষার হৃদয়ও কি কোনো অনুভাগে সন্তা-পিত ? অনুচরীকে এই কটী প্রশ্ন করিয়া উত্তর প্রবণের প্রতিক্ষিণ করিয়।ই বংশীস্বরে কর্ণ স্থির করিলেন। প্রনি নিজ্ঞা হইল। মুহুছ মধ্যেই জগংমোহন কণ্ডমরে তানলয় বিশ্বন্ধ গীত আর্ম হইল প্রণশর্মার কৌত্তল চল্রজ্ঞবি-প্রতিবিশ্বিত জলমিধির সলিলের ন্যায় স্ফীত হইয়া উচিল। কর্ণ, চক্ষুও মন একত্রে লক্ষ্মণটিবীর মেই অংশে সেই স্মধুর স্বরের প্রতি এককালে আকর্ষিত হটল। সভ্রত্তরীকে জিজ্ঞাসা করিলেন, ''এই উদ্যানের ভিত্র দিয়া কাননে প্রবেশের 'ক কোনো পথ আছে? ইচ্ছা হয়, যাহার স্বরে হৃদয় মুগ্ধ হইতেছে, ভাহার মূর্ভিথানি একবার চক্ষে দশন করি। " এই পর্যান্ত বাল্যাই বেন অন্যমনক্ষ হইলেন। নীলগিরি মনে পড়িল; পত্রিকার সহিত আলাপ মনে পডিল; এই স্বর কোথাও শুনিয়াছি, তাহাও মনে পডিল। কিন্তু কোথায় শুনিয়াছেন, কাছার স্বরু, সেটী মনে পড়িল কি না, সে উত্তর কেবল স্বরমুগ্ধা পূর্ণশর্শীই দিতে পারেন, অনোর পক্ষে অসম্ব।

কিন্ধরী তাঁহাকে অন্যানক দেখিয়া, আর আন্তরিক আগ্রহ

বুঝিয়া, সকৌতূহলেই কহিল, "দেবি ! পথ আছে, কিন্তু রাত্রি হট-য়াছে। আমার বিবেচনায় রাত্রিকালে অরণ্য প্রবেশ করা ভাল দেখায় না।"

"ভালই দেখায়; আমার অন্তঃকরণ নিতান্ত অন্তির ছইয়াছে। তুমি চল।" শশবাস্তে এই কথা বলিতে বলিতে পূৰ্ণশশী উঠিয়া দাঁডাইলেন। ছই চারি পদ চলিয়া গেলেন। অনুচ্রী অগতা অনু-বর্ত্নী হইল। প্রাচীরের দক্ষিণ দিকে একটী ক্ষুদ্র দ্বার, উদ্যানের ভিতর দিক হইতে অর্গলবন্ধ। কিম্বর্রী সেই দরজা খুলিয়া পুন-শশীকে পথ দেখাইল। তিনি গীরে গীরে কান্সপ্যে প্রবেশ করি-লেন। অধিক দুর যাইতে না যাইতে সেই গ্রুভপুর্বা সার নিস্তর্বা ছইল। বে!দু ছইল, অভি নিকট ছইতেই সেই আলাপ জুভিগোচর ছইতেছিল। জ্যোৎস্নালোকে অপ্প অপ্প দৃষ্ট ছইল, একটী বিশাল বুক্সমূলে একজন বংশীধারী প্রত্য বসিয়া আছে। স্তিমিত আলোকে আর ত্রুলতার ছায়ায় স্থাট মূর্তি নির্ক্তি হইল না। সেই পুরুষ বাকশুনা। ছুই দিকেই পূর্ণশ্লী হতাশ হইলেন। সঞ্চীত এবনে কোত্রল ছিল, পরিত্প হইল না; সঞ্চীতাল।পার আকৃতি म्मार्स डेव्हा डिल, अफलवडी इटेल। এकान्ठटे कि निफल रे ना, একান্ত নিক্ষল নয়। স্বরকৌত্কিনী পূর্ণশাশী নিঃশব্দ পদস্পারে ধীরেদীরে অগ্রসর হুইতে লাগিলেন। বংশীধারীর রূপ স্পাইট নয়ন-গোচর চইল ৷ সদয়ে যে আশালতা এতক্ষণ পর্যান্ত সজীব ছিল, নিষ্ঠার চন্দ্রমা ভাষা শুকাইয়া দিল !

'কেরিয়া যাই, ল্কাইয়া অরপ্যে অবস্থান নিফল!'' এইরূপ ভাবিয়া পশ্চাদাবর্ত্তন করিতেছেন, এমন সময়ে নিকটপ্ত অপর এক হক্ষের শাখা হইতে একটী মনোহর সঞ্চীত শ্রবণকুহরে প্রবিষ্ট ভইল। কোন বিরহী কোন প্রকার দারুণ মনস্তাপে অতি করুণস্বরে এই গীত ধরিয়াছেনঃ—

গীত।

(ছিন্দির অর্থ।)

বেহাগ।—একতালা।

পিরীতি আমায় দহে ;—দহে ! বপু অথর্ব্ব, রিপু সচঞ্চল,

ছারো পরাণে কতবা সহে॥
কভু লভিবারে, পারিবনা যারে,
কেনবা জীবন সঁপিলাম তারে,
পাপ প্রেমবিষে জরিল আমারে,

দেহে প্রাণ নাহি রহে॥
ছিছি একি জ্বালা ঘটল আমারে,
কেনবা ভুলিতে পারিনে তাহারে,
লাঞ্জনা সহি বাঞ্জিত তরে,

পোড়া লোকে কটু কহেঃ—
না হেরি নয়নে কুরঙ্গ নয়না,
স্বর্ণলতা,—পূর্ণচন্দ্র নিভাননা,
শুকাইল শেষে মানস বাসনা,
দুনয়নে ধারা বহে ॥
যোগী হইলাম রাধারি কারণে,
সাধিত কাঁদিত ধরিত চরণে.

গীত সমাপ্ত হইলে প্নরায় বীণার বাদারের নায় বংশীধানি হইল। পূর্ণশালী একমনে তাহা শ্রবণ করিলেন। পুনরায় আর একটী গীত হইল। কিন্তু কে গাইল, শ্রোভারা দেখিতে পাইলেন না। কিঞ্চিৎ বিলম্বে বংশীধারী পুরুষ আপন আসন হইতে উঠিয়া রক্ষান্তরালে গমন করিতে লাগিল, দেখিতে দেখিতে অন্ধকারে মিশাইয়া গেল; আর দেখা গেল না। অনেকক্ষণ আর কিছু সাড়াশক হইল না।—পূর্ণশালী এই সময় এত অন্যমনক্ষ হইয়াছিলেন যে, নিকটে অন্ধরী দাঁড়াইয়া ছিল, জ্ঞান ছিল না, উচ্চৈঃস্বরে চীৎকার করিয়া উঠিলেন। তাঁহার রসনা হইতে শেষের গীতের একটা চরণ প্রতিধনিত হইল। তথনি আবার যেন কি ভয় পাইয়া ক্রন্দন করিতে করিতে কাতর কঠে কহিলেন, নিকটে কি কেহ আসিতেছ লৈনকটে কি ক্রেছ আছ থৈই হও, আমারে ধর!—না—না,—আমারে ধরিও না,—আমারে ছুঁইও না;—আমি কুমারী,—আমি অবলা,—আমি সম্যাসিনী,—আমি কাঞ্চালিনী!

সহচারিণী পরিচারিকা চমকিত হইয়া পূর্ণশশীর হস্ত ধারণ করিল।—চঞ্চলস্বরে কহিল, দেবি ! এ কি ? আপনি এমন হইলেন কেন?—অকস্মাৎ কি কিছু ভয় পাইলেন ৈ ভয় কি ? এই দেখুন, আমি নিকটে রহিয়াছি। আমি আপনার কিন্ধরী।

চৈতন্যের সহিত পূণশশীর ভাবাস্তর হইল। তিনি অনুচরীকে আলিঙ্গন করিয়া কহিলেন, স্থি! তুমি জানিতেছ না, ইছা দেবনায়া! কোন্দেবতা আমাদের অসহায়িনী অবলা ছুটীকে রজনীতে
কাননে দেখিয়া ছলনা করিলেন। দেখিতেছ না, আমার সর্বাশরীর
রোমাঞ্চিত হইয়াছে, আমি কাঁপিতেছি, পিপাদা হইয়াছে।

যথার্থই পূর্ণশশী তথন কাঁপিতেছিলেন। অমুচ্রী বাস্ত সমস্ত

হইয়া কছিল, তবে আর এখানে বিলয় করা নছে, চলুন, শীঘ্রই হছে যাই। পূর্ণশশী শিরশ্চালনে সন্মতি সঙ্গেত করিলেন, মূথে উত্তর করিলেন না। অনুচরী পূর্ববিৎ গুপ্ত দার দিয়া উদ্যান পার হইয়া তাঁচারে ধরিয়া গৃছে লইয়া গেল।—গৃছে প্রবেশ করিয়া কিঞ্চিৎ পরে, পূর্ণশশী কিঞ্চিৎ স্থান্ত ইতেলন। অনুচরী কহিল, দেবি! আপনি যাহা অনুমান করিয়াছেন, তাহা সত্য হইতে পারে। উহার নাম লক্ষ্মণাটবী। রাম লক্ষ্মণ ও সীতার প্রতিমা ঐ বনে আছে। রাত্রি হইলে তাঁহারা লীলা করেন। পূর্ণশশী নিশ্বাস ত্যাগ করিয়া কহিলেন, ছাঁঃ!

অফ্টম পরিচ্ছেদ।

কাশ্মীর যাতা।

স্থবর্ণ পিঞ্জরে বাস কত সমাদর।
ক্ষণে ক্ষণে ক্ষণা পেলে, মিলে ক্ষীরসর
তবু পাখী এত স্থখ, ভুঞ্জিতে না চায়।
কানন জনম ভূমি ক্রোড়ে মন ধায়।

যে রজনীতে লক্ষ্মণাট্বীতে গীত প্রবণে পূর্ণশশীর মনোবিকার জিমাল, সে রজনীতে সে গৃছে আর কাহারও নিদ্রা হইল না। সক-লেই ঐ কথা লইয়া আন্দোলন করিতে লাগিল। পূর্ণশশী কত কি ভাবিতে লাগিলেন। নিত্যকামী নিকটে বসিয়া সমস্ত নিশা জাগি- লেন। আর এখানে থাকিব না, তোমারে লইয়া কলাই নীলগিরিতে চলিয়া যাইব, এই কথা বলিয়া বুঝাইলেন।

পর দিন বেলা এক প্রহরের পর একজন দৃত আসিয়া গৃহরক্ষীকে জানাইল, এই বাটীতে যাহারা অবস্থান করিতেছে, তাহাদিগকে কাশ্মীর রাজধানীতে যাইবার হুকুম হইয়াছে। আর একখানি চিটি আছে, অন্তঃপ্রে দিবার আদেশ। দ্বাররক্ষক একজন কিন্ধরীকে ডাকিয়া রাজার আদেশ জানাইল এবং সেই পত্রখানি তাহার হস্তে দিল। দৃত বিদায় হইয়া চলিয়া গেল।

পতের শিরোনামায় পূর্ণশশীর নাম। কিন্তরী তাহা দর্শন করিয়া পূর্ণশশীর হস্তে লইয়া গিয়া দিল। পূর্ণশশী শুনিলেন, এখান হইতে কাশ্মীরে যাত্রা করিবার সংবাদ আসিয়াছে। পত্রেও তাহাই আছে ক্রাবিয়া অসন্তট্চিত্তে একপাখে রাখিয়া দিলেন, — খুলিলেন না। একবার ভাবিলেন, কে লিখিয়াছে ?—রাজা ?—তিনি আমারে পত্র লিখিবেন কেন? -- রাজপুত্র? -- তিনিও ত আমারে চিনেন না ; ছঠাৎ পত্র লিখিবার কারণ কি ? রাজারা এমন অনুচিত কাজ কবেন না। তবে কে লিখিল ? পত্ৰিকা ?—তাহাই সম্ভব। পত্ৰিকা কাশ্মীরে গিয়াছেন, শীঘ্র আদিবার কথা ছিল, আদিতে পারেন নাই, সেইজন্যই বোধ হয় কিছু লিখিয়া থাকিবেন। এইরূপ নানাপ্রকার চিন্তা করিতেছেন,—প্রফুল মুখখানি মলিন হইয়াছে, এক দুষ্টে পত্রের খামের উপর চাহিয়া আছেন, চক্ষুত্রটী ছলছল করিতেছে। পত্রখানি পার্মে রাথিয়।ছিলেন, হস্তে তুলিয়া লইলেন। পত্রবাহিকা নিকটেই দাঁড়াইয়াছিল, পূর্ণশশীকে বিষয় ও বিমনা দর্শন করিয়া কছিল, দেবি । কি চিন্তা করিতেছেন ? পত্র পাঠ করুন। বোধ করি, পত্রিকা দেবীর লেখা। পূর্ণশশী তাহার মুখপানে চাহিয়া গদ্ গদ্ স্থারে কছিলেন, তুমি কিরপে জানিলে?—সামিও ঐরপ ভাবিতে-ছিলাম। দেখি, প্রিয়সখী পত্রিকা এই প্রিয়পত্রিকায় কি সংবাদ লিখিয়াছেন। অনুচ্রীকে এই কথা বলিয়া সকৌতূহলে পত্রিকাখানি খুলিলেন। দেখিলেন, যাহা ভাবিতেছিলেন, ভাহাই বটে। পত্রিকারই পত্রিকা। ভাহাতে এইরূপ লেখা ছিলঃ—

"ক্ষেহ্ময়ী প্রেম্ময়ী পূর্ণশাশ ! আমি তোমারে ছাড়িয়া এখানে আদিয়া বড় অস্ত্রথে রহিয়াছি। আর কোনো অস্ত্রথ নাই, তোমার অদর্শনই প্রধান স্থাের অব্যান। শীঘ্র যাহাতে দর্শন পাই, তাহার উপায় করিয়াছি। ভাই শশি ! তোমারে একটা শুভ সংবাদ দিই।—প্রয়াগে রাজকুমারের পত্র পাঠ করিয়া তুমি অস্থী হইয়াছিলে, আমিও চিন্তিত হইয়াছিলাম, এখন সে অস্তথ ও সে চিন্তার কারণ সুক হইয়াছে। তুর্দ্দিন গিয়াছে। মহারাজের সহিত আমাদের মহারাজের পুনরায় মিলন হইয়াছে। মহারাষ্ট্রপতি শিবজী এখন আমাদের মহারাজের পূর্ব্ব বন্ধুত্ব পুনর্ব্বার অঙ্গীকার করিয়াছেন। ধূর্ত্ত মোগল ঔরঙ্গজেব একাকী হইয়াছেন। এটা আমাদের পক্ষে শুভ সংবাদ সন্দেহ নাই। রাজকুমার বিপাকে পড়িয়া ইচ্ছা করিয়াছিলেন যে, পিতা ও স্বজন-বর্গের সহিত লক্ষ্ণে রাজধানীতে যাত্রা করিবেন, তাহা আর হইল না। তাঁহারা পূর্বের ন্যায় আপন রাজপ্রাসাদেই হুখে ও নিরুদ্ধেগে অবস্থান করিয়া পূর্ব্ব অধিকার ধারণ করিবেন। এক্ষণে তোমাকে লক্ষ্মণাবতী ত্যাগ করিয়া এই রাজ্যে শুভাগমন করিতে হইতেছে। রক্ষীবর্গ, অমুচরীবর্গ,

ও কিন্ধরীবর্গকে সঙ্গে লইয়া সত্তর,—্যত সত্তর পার, তথা হইতে যাত্রা করিবে। ঋষিবর নিত্যকামীও যেন তোমার সহিত আইদেন। আমি তাঁহারে বিবাহ করিব অঙ্গীকার করিয়াছি। ত্রাহ্মণ যেন মনঃক্ষুগ্ন ইইয়া ফিরিয়া না যান। আমি এখন এখান হইতে বাইতে পারিলাম না, —রাজকুমার আমারে কার্য্যান্তরে নিযুক্ত করিলেন। তোমারে আনিবার জন্য উপযুক্ত যান, বাহক ও রক্ষক রওনা হইল। সাবধানে আসিও। নিকটস্থ হইলেই আমরা সকলে আগু বাড়াইয়া লইব। তুমি এখানে আদিয়া পোঁছি-লেই পরস্পার দাক্ষাৎ করিয়া স্থাী হইব। এই খানেই তোগার শুভ বিবাহ হইবে। দেজন্য চিন্তা করিওনা,— রাজপুত্র বলিয়াছেন,শীস্রইবিবাহ হইবে। আমি তোমারে আনিতে যাইতে পারিলাম না বলিয়া কিছু মনে করিওনা। রাজকুমারের অনুরোধে আবদ্ধ থাকিতে হইল। আমার মন তোমার নিকটে আবদ্ধ; শরীরগতিক ভাল আছি।

> তোমারি অধীনী শ্রীমতী পত্রিকা "।

পত্রিকা পাঠ করিয়া পূর্ণশশী উন্মনা হইলেন। নিকটবর্তিনী কিন্ধরীকে জিজ্ঞাসা করিলেন, যে লোক এই পত্র আনিয়াছিল, সে কি বিদায় হইয়াছে ? কিন্ধরী কহিল, হাঁ, চলিয়া গিয়াছে।

পূর্ণশাশী বিষাদু নিমগ্ন হইলেন। কিন্ধরী জিজ্ঞাসা করিল, সে বিদায় না হইলে কি হইত ?

পূৰ্ব। -- জনাৰ লিখিভাম।

কিঙ্ক।—শীঘ্ৰ এখান হইতে যাইতে হইতেছে, আৰু জবাৰ কেন ?

পূৰ্। তবু লিখিতাম।

কিন্ধ। — কি লিখিতেন ?

পূর্ণ ।— এই লিখিতাম যে, কাশ্মীরে যাইব না।

কিন্ধ ৷--সে কি ?

পূর্ণ।—আরো লিখিতাম, কেছ কারু নয়।

কিন্ত । — কি জনা ?

श्रुन । ज्यार मिथा।

কিন্ধ।—যদি কাশ্মীরে যাইবেন না, তবে কোথায় থাকিবেন ?

পূর্ণ।—যেখানে ছিলাম।

किक ।- धंहेथारन ?

अर्ग।-ना।

কিন্ধ।—ভবে কোথায় ?

शृर्व। - वनवारम।

শেষ কথা শুনিয়া কিন্ধরীর হৃৎকম্প হইল। একবার মনে করিল, গত রজনীতে কাননের বাতাস লাগিয়াছে, পীড়া হইয়াছে; আবার ভাবিল, হয় ত উনি পরিহাস করিতেছেন। অনেক ভোলাপাড়া করিল, কিছুই স্থির করিতে পারিল না,—জিজ্ঞাসা করিতেও মন সরিল না। পূর্ণশশী ক্রন্দন করিতে লাগিলেন।

অস্ত্রী বসনাঞ্জে নেত্র মার্জন করিয়া সাস্ত্রনা করিতে লাগিল।
পূর্গাশনী আকাশ দৃষ্টিতে চাহিয়া সাঞ্জনয়নে করুণস্বরে কহিলেন,
নিষ্ঠুর! আর কি তুমি বাঁশী বাজাইবার সময়্ভুগাও নাই ?—তুমি
দেবতা হও, যক্ষ হও, রাক্ষস হও, কিলর হও, নাগ হও, পিশাচ

হও, কিয়া কোনো মারাধারী মানব ছও,—যেই হও, আর কি তুমি মোহন বাঁশী বাজাইবার সময় পাইলে না?—আর কি বাঁশা শুনাইবার ক্ষেত্র পাইলে না?—আর কি কাঁহারও কর্ণ নাই?—এই অভাগিনীর তপ্ত হৃদয় ভিন্ন আর কি ভোমার বাঁশী বিদ্ধ করিবার স্থান জগতে নাই? হৃদয়! দ্বিধা হও! আমি——

বলিতে বলিতে সহসা সেথান হইতে উঠিয়া চলিলেন। কোথায় যান, এ অবস্থায় কোথায় যাইবেন?—এই কথা বলিয়া অনুচরী অনুবর্ত্তিনী হইল। পূর্ণশশী নিত্যকামীর নিকটে চলিলেন। সেখানে ভাঁছার সহিত কাঁদিতে কাঁদিতে অনেক কথা কহিলেন, নিত্যকামীর চক্ষেও জল আসিল,—ছুই জনেই কাঁদিতে লাগিলেন।

দিবাসান এই প্রকারেই অতিবাহিত হইল। সূর্যাদেব পূর্ণশশীর ছঃখে ছুঃখিত হইয়া পূর্ণশশীর প্রতি গগন রাজ্যের ভার সমর্পন পূর্বক বিষণ্ণ রক্তিম বদনে অন্তগমন করিলেন। পূর্ণশশী আকাশে উচিলেন, চতুর্দ্ধিক জ্যোৎস্নাময় হইল, পূর্ণশশী আকাশে নেত্রপাত করিয়া দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিলেন। রজনীর ঘটনাগুলি সম্ধিক ক্টকর।

পরদিন প্রাতঃকালে কাশ্মীর হইতে লোকজন আদিল,—আবাস উঠাইয়া যাত্রা করিবার অবসর উপস্থিত। পূর্ণশশী উচ্চৈঃস্বরে রোদন আরম্ভ করিলেন। নিত্যকামী অনেক বুঝাইলেন, কিঞ্ছিৎ উপকারও হইল। অবশেষে নিত্যকামীর অনিচ্ছাতে, পূর্ণশশীর সম্পূর্ণ অমতে লক্ষ্মণাবতী হইতে সাজ্পাট উঠিয়া চলিল;—সকলে একতে যাত্রা করিলেন।

নবম পরিচ্ছেদ।

উদাসিনী।

" কে ভূমি কার কুলবালা!
আলো করি বিল্পতলা!
কি বিষাদে মনের ক্লেদে
মুখে বল ববম্ ভোলা!
এ নবীন বয়সে ধনি!
(ভূমি) কেন হলে সম্যাদিনী!
জটা ভস্ম বিভূষিণী!
গলেতে কৃদ্যাক্ষ মালা!"

পূর্ণ-শনী কাশ্মীরে উপনীত হইলে যুবরাজ ুস্বিশেষ সমারোহে সম্বদ্ধনা করিয়া আলয়ে লইয়া গেলেন। স্থী উপলক্ষ করিয়া পূর্ণ-শনী রাজকুমারকে শুনাইলেন, ব্রত আছে, রাজপ্রাসাদে থাকা হইবে না। স্মচতুর রাজপুত্র তৎক্ষণাৎ মনোভাব বুঝিতে গারি-লেন। রাজবাটীর সংলগ্ন মনোহর উদ্যানে স্মজ্জিত বাটীতে পূর্ণ-শনীর বাসস্থান নির্দিষ্ট করিয়া দিলেন। কতক পরিচিত, কতক অপরিচিত স্তুন অন্তুচরী নিযুক্ত হইল। পূর্ণ-শনী স্থন্দর শিবিকা আরোহণে তথায় প্রবেশ করিলেন। নিত্যকামীর নিমিত্ত স্থত্ত আবাস নির্দিষ্ট হইল।

আয়োজনে দিনমান গেল, রাতি ছইল। রাতিকালে উদ্যানবাটীতে নৃত্যগীত আমাদ প্রমোদ ছইতেছে, চারি দিকে আলো
ছলিতেছে, বিহুগকুলের স্থমপুর সঞ্চীতে নয়নমন মুদ্ধ ছইতেছে,
পূর্ণশনীর কিছুই ভাল লাগিতেছে না;—গার্থিব বৈরুপ্রসামের এত
স্থা—এত ঐম্বর্যা পূর্ণশনীর কিছুই ভাল লাগিতেছে না! তিনি
একবার এক জনকে জিজাসা করিলেন, 'পত্রিকা দেবী কোগায়?—'
'এখনি আসিবেন, শীঘ্রই সাক্ষাং ছইবে।''—সংক্ষেপে এই
উত্তর পাইলেন। সংক্ষিপ্ত উত্তরে ভৃপ্তি বোধ ছইল না, প্ররায়
জিজাসা করিলেন, '' তিনি কি এখানে নাই?''—এ প্রশ্নে কিছুই
উত্তর ছইল না,—সকলেই গীত বাদ্যের আনন্দে উন্মত্ত। পূর্ণ-শনী
উন্মনা ছইয়া আপনা আপনি কহিলেন, কতক্ষণ?—শেষ বর্ণটী দীর্ঘ
নিশ্বাসের টানে অনেকক্ষণে উচ্চারিত ছইল।

রাতি ছুইপ্রহর পর্যান্ত নৃতাগীত হইল। যতক্ষণ আমোদ, ততক্ষণ পূর্ণশশী বিষয়—অনামনক্ষ। মধ্যে মধ্যে নয়নে, কপোলে, বক্ষে
অশ্রুণারা।—গীতবাদোর অবসানে সকলে স্ব স্থানে বিশ্রোম
করিতে গেল, পূর্ণশশী আর কয়েকটী স্ত্রীলোক একটী কক্ষে রহিলেন।
বড় অস্থ্য, এই ছল করিয়া সে রক্ষনীতে পূর্ণশশী কিছুমাত্র আহার
করিলেন না। গভীর ত্রিষামকালে সহচরীগণ নিদ্রিত হইলে, পূর্ণশশী গীরে গীরে শ্যা হইতে উঠিলেন, ভাঁহার নিজা নাই। গীরে
গীরে উঠিয়া আর একটী পার্সকক্ষে প্রবেশ করিলেন। সে গৃহ নির্জ্জন;
—নির্জ্জন, কিন্তু স্থানর স্কলর সজ্জায় স্থানাতিত। নানাবিদ আ্যাবাবে পরিপূর্ণ। স্থাক্ষে আমোদিত। পূর্ণশশী সেই গৃহের মধ্যস্থালে
গিয়া বসিলেন। নয়ন ঘূরাইয়া চতুর্দ্ধিক একবার দেখিলেন।—দেখিলেন, বিবিদ বেশ ধারণের উপযুক্ত উপকরণ ঝালতেছে। ভাবিলেন,

এই স্বোগে ছল্বেশ ধরিয়া পলায়ন করি। আবার ভাবিলেন, না, -- তাছা ছয় না; স্ত্রীলোক, বিদেশ, কোথায় বা যাইব, পথ চিনি না, লোক চিনি না, দেশ চিনি না, রাজাদের আইন কাল্লননও জানি না কোণায় যাইব, কে ধরিবে, কাহার সাঁতে পাড়িব, কিসে কি হইবে,— ভাল হয় না। দুর হউক, কাজ নাই, এই খানেই থাকি। যা থাকে অদুষ্টে, তাহাই ঘটিবে ;—তাহাই ঘটুক। এইরূপ সাত পাঁচ ভাবিয়া অচলভাবে সেইখানেই ব্যিয়া র্ছিলেন। অনেকক্ষণ ব্যিয়া ব্যিয়া ভাবিলেন। শেষে এই স্থিব কবিলেন যে, যাহাতে এ বেশ আর কেছ দেখিতে না পায়, তাহাই করি। এই ভাবিয়া গাতের অলঙ্কারগুলি একে একে উন্মোচন করিলেন, নিবিড় কাদয়িনী কেশগুচ্ছ আলুলায়িত করিলেন, সঙ্গে তীর্থসৃত্তিকার একটী ছোট ঝুলি ছিল, তাহা হইতে মৃত্তিকা বাহির করিয়া সর্কাঙ্গে লেপন করিলেন, আলুলায়িত কুন্ত-লেও মাটী মাখিলেন, অবিকল একটী সন্নাসিনী সাজিয়া সে গৃহ হইতে বাহির হইলেন। ুবাহির হইয়া সোপানমঞ্চে নামিয়া যাই-তেছেন, এমন সময় একটা স্ত্রীলোক সমুখে পথরোধ করিল।— জিজ্ঞানা করিল, '' এত রাত্রে কে উদ্যান্থছ ছইতে বাহিরে যায় ?'' —পূর্ণশশী নিশ্চল নিস্তর I—ভয়ে নিস্তর ?—হইতেও পারে; তাহাই সম্ভব; কিন্তু ভয়ই বা কিসের ?—কাহারো কিছু চুরি করিয়া যাইতেছেন না, অঞ্চে অলম্বারও নাই, ভয়ই বা কি? —পূর্ণশানী আপন মনোভাবেই আপনি নিশ্চল নিস্তর।

পথরোধকারিণী অগ্রসারিণীকে নিরুত্র দেখিয়া আরো কিছু উষ্ণস্থরে জিজ্ঞাসা করিল "কে?— কথা কও,—কথা না কছিলে শিরশ্ছেদনের আদেশ!" পূর্ণশশী কম্পিত হইয়া কথা কছিলেন। —কছিলেন,—" যদি তম দেখাও, গরিচয় পাইবে না; যদি পরি- চয় দিই, বুঝিতে পারিবে না, এইজন্য নিরুত্তর ছিলাম। আমি উদাদিনী।"

উত্যের কথা উত্যে শুন্লেন। যিনি প্রথমে জিজ্ঞাসা করিয়া-ছিলেন, তাঁহার স্বর উত্তরকারিণী বুঝিতে পারেন নাই, কিন্তু উত্তর-দায়িনীর স্বর তিনি বুঝিতে পারিলেন। পাঠক মহাশয়ও বুঝিতে পারিয়া থাকিবেন, প্রশ্নকারিণী রমণী স্বাপনার পূর্ব্ব পরিচিতা প্রকা।

পত্রিকা কহিলেন, রাজার আদেশ নাই, আমি তোমারে ছাড়িতে পারি না, কক্ষমধ্যে ফিরিয়া চল। উদাসিনী মৃতুস্বরে কহিলেন, আমি উদাসিনী, রাজার আদেশে আমার কি সম্পর্ক? উদাসিনীর গৃহে প্রয়োজন কি? পত্রিকা কহিলেন, কি সম্পর্ক, কি প্রয়োজন, তাহা আমি জানি না, রাজার আজা পালন করিব, তোমারে গৃহমধ্যে লইয়া যাইব।

এই কথা বলিয়া পূর্ণশশীর হস্ত ধারণ পূর্বক উদ্যানগৃহে লইয়া গেলেন। দীপালোকে পূর্ণশশী দেখিলেন, প্রকা।—দেখিয়াই লজা হইল,—লজার সঙ্গে আনন্দের চিহ্নও দেখা দিল; অপ্রস্তুত হইয়া বদন নত করিলেন। প্রিকাব্যক্ষছলে কহিলেন, রাজপ্রহরীকে দেখিয়া লজা করিলে হইবে না;—বল, কোথায় যাইতেছিলে।—পূর্ণশশী মৃত্রবচনে কহিলেন, তুমি বল, এতদিন আমারে ভুলিয়া কোথায় ছিলে। প্রিকা কহিলেন, তুমি বল, তোমার এ বেশ কেন। পূর্ণশশী কহিলেন, তুমি বল, আমার সহিত সাক্ষাৎ কর নাই কেন। এইরূপ প্রস্পর বাক্চাতুরীতে যামিনী বাজিতে লাগিল,—বাঙ্যা বাজিয়া শেষ হইতে লাগিল,—উভয়েই প্রশ্ন করেন, কেহই উত্তর করেন না।

রজনী চারি দ্ও মাত্র অবশিষ্ট। পত্রিকা এই অবসরে পূর্ণশশীকে কছিলেন, দেখ শশি! ব্যঙ্গ ছাড়, পরিহাসের এ সময় নয়;—পরি-হাস ত্যাগ কর; বল, তোমার এ বেশ কেন? রজনীপ্রভাতে তোমার বিবাহ, তুমি কি ছুঃখে সন্মাসিনী সাজিয়াছ?

''ছুংখ ?''—পূর্ণশশী দীর্ঘানশ্বাস পরিত্যাগ করিয়া কহিলেন, ছুংখ ?—এ কথা তুমি জিজ্ঞাসা করিলে, কি বলিব, অপর কাহারো মুখে এ প্রশ্ন গুনিলে এই শাণিত ভুজালী বক্ষে বিদারণ করিয়া এখনি এ জীবনের,—এ পাপজীবনের অবসান করিতাম! এই কথা বলিয়া প্রকার মুখপানে চাহিয়া পূর্ণশশী একখানি তীক্ষ্ণ ভুজালী দেখাই-লেন,—রোদন করিতে লাগিলেন। প্রিকা বিস্ময়াপন্ন হইলেন, তাহার শরীর কল্টকিত হইল। কহিলেন, অভিমানিনি! মনে মনে তোমার এতদূর ভয়ন্ধর সংকপ্প ?

সাক্রনয়নে পূর্ণশশী কহিলেন, হইত না; কিন্তু তুমি স্ত্রীলোক। পাত্র।—আমি স্ত্রীলোক, তাহাতে তোমার কি?

পূর্ণ।—মনে বুঝিয়া দেখ। প্রয়াগধান মনে কর, লক্ষ্ণা মনে কর, ক্ষ্রাণ হইবে।

পত্রি।—মনে করিলাম, মনে পড়িল না। আমি স্ত্রীলোক, এই জন্য তমি আল্লিডে: করিবে ?

পূর্ব ৷ সুতরাং ৷

পত্রি।—স্বতরাং ? তাৎপর্য্য বুঝিলাম না।

পূর্ণ। — স্বপ্নরভান্ত মনে কর।

পত্রিকা হাস্য করিয়ী কহিলেন,—এইজনাই লোকে সেয়ে মাত্র-যকে অবলা বলে। স্বপ্ন ইন্দ্রজাল,—স্বপ্নও কি সত্য হয়? স্বপ্নের মায়া মনে করিয়া,—স্বপ্নের মায়ায় বিশ্বাস করিয়া যাহারা স্বইচ্ছায় অমূল্যধন জীবন বিসৰ্জ্জন দেয়, তাহারা ইহলোকে অবোধ, প্রলোকে পাত্কী।

পূর্ণ।—তবে তথন তেমন কথা বলিয়াছিলে কেন ?

পত্র। - প্রবোধের নিমিত; - আশু প্রবোধের নিমিত।

पूर्व : नशक्तर्यक्रमाती कामहाती, व कथां कि व्यव्याध ?

পত্রি —েযেমন ক্ষেত্র, সেখানে তাছার উপযুক্ত সকল কথাই প্রবেধ।

পূর্ণ। তবে এখন কি বলিয়া প্রবোধ দিবে ?

পত্রি। সরাজকুমারকে বিবাহ কর, কাশ্মীরের রাজরাণী হও, সময়ে পুত্র প্রদাব করিয়া রাজার মা ছও, লোকে পাটরাণী বলুক, আমি বাস্থ তুলিয়া শুভকীর্ত্তন করি, চতুর্দিকে জয়ধ্বনি হউক, এখন এই কথায় প্রবোধ দিব।

্র-স্থৈপ। — মন এ প্রবোধ মানে না, আমি বিবাহ করিব না।

পত্তি।—এক কথাই চিরকাল?

अर्वा - हा।

পত্রি।—ভবে এভদূর পর্যান্ত আসিলে কেন ?

পূর্ণ। -- বিধাতার বিভ্যনা।

পত্রি।—েলোকে তপস্যা করিয়া রাজরাণী হইবার বর লয়; কাশ্মীরের রাজকুমার শশীব্রশেথর ইচ্ছা করিয়া ভোমারে রাজরাণী করিতে চাহিতেছেন, তুমি পুনঃপুন অস্বীকার করিতেছ; এটিও কিন্তু ভাই ভোমার পক্ষে বিধাতার বিভয়না।

पूर्व।-- इग्न इडेक।

পত্ৰি ৷—ভাহাৰ পৰ ?

পূর্ণ।—তাহার পর একদিকে জীবন, একদিকে আমি। ছুরি দেখিয়াছ, মন জানিয়াছ, তবে আর প্রশ্ন কেন?

পত্র।--রাজপুত্র তোমার প্রণয় পরীক্ষা করিবেন।

পূর্ব।—প্রবায় ?—প্রীক্ষা ?—আমার প্রবায় নাই।— আমার প্রবান নাই,—আমার প্রবায় নীলাগরির ছরিবশাবকেরা,—তর-শাখার স্থানর বিহুলেরা অধিকার করিয়াছে। আমার হৃদয়ে প্রবায় নাই: আনি একাকিনী আছি। আমি উদাসিনী।

ছাড়া ছাড়া কথায় কেছ কাছারও মনোভাব অবগত হইতে পারিলেন না। পত্রিকার প্রতি পূর্ণশশীর অন্ধর্মা জনিয়াছে। পত্রিকা বলিয়াছিলেন, আমি কামচারী গন্ধর্মকুমারী। ইচ্ছা করিলে প্রেষ হই, ইচ্ছা করিলে নারী হই। সেই আশ্বাসে আর ঘনিষ্ঠতার মহিমায় পত্রিকার প্রতি পূর্ণশশীর অন্ধরাগ জনিয়াছে। পত্রিকা যদি প্রেষ হইয়া পূর্ণশশীকে বিবাহ করেন, তবেই বিবাহ হইবে, নতুবা তিনি আজীবন কুমারী থাকিবেন, এই প্রতিজ্ঞা। কথায় কথায় রজনী প্রভাত হইল। উদ্যানের বিহঙ্গ বিহিন্ধানীরা শুভপ্রভাতী গীত আরম্ভ করিল। শশব্যস্তে পত্রিকা উঠিয়া চলিলেন। পূর্ণশশী ব্যস্ত হইয়া কহিলেন, যাও, বাধা নাই, মনে রাথিও, আমি উদাসিনী।

দশম পরিচ্ছেদ।

নূতন সংঘটন।

কোথায় কনকলস্কা, কোথা লক্ষেশ্বর, কোথায় জানকীসতী, কোথা রঘুবর। বনবাসী তপোধন, আজি আচন্দিতে, মিলিলেন শুভক্ষণে, মিলন দেখিতে।

প্রাতঃকালে তেজঃপঞ্জ কলেবর এক ঋষি র'জবাটীতে উপনীত कहेरलन। अलामा धरल छे छतीय, धरल या पारिकारियों कर्म धरल लागावली, तत्क धवल लाग्रताकी, जागुगल धवल, तक्म धवल, मस्तरक करी, दोन भवन, नगल हे भवनवर्ग। दनह शक कात्वात नागत त्नाल াপীতবর্। দেখিলেই তেজোময় মূর্ত্তিমান ভৈরব মনে হয়। তিনি রাজসভায় আসিয়া রাজাকে আশীর্কাদ করিলেন। রাজা চিনিতে পারিলেন না, হস্ত তলিয়া নমস্কার করিলেন। ব্রহ্মচারী মুগচর্মে উপবেশন করিয়া হর হর নাম উচ্চারণ প্রস্তৃক কহিলেন, মহারাজের জয় হউক ৷ মহাবাজ ভাঁছাকে সহসা চিনিতে পারিলেন না, পরিচয় জিজাসা করিলেন, ব্রহ্মচারী কাঁদিতে লাগিলেন । মহারাজ অভিপ্রায় ব্রিতে না পারিয়া বিষ্ময়াকুলচিত্তে পুনঃ পুনঃ পরিচয় জিজাসা করিলেন, ব্রহ্মচারী মূত্র কথা কহিয়া সে কথা চাপা দিতে লাগি-লেন ৷ রাজা জিজ্ঞাসা করিলেন, কি নিমিত্ত আগমন ? মলাসী উত্তর করিলেন, বছদিন সাক্ষাৎ হয় নাই, দর্শন করিতে আগমন। রাজা বিস্মিত হইলেন। বছদিন সাক্ষাৎ হয় নাই, তবে কি পুর্বের কথনো দেখা শুনা হইয়াছিল ?—জিজাসা করিলেন, ঋষিবর ৷ ক্রমা করিবেন, এ দাস কি আপনাকে আর কখনো কোথাও দেখিয়াছে? সলাসী কর্ণে অঙ্গুলী দিয়া কহিলেন, না—না—মহারাজ, দাস বলিবেন না; সহারাজের সহিত অন্য সম্বন্ধ আছে।

"সম্বন্ধ ?—সে কি কথা ?—সম্যাসীর সহিত সম্বন্ধ ? কি
সম্বন্ধ ?—স্মারণ করিয়া দেখিতেছি, কোনো সম্যাসীর সহিত এপার্যান্ত
আমার ত কোনো সম্পর্ক হয় নাই !—তবে এ কি ?" এইরপা না
না চিন্তা করিয়া প্নরায় জিজ্ঞাসা করিলেন, মহাশয় ! বুরিতে পারিতেছি না, দোষ লইবেন না, আপেনি কি তবে ছল্মবেশে আমারে
ছলনা করিতে আসিয়াছেন ?

সন্মাসী কুত্রিম কোপ প্রকাশ করিয়া কছিলেন, কি?—ছলনা? জন্মাবধি যাঁহাদিগের ছলনা অভ্যাস, তাঁহাদিগের নিকট সংসার-ত্যাগী বনবাসী যোগীর ছলনা?—মহারাজ! আপনার ব্রাজ্যের মঙ্গল হউক, আপনি অসন আজ্ঞা করিবেন না। আপনি একটী বনবাসনী উদাসিনী কন্যাকে ছলনা করিয়া আপন রাজধানীতে আন্যান করিয়াছেন, আমি তাঁহারি তত্ত্বে এখানে আসিয়াছি,—মহারাজ! সেই কন্যাটী আমারে প্রদান করন।

রাজা হতভয়া হইলেন। কি শুনিলেন, কি বলিবেন, কিছুই ভাবিয়া পাইলেন না। প্রের বিবাহের জন্য একটা পাত্রী আদিয়াছে জানেন, দেখেন নাই, কিন্তু সেটা যে বনবাসিনী তপস্বীকন্যা, ভাছা জানিতেন না। ভয়ে তটস্থ হইলেন। যোগীবরের পাদদ্র ধারণ করিয়া গদ্গদস্বরে কহিলেন, মুনিবর! ছলনা করিয়া আমি কাছারো কন্যাকে এ রাজ্যে আন্যান করি নাই। আমি—

কথায় বাধা দিয়া সন্ন্যাসী ঈরৎ রোষপারবশ ছইয়া কহি:লন, তুমি আনয়ন কর নাই, তোমার পুত্র আনয়ন করিয়াছেন। রাজা সশক্ষ বাক্যে কম্পিত কঠে কহিলেন, সাধুবর ! আপনি যোগবলে সকলি জানিতে পারেন, আমার প্ত্র শশীক্রশেশর বালক, সে তীর্থযাত্রায় বহির্গত হইয়া এক ব্রাহ্মণের নিকট প্রতিশ্রুত হইয়াছিল যে, তাঁহার কন্যাকে পত্নীত্বে গ্রহণ করিবে। ব্রাহ্মণ তজ্জন্য তাহাকে বিষম পীড়াপীড়ি করিয়াছিলেন শুনিয়াছি। আমার বংশে কথনো এরূপ অধর্ম্মা কর্ম হয় নাই, সেই জন্য আমি সন্দিন্ধ-চিত্তে সম্মতি দিতে পারিতেছি না,—সেই কন্যাকে ব্রাহ্মণ স্বয়ং পাঠাইয়া দিয়াছেন, আমি আনিতে বলি নাই। পথে নানা স্থানে শিবির স্থাপন করিয়া তাঁহারে রাখা হইয়াছিল, এ পর্যান্ত কোনো নিশ্চিত তত্ত্ব পাওয়া যায় নাই, সম্পুতি কল্য সেই কন্যাটীকে কাশ্মীরে আনমন করা হইয়াছে। সেটা যে, আপনার কন্যা, তাহা জানিতাম না, ইম্পুর মধ্যে ছলনা প্রবেঞ্চনা কিছুই নাই, যদি ইচ্ছা হয়, এথনি লইয়া যাইতে পারেন।

ব্রহ্মচারী পূর্ববং ক্রক্ষারে কহিলেন, মহারাজ! আপনি রাজ-বংশে জন্মগ্রহণ করিয়াছেন, আপনার মুখে এমন কথা শোভা পায় না। আপনার পুত্র শশীক্রশেথর নীলগিরি পর্বতে আমার সাক্ষাতে অঙ্গীকার করিয়াছেন, সেই কন্যার পাণিগ্রহণ করিবেন। ক্ষত্রিয় রাজারা জাতি বন্ধনে ভাচ্ছীল্য করিয়া যবনের গৃছে কন্যা সম্পুদান করিয়াছেন, তবে আর ধর্ম ধর্ম করিয়া এত শক্ষা,—এত সঙ্কোচ কেন?—যেখানে প্রতিশ্রুতি, সেখানে দ্বিধায়ত ক্ষরিতে নাই।

রাজা এই বাকো কিছুমাত্র উত্তর দিতে পারিলেন না। কি বলিবৈন, ভাবিয়া চিস্তিয়া কিছু স্থির করিতেও পারিলেন না।—ভয়ে,
লজ্জায়, সন্দেহে ইতস্তত করিতেছেন, ইতাবসরে কুমার শশীক্রশেখর
তথায় উপস্থিত হইলেন। তিনি আগস্থক ব্রহ্মচারীর প্রতি অনেক-

ক্ষণ দৃষ্টিপাত করিয়া সহসা তাঁহার চরণতলে লুঠিত হইলেন। অনবরত অশ্রুধারা বিগলিত হইতে লাগিল। রাজা দেখিয়া বিস্ময়াপন্ন হইলেন। ব্যাপার কি, জিজ্ঞাসা করিতে সাহস হইল না। রাজপুত্রকে ধারণ করিয়া ব্রহ্মচারী সম্মেহ মধুর বচনে কহিতে লাগিলেন, বৎস! মুবরাজ! শান্ত হও, উঠ, তোমার মঙ্গল হউক, তুমি বিশ্ববিজয়ী হও, আমার কন্যা—

কথা সমাপ্ত হইতে না হইতে রাজকুমার কহিলেন, মহাশয় গ একবার আপনারে অন্তগ্রহ করিয়া উদ্যান বাটিকায় পদার্পণ করিতে হুইতেছে। তথায় কিছু অভীষ্ট বস্তু আছে, দর্শন করিবেন।

"চলো, তোমার যেমন অভিরুচি।—কিন্তু মহারাজকে চাই;

সহারাজ সেথানে না থাকিলে আমার অভীষ্ট বস্তু দর্শন রথা
হইবে।" এই কথা বলিয়া ব্রহ্মচারী আসন গুটাইয়া গাংকাথান
করিলেন। রাজা আর রাজপুত্র সশস্কহৃদয়ে সঙ্গে সঙ্গে চলিলেন।

তিনজনে একত্রে উদ্যানবাটিকায় প্রবেশ করিলেন। যে গৃষ্টে পূর্ণশাশী উদাসিনী বেশে বিষয় বদনে বসিয়া ছিলেন, সেই গৃছের দ্বার দেশে উপনীত হইবা মাত্র পূর্ণশাশী উর্দ্ধিটে তিন মূর্ত্তির প্রতি প্রশাস্ত সজল নেত্র নিক্ষেপ করিলেন। লজ্জা ভয় কিছুই হইল না, উচ্চৈঃস্বরে রোদন করিতে করিতে ব্রহ্মচারীর পদতলে পতিত ছইলেন। কহিলেন, পিতা! আমার পিতা! ছঃথিনীর পিতা! অভাগিনীর পিতা! উদাসিনীর পিতা! সম্যাসিনীর পিতা! এত দিন কোথায় ছিলে? অভাগিনী বলিয়া তোমার কি মনে ছিল? তুমি কেমন ছিলে? কোমার বিষয়া কোমার কি সনে ছিল? তুমি কেমন আছে? লিগতা! আমার বন্মালিকা মাধবীলতা কেমন আছে? তাহার কি ফুল হয়? লেসে ফুল তুমি কি কর? —আমার সেই তরুণ

অশোকতকর কি ফুল কোটে? সে ফুলে কি হয়?—আমার সেই ছোট গিরিনদীতে তেমনি পবিত্র নির্মাল জল আছে ত ?—ছোট হংস দম্পতী সে জলে থেলা করে ত? তাহারা ছুটীতে কেমন আছে? হাঁটা পিতা! তারা এখন কত বড় হইয়াছে? তারা কি খায়? পিতা! তোমার পূজার আয়োজন কে করিয়া দেয়?—পূজার সময়, আহারের সময় এ অভাগিনীকে কি তোমার মনে হয়? এ ছুংথিনীর ছুংখের কথা কি তোমার মনে পড়ে?

ব্রহ্মচারী ক্রন্দন করিতে লাগিলেন। ক্রন্দন করিতে করিতে কহিলেন, সকলেই ভাল আছে, তুমি কেমন আছ মা? পূর্ণশশি! আমার অনাথিনী পূর্ণশশি! তুমি কেমন আছ মা?

পূর্ণশশী ক্রন্দন করিয়া কহিলেন, পিতা! অনেক দিনের পর তোমার মুখে আজ শুনিলাম, "পূর্ণশশী কেমন আছে?"—পূর্ণ-শশী কেমন আছে, আজ জিজ্ঞাসা করিলে, উত্তর দিব, আর ৪ দণ্ড পরে জিজ্ঞাসা করিলে উত্তর দিবার লোক থাকিত না। পূর্ণশশী জগতে থাকিত না। পূর্ণশশীর হস্তে তীক্ষ্ণার ছুরী আছে, সেই ছুরী একটু পরেই বক্ষে উঠিত, বক্ষে উঠিয়া প্রাণান্ত করিতে বসিত। ভাগ্যে তুমি আজ আসিয়াছ। পূর্ণশশী বাঁচিয়া আছে।—এই কথা বলিয়া পূর্ণশশী আরো উচ্চরবে রোদন আরম্ভ করিলেন।

রোরদ্যমানা পূর্ণশশীকে সান্ত্রনা করিয়া রাজাকে সধ্যোধন পূর্জক ব্রহ্মচারী কহিলেন, মহারাজ! বিজয়পুরের বন্ধুত্ব স্মারণ হয় !

রাজা কপালে করাঘাত করিলেন।

শোক সম্বরণ করিয়া ব্রহ্মচারী কছিলেন, রাজা উদয়সিংছের একটী বালিকা কন্যা ছিল, মনে হয় ?

রাজা সাজ্ঞনয়নে নিশ্বাস ফেলিয়া কহিলেন, হা ছুরাশয় নিষ্ঠ্র

"মুখের কপা কোনো কাজের নহে। ক্ষত্রিয় বীর্য্য ভারতবর্ষে আর নাই। কুরুকেত্র যুদ্ধে সমস্ত ক্ষত্রিয় বীর জীবন আছতি দিয়া স্বর্গের দীপে আরুতি দিয়াছেন, এখন পুণ্যভূমি ভারতভূমি ধবন পদতলে দলিত হইবে, এ সময় আমাদের তুলা হতভাগাের বাঁচিয়া থাকা বিভ্যনা।"

একাদশ পরিচ্ছেদ।

মিলন।

" তাই তব রূপ ভাল বাসি।
তুমি কথনো হও ধুমুকধারী,
কভু বাজাও মোহন বাঁশী।।
জাবার কথনো হও ত্রিশূলপাণি,
কভু ধর করে অসি॥"

রামব্রহ্ম স্থামী কহিলেন, মহারাজ! এই কনাটী লইয়া আমি
নীলগিরি প্রতে লুকাইয়া রাখিয়াছিলাম। কন্যার নাম রাজ্ধানীতে
মহালক্ষ্মী ছিল, আমি পূর্ণশশী নাম দিয়াছি। আমার নিজের নামও
গোপন করিয়া সদাশিব ব্রহ্মচারী নামে পরিচয় দিতাম। ভূধর
মিশ্রানামে একজন নির্মোটি ব্রাহ্মণ বিজয়পুরের রাজ্যভায় থাকিতেন, তাঁহাকেও আমি সঙ্গে লইয়াছিলাম, তাঁহাকেও মহারাজ
চিনিতে পারিবেন। তিনি একবার যবনের পদানত হইবার জন্য
দিল্লীর দরবারে পলায়ন করিয়াছিলেন। সেই ভয়ে আমি তাঁহাকে
বনবাসে লইয়া গিয়াহিলাম। তাঁহার নাম নিত্যকামী রাখিয়াছি।
তিনিও রাজকন্যার সহিত এই রাজধানীতে আসিয়াছেন। কুমার
শশীক্রশেথর তীর্থমাত্রা করিলে প্রভাস্তে নীলগিরির গুহায় আশ্রয়
লইয়াছিলেন। সেই সয়য় পূর্ণশশীর পাণিগ্রহণে তাঁহাকে প্রতিশ্রুত